যেরূপে দিবা ও রজনীযোগে সময় নিরূপণ পূর্ব্বক লগ্ননির্ণয় করা যায়, তাহা কথিত হইল। এইক্ষণ স্বরোদয়শাস্ত্রের মতানুসারে যেরূপে অভেদে দিবারাত্রির সময় নিরূপণ পূর্ব্বক লগ্ন নিরূপিত হইয়া থাকে, তাহাই বিবৃত হইতেছে।—

মানবদেহে যতপ্রকার নাড়ী বিদ্যমান আছে, তন্মধ্যে ইড়া, পিঙ্গলা ও সুষুম্না এই তিনটাই সর্ব্বপ্রধান। মেরুদণ্ডের বাহ্য প্রদেশের বামদিকে ইড়া, দক্ষিণে পিঙ্গলা এবং মধ্যদেশে (মেরুদণ্ডের মধ্যভাগে) সুষুম্না অবস্থিত। এই নাড়ীত্রয় দ্বারাই শ্বাসপ্রশ্বাসের কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে। ঐ শ্বাসপ্রশ্বাস জোয়ার ভাটার ন্যায় চন্দ্র সূর্য্যের আকর্ষণে ও তিথি অনুসারে যথানিয়মে ইড়া অর্থাৎ বাম নাসাপুট, পিঙ্গলা অর্থাৎ দক্ষিণ নাসাপুট মধ্যে প্রথমত সূর্য্যোদয়কালে উদিত হইয়া এক এক নাসিকায় আড়াই দণ্ড কাল করিয়া স্থিত হয়; সুতরাং দিবারাত্রিতে ৬০ ষষ্টিদণ্ডের মধ্যে উভয় নাসিকায় চব্বিশবার সংক্রমণ হইয়া থাকে। ঐ আড়াই দণ্ড কাল যখন কোন নাসিকার মধ্যে শ্বাসপ্রশ্বাস বহন হয়, তৎকালে পৃথ্বী, জল, অগ্নি, বায়ু, আকাশ এই পঞ্চতত্ত্বের উদয় হইয়া থাকে। এইক্ষণ শুক্ল ও কৃষ্ণপক্ষ ভেদে কোন্ কোন্ তিথিতে সূর্য্যোদয়ের সহিত সর্ব্বাগ্রে কোন্ কোন্ নাসিকায় শ্বাসের উদয় হয়, কিরূপে পঞ্চতত্ত্বের উদয় হইয়া থাকে এবং পঞ্চতত্ত্বের লক্ষণই বা কিরূপ তাহা কথিত হইতেছে।

আদৌ চন্দ্রঃ সিতে পক্ষে ভাস্করস্তু সিতেতরে। প্রতিপত্তো দিনান্যাহুঃ ত্রীণি ত্রীণি ক্রমোদয়ে॥ সার্দ্ধদ্বিঘটিকা জ্ঞেয়া শুক্লে কৃষ্ণে শশী রবিঃ। বহত্যেকদিনেনৈব যথাষষ্টিঘটিক্রমাৎ॥ বহেত্তাবান্ ঘটীমধ্যে পঞ্চতত্ত্বানি নির্দ্দিশেৎ॥

শুক্লপক্ষে চন্দ্রনাড়ী অর্থাৎ বামনাসিকাশ্বাস ও কৃষ্ণপক্ষে সূর্য্যনাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকাশ্বাস প্রতিপৎ অবধি তিন তিন দিন করিয়া ক্রমে ক্রমে উদিত হয়। সমস্ত অহোরাত্রে ষষ্টিদণ্ডে শুক্লপক্ষে চন্দ্রনাড়ী ও কৃষ্ণপক্ষে সূর্য্যনাড়ী আড়াইদণ্ড করিয়া ক্রমে উদিত হইয়া থাকে। এইরূপ পৃথ্বী, জল, অগ্নি, বায়ু আকাশ এই পাঁচ তত্ত্ব সমস্ত দিবারাত্রে ষষ্টিদণ্ডমধ্যে প্রতি আড়াই দণ্ডে এক এক নাসিকায় উদিত থাকে।

স্পষ্টার্থ—শুক্লপক্ষের প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, সপ্তমী, অষ্টমী, নবমী, ত্রয়োদশী, চতুর্দ্দশী ও পূর্ণিমা তিথিতে আর কৃষ্ণপক্ষের চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, দশমী, একাদশী ও দ্বাদশী তিথিতে সূর্য্যোদয়কালে প্রথমে ইড়া অর্থাৎ বামনাসাপুটে বায়ুবহন আরম্ভ হইয়া আড়াই দণ্ড স্থিতি করে, তৎপরে পিঙ্গলা অর্থাৎ দক্ষিণ নাসাপুটে বায়ুবহন আরম্ভ হইয়া বেলা পাঁচ দণ্ড পর্য্যন্ত স্থিত হয়। তদনন্তর ঐরূপ পর্য্যায়ক্রমে বাম ও দক্ষিণ নাসাপুটের মধ্যে শ্বাস বহন হইয়া থাকে। এইরূপে উভয় নাসিকায় চব্বিশবার সংক্রমণে ৬০ দণ্ড অর্থাৎ

২৪ ঘণ্টা ভোগ হইয়া থাকে। ঐরূপ কৃষ্ণপক্ষের প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, সপ্তমী, অষ্টমী, নবমী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, অমাবাস্যা এবং শুক্লপক্ষের চতুর্থী পঞ্চমী, ষষ্ঠী, দশমী, একাদশী ও দ্বাদশী তিথিতে সূর্য্যোদয়কালে প্রথমতঃ দক্ষিণ নাসাপুটে শ্বাস বহন আরম্ভ হইয়া আড়াই দণ্ড কাল স্থিতি করে; তৎপরে বামনাসিকায় শ্বাস বহন আরম্ভ হইয়া বেলা ৫ দণ্ড পর্য্যন্ত স্থিত হয়, তদনন্তর ঐরূপ পর্য্যায়ক্রমে দক্ষিণ ও বাম নাসাপুটে শ্বাস বহন হইয়া থাকে। এই প্রকারে এক এক নাসিকাপুটমধ্যে দ্বাদশবার করিয়া উভয় নাসিকায় ৬০ দণ্ড মধ্যে ২৪ বার সংক্রমণ হয়। মানবদেহে ২৪ ঘণ্টামধ্যে নিশ্বাস-প্রশ্বাসের ঐরূপ ২৪ বার সংক্রমণ দৃষ্টেই ঘড়ীর সৃষ্টি হইয়াছে।

দণ্ডনিরূপণ কথিত হইল। এইক্ষণ পলগণনার প্রণালী বিবৃত হইতেছে।—এক নাসিকায় আড়াই দণ্ড করিয়া শ্বাসের উদয় হয় এবং ঐ আড়াই দণ্ডের মধ্যেই পৃথ্বী, জল, অগ্নি, বায়ু, আকাশ এই পঞ্চতত্ত্বের উদয় হইয়া থাকে। তন্মধ্যে পৃথ্বীতত্ত্ব ৫০ পল, (২০ মিনিট) জলতত্ত্ব ৪০ পল, (১৬ মিনিট) অগ্নিতত্ত্ব ৩০ পল, (১২ মিনিট) বায়ুতত্ত্ব ২০ পল, (৮ মিনিট) এবং আকাশতত্ত্ব ১০ পল (৪ মিনিট) অবস্থিত থাকে। এই সংক্রমণ দ্বারা যোগী ও স্বরসাধকগণ দিবারাত্রি মধ্যে সময় নিরূপণ পূর্ব্বক সহজে লগ্ন-নির্ণয় করিয়া থাকেন। যেরূপে ঐ পঞ্চতত্ত্ব পরিজ্ঞাত হওয়া যায়, তাহা নিম্নে কথিত হইতেছে।

মধ্যে পৃথ্বী হ্যধশ্চাপশ্চোর্দ্ধং বহতি চানলঃ। তির্য্যগ্ বায়ুপ্রচারশ্চ নভো বহতি সংক্রমে॥ অষ্টাঙ্গুলং বহেদ্বায়ুরনলশ্চতুরঙ্গুলং। দ্বাদশাঙ্গুলং মাহেয়ং ষোড়শাঙ্গুলং বারুণং॥ মাহেয়ং মধুরং স্বাদু কষায়ং জলমেব চ। তিক্তং তেজশ্চ বায়ম্লং আকাশং কটুকং তথা॥ আপঃ শ্বেতাঃ ক্ষিতিঃ পীতা রক্ত-বর্ণহুতাশনঃ। মারুতে নীলজীমূত আকাশং ভূরিবর্ণকং॥ দর্পণেন সমালোক্য শ্বাসং তত্র বিনিক্ষিপেৎ। আকারস্তু বিজানীয়াৎ তত্ত্বভেদং বিচক্ষণঃ। চতুরস্রং চার্দ্ধচন্দ্রং ত্রিকোণং বর্ত্তুলং স্মৃতং। বিন্দুভিস্তু নভো জ্ঞেয়মাকারৈস্তত্ত্বলক্ষণং॥

পৃথ্বীতত্ত্বের লক্ষণ।

নাসিকারন্ধ্রের ঠিক মধ্যস্থান দিয়া অর্থাৎ ঐ নাসিকার অন্য কোন পার্শ্বে না ঠেকিয়া শ্বাস বহন হইবে। ঐ শ্বাস মাপিলে দ্বাদশাঙ্গুলি পরিমাণে নির্গম হইবে। তৎকালে গলাতে মধুর রস উৎপন্ন হইবে এবং কেবল পীতবর্ণ মনে উদ্ভব কিম্বা কোন প্রকরণ করিলে পীতবর্ণ দর্শন হইবে। উত্তম দর্পণে নিশ্বাস নিক্ষেপ করিলে চতুষ্কোণ এবং পীতবর্ণ দৃষ্ট হইবে।

জলতত্ত্বের লক্ষণ।

ইহার গতি অধোগামী অর্থাৎ নাসিকাপুটের নিম্নভাগে ঠেকিয়া শ্বাস বহন হইবে। শ্বাস মাপিলে পরিমাণে ১৬ অঙ্গুলি হইবে। গলাতে কষায় রস অনুভব হইবে। দর্পণে নিশ্বাস ত্যাগ করিলে অর্দ্ধচন্দ্রাকৃতি ও শ্বেতবর্ণ দৃষ্ট হইবে। মনে শ্বেতবর্ণের উদয় কিম্বা কোন প্রকরণ করিলে শ্বেতবর্ণ দৃষ্ট হইবে।

অগ্নিতত্ত্বের লক্ষণ।

ঊর্দ্ধগামী গতি, অর্থাৎ নাসিকাপুটের উপরিভাগে শ্বাস বহন হইবে। ঐ শ্বাস মাপিলে পরিমাণে চতুরঙ্গুলি হইবে। গলাতে তিক্তরসের উদ্ভব হইবে। দর্পণে নিশ্বাস ত্যাগ করিলে ত্রিকোণাকার ও রক্তবর্ণ দৃষ্ট হইবে। আড়াই দণ্ড মধ্যে ৩০ পল ঐ ভাবে স্থিতি থাকিবে এবং মনে রক্তবর্ণের উদয় হইবে ও কোন প্রকরণ করিলে রক্তবর্ণ দৃষ্ট হইবে।

বায়ুতত্ত্বের লক্ষণ।

বায়ুতত্ত্বের গতি তির্য্যগ্‌গামী অর্থাৎ নাসাপুটমধ্যে তির্য্যক্‌রূপে পার্শ্বে ঠেকিয়া বহন হয়। ঐ বায়ু মাপিলে পরিমাণে অষ্টাঙ্গুল হইবে। গলাতে অম্বলরসের উৎপত্তি হইবে। দর্পণে শ্বাস নিক্ষেপ করিলে গোলাকৃতি ও শ্যামবর্ণ কিম্বা নীলবর্ণ দৃষ্ট হইবে।

আকাশতত্ত্বের লক্ষণ।

আকাশতত্ত্বের গতি সর্ব্বব্যাপী অর্থাৎ নাসাপুটের সর্ব্বস্থান দিয়া বায়ু নির্গম হয়। সর্ব্বগামী বিধায় ইহার পরিমাণ করা যায় না। গলাতে কটুরসের উদ্ভব হয়, দর্পণে নিশ্বাস নিক্ষেপ করিলে বিন্দু বিন্দু নানাপ্রকার বর্ণ দৃষ্ট হয় এবং মনে মিশ্রিত বর্ণের উদয় হইয়া থাকে।

দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা ১৮ দণ্ডের সময় কোন বালকের জন্ম হইলে উক্ত স্বরোদয়মতে যেরূপে সময় গণনা করিতে হয়, তাহা বলা যাইতেছে। ঐ ১লা বৈশাখ কৃষ্ণপক্ষের ষষ্ঠী তিথি, এজন্য সূর্য্যোদয়ের সহিত বামনাসাপুটে শ্বাসের উদয় হইয়া আড়াই দণ্ড কাল স্থিত হয়, তৎপর দক্ষিণ নাসিকায় ঐরূপ উদয় হইয়া বেলা ৫ দণ্ড পর্য্যন্ত স্থিত থাকে; তদনন্তর পুনরায় বামনাসিকায় উদয় হইয়া বেলা ১৫ দণ্ড পর্য্যন্ত এবং তৎপর বেলা ১৭॥ দণ্ড পর্য্যন্ত দক্ষিণ নাসাপুটে স্থিত থাকিবে। তৎপরে পুনরায় বামনাসিকায় শ্বাস

* মৎপ্রকাশিত পবনবিজয়স্বরোদয় নামক পুস্তকে স্বরোদয়শাস্ত্র সবিস্তার লিখিত আছে।

বহিতে আরম্ভ হয়, তন্মধ্যে পৃথ্বীতত্ত্ব ৫০ পল উদিত থাকিবে ; কিন্তু দেখা যাইতেছে যে, ঐ পৃথ্বীতত্ত্বের ৩০ পল পর্য্যন্ত উদিত হইয়াছে, এইরূপে ১৮ দণ্ড কাল স্বীয় নাসিকায় পর্য্যায়-ক্রমে শ্বাসের উদয় দেখিয়া এবং তন্মধ্যে কোন্ তত্ত্বের উদয় হইয়াছে, তাহা পরিজ্ঞাত হইয়া সময় নিরূপণ করিবে। যাহাদিগের দেহ অসুস্থ ও সর্ব্বদা সর্দ্দি প্রভৃতিতে কাতর, তাহা-দিগের শ্বাস যথানিয়মে প্রবাহিত হয় না ; সুতরাং তাহারা এই মতে সময় নিরূপণ করিতে সক্ষম নহেন। যোগী প্রভৃতিরা আহারের ব্যবস্থা ও স্বরসাধন দ্বারা এইরূপে সময় নিরূপণ করিতে সক্ষম হইয়া থাকেন। অপরের পক্ষে ইহা নিতান্ত কঠিন, তথাপি এই শাস্ত্র দ্বারা যে সময় নিরূপণ হইতে পারে, তাহা অবগত করাইবার জন্য এস্থলে লিখিত হইল। সময় নিরূপণ হইলে পূর্ব্বপ্রক্রিয়ামতে ঐ ১৮ দণ্ড সময় কর্কট লগ্নের উদয় হয়।

কোন বালক জন্মগ্রহণ করিলে কোন্ লগ্নে, কোন্ হোরায়, কোন্ দ্রেক্কাণে, কোন্ নবাংশে, কোন্ দ্বাদশাংশে এবং কোন্ ত্রিংশাংশে তাহার জন্ম হইয়াছে, যেরূপে তাহা গণনা করিতে হয়, তাহার দৃষ্টান্ত নিম্নে লিখিত হইতেছে।—

মনে কর, ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা ২০ দণ্ড সময়ে কোন বালকের জন্ম হই-য়াছে, তাহার লগ্নাদি গণনা করিতে হইবে। বৈশাখ মাসে রবি মেষ রাশিতে অবস্থিত করেন ; সুতরাং বৈশাখ মাসে প্রত্যহ সূর্য্যোদয়কালে মেষলগ্নের উদয় হইয়া থাকে। মেষ-লগ্নের মান ৪ দণ্ড ৭ পল ৪৯ বিপল ও ১২ অনুপল। মনে কর ১লা বৈশাখে ৪ পল ১৩ বিপল ২৩ অনুপল ও ১২ প্রত্যনুপল রবিভুক্তি। মেষলগ্নমান ৪।৭।৪৯।১২ দণ্ডাদি হইতে ঐ রবিভুক্তি বিয়োগ করিলে ৪ দণ্ড ৩ পল ৩৫ বিপল ২৮ অনুপল ৪৮ প্রত্যনুপল হয় ; সুতরাং জানা গেল যে, ঐ কাল পর্য্যন্ত মেষলগ্ন স্থিত থাকিবে। তৎপরে বৃষলগ্নের উদয় হইবে। বৃষলগ্নের মান ৪ দণ্ড ৫১ পল ২১ অনুপল ৩৬ প্রত্যনুপলকে মেষলগ্নমান ৪ দণ্ড ৩ পল ৩৫ বিপল ২৮ অনুপল ৪৮ প্রত্যনুপলের সহিত যোগ করিলে ৮ দণ্ড ৫৪ পল ৩৫ বিপল ৫০ অনুপল ২৪ প্রত্যনুপল হয় ; ঐ কাল পর্য্যন্তই বৃষলগ্নের স্থিতি জানিবে। তৎপরে মিথুনলগ্নের উদয় হয়, মিথুনলগ্নমান ৫ দণ্ড ২৯ পল ৩৫ বিপল ৪৫ অনুপল ৩৬ প্রত্যনুপলকে উক্ত বৃষলগ্নমান ৮ দণ্ড ৫৪ পল ৩৫ বিপল ৫০ অনুপল ২৪ প্রত্যনুপলের সহিত যোগ দিলে যে, ১৪ দণ্ড ২৪ পল ১১ বিপল ৩৬ অনুপল হয়, ইহাই মিথুনের স্থিতি-কাল স্থির হইতেছে। অনন্তর কর্কট লগ্নের উদয় হইবে ; কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে উক্ত মিথুনলগ্নমান ১৪ দণ্ড ২৪ পল ১১ বিপল ৩৬ অনুপলের সহিত যোগ করিলে যে ২০ দণ্ড ৪ পল ৫৩ বিপল ১৪ অনুপল ২৪ প্রত্যনু-পল হইল, এই সময় পর্য্যন্তই কর্কটের স্থিতি জানিতে হইবে ; সুতরাং জানা যাইতেছে যে, উক্ত বালক কর্কট লগ্নের ৪ পল, ৫৩ বিপল, ১৪ অনুপল, ২৪ প্রত্যনুপল অবশিষ্ট থাকিতে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ হোরাতে ঐ বালক জন্মগ্রহণ করিয়াছে জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড, ৪০ পল, ৪১ বিপল, ৩৮ অনুপল, ২৪ প্রত্যনুপলকে ২ দ্বারা ভাগ করিতে হইবে। উহাকে দুই ভাগ করিলে প্রথম ভাগে ২ দণ্ড ৫০ পল ২০ বিপল ৪৯ অনু-পল ১২ প্রত্যনুপল হয়; এক্ষণ দেখা যাইতেছে যে, ২ দণ্ড ৫০ পল ২০ বিপল ৪৯ অনুপল ১২ প্রত্যনুপল পরে ঐ বালকের জন্ম হইয়াছে; সুতরাং জানা গেল যে, উক্ত বালক কর্কটলগ্নের দ্বিতীয় হোরাতে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ দ্রেক্কাণে ঐ বালকের জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ৩ ভাগে বিভক্ত করিতে হইবে। উহাকে ৩ দ্বারা ভাগ করিলে প্রথম ভাগের মান ১ দণ্ড ৫৩ পল ৩৩ বিপল ৫২ অনুপল ৪৮ প্রত্যনুপল হয়। ইহার সহিত দ্বিতীয় ভাগের মান ১ দণ্ড ৫৩ পল ৩৩ বিপল ৫২ অনুপল ৪৮ প্রত্যনুপল যোগ করিলে ৩ দণ্ড ৪৭ পল ৭ বিপল ৪৫ অনুপল ৩৬ প্রত্যনুপল হইল। এক্ষণ দেখা যাইতেছে যে, ঐ সময়ের পরে উক্ত বালকের জন্ম হইয়াছে, সুতরাং স্থির হইল যে, উক্ত বালক কর্কটলগ্নের তৃতীয় দ্রেক্কাণে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ নবাংশে ঐ বালকের জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ৯ দ্বারা ভাগ করিতে হইবে। উহাকে নয় ভাগ করিলে প্রথম ভাগের মান ৩৭ পল ৫১ বিপল ১৭ অনুপল ৩৬ প্রত্যনুপল হয়। এই প্রথম ভাগের সহিত অষ্টম ভাগের মান পর্য্যন্ত যোগ করিলে ৫ দণ্ড ২ পল ৫০ বিপল ২০ অনুপল ৪৮ প্রত্যনুপল হইল। এক্ষণ দেখা যাই-তেছে যে, ঐ সময়ের পরে বালকের জন্ম হইয়াছে, সুতরাং জানা যাইতেছে যে, ঐ বালক কর্কটলগ্নের নবম নবাংশে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ দ্বাদশাংশে ঐ বালকের জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ২৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ১২ দ্বারা ভাগ করিতে হইবে। উহাকে বার ভাগ করিলে প্রথম দ্বাদশাংশে ২৮ পল ২৩ বিপল ২৮ অনু-পল ১২ প্রত্যনুপল হয়। এই প্রথম দ্বাদশাংশের সহিত যথাক্রমে একাদশ দ্বাদশাংশমান যোগ করিলে ৫ দণ্ড ১২ পল ১৮ বিপল ১০ অনুপল ১২ প্রত্যনুপল হয়। এক্ষণ দেখা যাইতেছে যে, এই সময়ের পরে ঐ বালকের জন্ম হইয়াছে, সুতরাং জানা গেল যে, ঐ বালক কর্কটলগ্নের শেষ দ্বাদশাংশে জন্মগ্রহণ করিয়াছে।

কর্কটলগ্নের কোন্ ত্রিংশাংশে উক্ত বালকের জন্ম হইয়াছে জানিতে হইলে, কর্কটলগ্ন-মান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ৩০ দ্বারা ভাগ করিলে প্রথম ত্রিংশাংশে ৫ পল ৪০ বিপল ৪১ অনুপল ৪৮ প্রত্যনুপল ২৪ অতিপ্রত্যনুপল হয়।

এই প্রথম ত্রিংশাংশের সহিত ২৯ ত্রিংশাংশ পর্য্যন্ত যোগ করিলে ৫ দণ্ড ২৯ পল ২০ বিপল ১৫ অনুপল ৭ প্রত্যনুপল ১২ অতিপ্রত্যনুপল হয়। এইক্ষণ দেখা যাইতেছে যে, এই সময়ের পরে উক্ত বালক জন্মগ্রহণ করিয়াছে; সুতরাং জানা যাইতেছে যে, কর্কটলগ্নের শেষ ত্রিংশাংশে ঐ বালকের জন্ম হইয়াছে।

ইংরাজী ঘণ্টানুসারে কোন্ লগ্ন কতক্ষণ অবস্থিত থাকে, তাহা গণনার দৃষ্টান্ত নিম্নে প্রদর্শিত হইতেছে।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা ১ ঘটিকার সময় কোন্ লগ্ন উদিতাবস্থায় আছে, তাহা জানিতে হইলে দেখিতে হইবে যে, ১লা বৈশাখ মেষলগ্নের উদয় হইয়াছে, ঐ লগ্নের মান ১ ঘণ্টা ৩৯ মিনিট ৭ সেকেণ্ড ৪০ থার্ড ৪৮ ফোর্থ। মনে কর, ঐ দিবসের রবিভুক্তি ১ মিনিট ৪১ সেকেণ্ড ২১ থার্ড ১৬ ফোর্থ ৪৮ ফিপ্‌থ্। এই রবিভুক্তি মেষলগ্নমান হইতে বিয়োগ করিলে ১ ঘণ্টা ৩৭ মিনিট ২৬ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্‌থ্ হইল। ঐ ১লা বৈশাখ সূর্য্য ৫ ঘণ্টা ৪৬ মিনিট ৪৯ সেকেণ্ড গতে উদয় হইবে। ঐ ৫ ঘণ্টা ৪৬ মিনিট ৪৯ সেকেণ্ডের সহিত রবিভুক্তিহীন মেষলগ্নমান ১ ঘণ্টা ৩৭ মিনিট ২৬ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্‌থ্ যোগ করিলে ৭ ঘণ্টা ২৪ মিনিট ১৫ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্‌থ্ হইল, অতএব জানা যাইতেছে যে, ঐ সময় পর্য্যন্ত মেষলগ্নের স্থিতি রহিয়াছে। পরে ঐ ৭ ঘণ্টা ২৪ মিনিট ১৫ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্‌থের সহিত বৃষলগ্নমান ১ ঘণ্টা ৫৬ মিনিট ২৪ সেকেণ্ড ৮ থার্ড ৩৮ ফোর্থ ২৪ ফিপ্‌থ্ যোগ করিলে যে ৯ ঘণ্টা ২০ মিনিট ৩০ সেকেণ্ড ২৮ থার্ড ৯ ফোর্থ ৩৬ ফিপ্‌থ হয়, ঐ সময় পর্য্যন্তই বৃষলগ্নের স্থিতি জানিতে হইবে। পরে উহার সহিত মিথুনলগ্নমান ২ ঘণ্টা ১১ মিনিট ৫০ সেকেণ্ড ১৮ থার্ড ১৪ ফোর্থ ২৪ ফিপ্‌থ যোগ করিয়া ১১ ঘণ্টা ৩২ মিনিট ২৯ সেকেণ্ড ৪৬ থার্ড ২৪ ফোর্থ হইল, সুতরাং জানা যাইতেছে যে, ঐ সময় পর্য্যন্তই মিথুনলগ্ন অবস্থিতি করিবে। অনন্তর মিথুনলগ্নমানের সহিত কর্কটলগ্নমান ২ ঘণ্টা ১৬ মিনিট ১৬ সেকেণ্ড ৩৯ থার্ড ২১ ফোর্থ ৩৬ ফিপ্‌থ যোগ দিয়া ১ ঘণ্টা ৪৮ মিনিট ৪৬ সেকেণ্ড ২৫ থার্ড ৪৫ ফোর্থ ৩৬ ফিপ্‌থ হইল; সুতরাং জানা যাইতেছে যে, বেলা ১ টার সময় কর্কটলগ্ন অবস্থিতি করিতেছে। যদি সমস্ত দিনরাত্রের তালিকা প্রস্তুত করিয়া রাখিতে ইচ্ছা হয়, তাহা হইলে ঐরূপ পর পর লগ্নমান যোগ করিয়া লগ্ন নির্ণয় করিতে হইবে। পূর্ব্বে যেরূপে দণ্ডপলাদি দ্বারা লগ্নের হোরা দ্রেক্কাণ প্রভৃতি নির্ণীত হইয়াছে, সেইরূপ ঘণ্টা-মিনিটাদি দ্বারাও নির্ণয় করা যায়।

দণ্ডপলাদি দ্বারা যেরূপে লগ্ননিরূপণ করিতে হয়, তাহা দৃষ্টান্তসহ কথিত হইল। এইক্ষণ সূক্ষ্ম গণনার জন্য অংশকলাদি দ্বারা যেরূপে লগ্ননিরূপণ করিতে হয়, তাহা কথিত হইতেছে।

লগ্ননিরূপণ করিতে হইলে যেরূপ অগ্রে সময় নির্ণয়ের আবশ্যক, তদ্রূপ সময় নিরূপণ করিতে হইলে দিনমান নির্ণয় করিতে হয়, অতএব দিনমান নির্ণয় বিবৃত হইতেছে।

অথ দিনমানানয়নম্।

খং ০ খাগ্নী ৩০ যুগশায়কৌ ৫৪ যুগরসৌ ৬৪ বেদেষবঃ ৫৪ খাগ্নয়-
শ্ছায়া (৫। ১০) ঘ্নাঃ খনবো ৯০ হৃতাঃ খদহনৈ ৩০ র্যুক্তা দ্যমানানি ষট্।
স্পষ্টার্কাদয়নাংশযুক্তবিযুতাৎ শূন্যক্রমাৎ ষষ্টি ত ৬০
শ্চেৎ শুদ্ধান্যপরাণি ষট্ তদপরাণ্যত্রানুপাতাৎ পুনঃ।

বৈশাখ ৩০।০, জ্যৈষ্ঠ ৩১।৪৪, আষাঢ় ৩৩।৬, শ্রাবণ ৩৩।৪০, ভাদ্র ৩৩।৬, আশ্বিন ৩১।৪৩, কার্ত্তিক ৩০।০, অগ্রহায়ণ ২৮।১৭, পৌষ ২৬।৫৪, মাঘ ২৬।২০, ফাল্গুন ২৬।৫৬, চৈত্র ২৮।১৭।

দিনমানানয়ন।

অধুনা দ্বাদশ মাসের প্রতি দিবসীয় দিনমান কিরূপে আনিতে হয়, তাহা কথিত হইতেছে। প্রথমত রবিস্ফুট করিবে, যদি ঐ রবির স্ফুট অয়নাংশযুক্ত হয়, তবে তাহা হইতে অয়নাংশ হীন করিলে শূন্য সময়ের অর্থাৎ বিষুব সংক্রান্তির রবির স্ফুট হইবে। তাহা হইতে আরম্ভ করিয়া ক্রমশ ছয় মাসের ছয় সংক্রান্তি দিবসের অর্থাৎ বৈশাখ মাসে বিষুবসংক্রান্তি দিবসীয় ০ শূন্য, জ্যৈষ্ঠমাসের সংক্রান্তি দিবসীয় ৩০ ত্রিশ, আষাঢ় মাসের সংক্রান্তি দিবসীয় ৫৪ চুয়ান্ন, শ্রাবণ মাসের সংক্রান্তি দিবসীয় ৬৪ চোষট্টি, ভাদ্র মাসের সংক্রান্তি দিবসীয় ৫৪ চুয়ান্ন, আশ্বিন মাসের সংক্রান্তি দিবসীয় ৩০ ত্রিশ, এই ছয়টি অঙ্ককে বিষুবের মধ্যাহ্নচ্ছায়া ৫।১০ দ্বারা পূরণ করিয়া ৯০ নব্বই দিয়া বিভক্ত করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহাতে ৩০ ত্রিশ যোগ করিলে যে অঙ্ক হইবে, সেই দণ্ডাদিই যথাক্রমে উক্ত বিষুবসংক্রান্তি প্রভৃতি ছয় সংক্রান্তি দিবসের দিনমান হইবে। অপর যে ছয়টি সংক্রান্তি বাকি থাকিল, তাহার দিনমান এইরূপে জানিতে হইবে যে, উক্ত ছয় সংক্রান্তি দিবসের দিনমান ৬০ হইতে বিযুক্ত করিলে যাহা অবশেষ থাকিবে, তাহাই যথাক্রমে কার্ত্তিকাদি ছয় মাসের সংক্রান্তি দিবসের দিনমান হইবে। যে যে দেশে দ্বাদশ অঙ্গুলিপরিমিত শঙ্কুর ৫ পঞ্চাঙ্গুল ১০ দশব্যঙ্গুল মধ্যাহ্নচ্ছায়া হয়, সেই দেশের দিনমান আনয়ন করা হইতেছে। যথা বৈশাখ মাসের বিষুবসংক্রান্তি দিবসীয় দিনমান ৩০ ত্রিশ দণ্ড হয়, ঐ ৩০ দণ্ডকে ৬০ ষাট দণ্ড হইতে হীন করিলে যে ত্রিশ অবশিষ্ট থাকিবে, তাহাই কার্ত্তিকমাসের সংক্রান্তি দিবসের দিনমান হইবে। জ্যৈষ্ঠ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩১।৪৩ একত্রিশ দণ্ড তেতাল্লিশ পল হয়। ঐ অঙ্ক ষাট হইতে হীন করিলে যে ২৮।১৭ আটাশ দণ্ড সতের পল অবশিষ্ট থাকে, তাহাই অগ্রহায়ণ

মাসের সংক্রান্তি দিবসের দিনমান হয়। আষাঢ় মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩৩।৬ তেত্রিশ দণ্ড ছয় পল। ষাট হইতে ঐ অঙ্ক হীন করিলে যে ২৬।৫৪ ছাব্বিশ দণ্ড চুয়ান্ন পল অবশিষ্ট থাকিবে, তাহাই পৌষ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইবে। শ্রাবণ মাসের সংক্রান্তি দিবসের দিনমান ৩৩।৪০ তেত্রিশ দণ্ড চল্লিশ পল হয়। ষাট দণ্ড হইতে উহা হীন করিলে যে ২৬।২০ ছাব্বিশ দণ্ড বিংশতিপল অবশিষ্ট থাকিবে, তাহা মাঘ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইবে। ভাদ্র মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩৩।৬ তেত্রিশ দণ্ড ছয় পল। উহা ষাট হইতে বিয়োগ করিলে ২৬।৫৪ ছাব্বিশ দণ্ড চুয়ান্ন পল শেষ থাকে। এজন্য ফাল্গুন মাসের সংক্রান্তি দিবসের ঐ ২৬ দণ্ড ৫৪ পল দিনমান হইয়া থাকে। আশ্বিন মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩১।৪৩ একত্রিশ দণ্ড তেতাল্লিশ পল। ঐ অঙ্ক ষাট হইতে হীন করিলে যে ২৮।১৭ আটাশ দণ্ড সতের পল শেষ থাকে। সেই ২৮ দণ্ড ১৭ পল চৈত্র মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইয়া থাকে। এই যে দিনমান লিখিত হইল, প্রত্যেক ছয়ষট্টি বৎসরে রবির এক অয়ন দিন হয়, এই নিয়মানুসারে এক্ষণে ৯ই চৈত্র দিবসে সূর্য্য বিষুবরেখায় আসেন এজন্য ঐ দিবসীয় দিনমান ৩০ দণ্ড হয়। আর আর সংক্রান্তি সেই সেই মাসের ৯ম দিবসে ঘটিতেছে। এক্ষণকার পঞ্জিকায় দৃষ্টি করিলেই, ঐ দিবসে উক্ত দিনমান দেখিতে পাওয়া যায়। সংক্রান্তি দিবসীয় দিনমান উক্ত হইল। তাহার মধ্যবর্ত্তী দিনগণের দিমমান কত হইবে, তাহা যেরূপে জানিতে পারা যায়, তাহার নিয়ম এই যে, মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান স্থির হইলে, তাহার পর দিবস হইতে আরম্ভ করিয়া পরবর্ত্তী সংক্রান্তি দিবসের পূর্ব্ব দিন পর্য্যন্ত গণনা করিয়া যত দিন দণ্ড হইবে, তাহা দ্বারা পূর্ব্ব সংক্রান্তি হইতে পর সংক্রান্তি পর্য্যন্ত যে দণ্ডাদি বৃদ্ধি হয়, তাহাকে ত্রৈরাশিক দ্বারা পর পর দিবসের দিনমান স্থির করিয়া লইবে।

দিনার্দ্ধমান ও রাত্র্যর্দ্ধমান গণনার টেবিল।

দিনার্দ্ধমান ও রাত্র্যর্দ্ধমান গণনার দুইটী টেবিল নিম্নে লিখিত হইল, তাহার ১ নং টেবিলে দিনার্দ্ধমান এবং ২ নং টেবিলে রাত্র্যর্দ্ধমান লিখিত হইল। এই টেবিলদ্বয়ে ১৩টী স্তম্ভ অঙ্কিত করা হইয়াছে। ইহার প্রথম স্তম্ভে যথাক্রমে নীচে নীচে ০ হইতে ৩০ পর্য্যন্ত অংশ এবং দ্বিতীয় স্তম্ভের উপরে মেষ, তৃতীয় স্তম্ভের উপরে বৃষ, চতুর্থ স্তম্ভে মিথুন, পঞ্চম স্তম্ভে কর্কট, ষষ্ঠ স্তম্ভে সিংহ, সপ্তম স্তম্ভে কন্যা, অষ্টম স্তম্ভে তুলা, নবম স্তম্ভে বৃশ্চিক, দশম স্তম্ভে ধনু, একাদশ স্তম্ভে মকর, দ্বাদশ স্তম্ভে কুম্ভ এবং ত্রয়োদশ স্তম্ভের উপরিভাগে মীন রাশি বিন্যস্ত হইয়াছে, ঐ সকল স্তম্ভে যথাক্রমে ১ হইতে ৩০ অংশের দিনার্দ্ধমানের এবং রাত্র্যর্দ্ধমানের ঘণ্টা ও মিনিটের সংখ্যা লিখিত হইল।

১নং	মেষ ♈		বৃষ ♉		মিথুন ♊		কর্কট ♋		সিংহ ♌		কন্যা ♍	
অংশ	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,
০	৬	০	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯
১	৬	১	৬	২০	৬	৩৬	৬	৪২	৬	৩৫	৬	১৯
২	৬	১	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৩	৬	২	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৪	৬	২	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৭
৫	৬	৩	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৬	৬	৪	৬	২৩	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৭	৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৫
৮	৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৪
৯	৬	৬	৬	২৫	৬	৩৮	৬	৪১	৬	৩১	৬	১৪
১০	৬	৭	৬	২৫	৬	৩৯	৬	৪১	৬	৩১	৬	১৩
১১	৬	৭	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
১২	৬	৮	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
১৩	৬	৯	৬	২৭	৬	৩৯	৬	৪০	৬	২৯	৬	১১
১৪	৬	৯	৬	২৭	৬	৪০	৬	৪০	৬	২৯	৬	১১
১৫	৬	১০	৬	২৮	৬	৪০	৬	৪০	৬	২৮	৬	১০
১৬	৬	১১	৬	২৯	৬	৪০	৬	৪০	৬	২৭	৬	৯
১৭	৬	১১	৬	২৯	৬	৪০	৬	৩৯	৬	২৭	৬	৯
১৮	৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৮
১৯	৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৭
২০	৬	১৩	৬	৩১	৬	৪১	৬	৩৯	৬	২৫	৬	৭
২১	৬	১৪	৬	৩১	৬	৪১	৬	৩৮	৬	২৫	৬	৬
২২	৬	১৪	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
২৩	৬	১৫	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
২৪	৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২৩	৬	৪
২৫	৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
২৬	৬	১৭	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
২৭	৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	২
২৮	৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	১
২৯	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৬	৬	২০	৬	১
৩০	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯	৬	০

তুলা ♎		বৃশ্চিক ♏		ধনু ♐		মকর ♑		কুম্ভ ♒		মীন ♓	
ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,
৬	০	৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১
৫	৫৯	৫	৪০	৫	২৪	৫	১৮	৫	২৫	৫	৪১
৫	৫৯	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৫	৫৮	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৩
৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৫	৫৬	৫	৩৭	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৫
৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৬
৫	৫৪	৫	৩৫	৫	২২	৫	১৯	৫	২৯	৫	৪৬
৫	৫৩	৫	৩৫	৫	২১	৫	১৯	৫	২৯	৫	৪৭
৫	৫৩	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
৫	৫২	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
৫	৫১	৫	৩৩	৫	২১	৫	২০	৫	৩১	৫	৪৯
৫	৫১	৫	৩৩	৫	২০	৫	২০	৫	৩১	৫	৪৯
৫	৫০	৫	৩২	৫	২০	৫	২০	৫	৩২	৫	৫০
৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২০	৫	৩৩	৫	৫১
৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২১	৫	৩৩	৫	৫১
৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫২
৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫৩
৫	৪৭	৫	২৯	৫	১৯	৫	২১	৫	৩৫	৫	৫৩
৫	৪৬	৫	২৯	৫	১৯	৫	২২	৫	৩৫	৫	৫৪
৫	৪৫	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
৫	৪৫	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
৫	৪৯	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৭	৫	৫৬
৫	৪৪	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
৫	৪৩	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
৫	৪২	৫	২৬	৫	১৮	৫	২৪	৫	৩৯	৫	৫৮
৫	৪২	৫	২৬	৫	১৮	৫	২৪	৫	৩৯	৫	৫৯
৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৪	৫	৪০	৫	৫৯
৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১	৬	০

২নং	মেষ ♈		বৃষ ♉		মিথুন ♊		কর্কট ♋		সিংহ ♌		কন্যা ♍	
অংশ	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট,
০	৬	০	৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১
১	৫	৫৯	৫	৪০	৫	২৪	৫	১৮	৫	২৫	৫	৪১
২	৫	৫৯	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৩	৫	৫৮	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৪	৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৩
৫	৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৬	৫	৫৬	৫	৩৭	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৭	৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৫
৮	৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৬
৯	৫	৫৪	৫	৩৫	৫	২২	৫	১৯	৫	২৯	৫	৪৬
১০	৫	৫৩	৫	৩৫	৫	২১	৫	১৯	৫	২৯	৫	৪৭
১১	৫	৫৩	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
১২	৫	৫২	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
১৩	৫	৫১	৫	৩৩	৫	২১	৫	২০	৫	৩১	৫	৪৯
১৪	৫	৫১	৫	৩৩	৫	২০	৫	২০	৫	৩১	৫	৪৯
১৫	৫	৫০	৫	৩২	৫	২০	৫	২০	৫	৩২	৫	৫০
১৬	৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২০	৫	৩৩	৫	৫১
১৭	৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২১	৫	৩৩	৫	৫১
১৮	৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫২
১৯	৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫৩
২০	৫	৪৭	৫	২৯	৫	১৯	৫	২১	৫	৩৫	৫	৫৩
২১	৫	৪৬	৫	২৯	৫	১৯	৫	২২	৫	৩৫	৫	৫৪
২২	৫	৪৬	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
২৩	৫	৪৫	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
২৪	৫	৪৪	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৭	৫	৫৬
২৫	৫	৪৪	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
২৬	৫	৪৩	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
২৭	৫	৪২	৫	২৬	৫	১৯	৫	২৪	৫	৩৯	৫	৫৮
২৮	৫	৪২	৫	২৬	৫	১৯	৫	২৪	৫	৩৯	৫	৫৯
২৯	৫	৪১	৫	২৫	৫	১৯	৫	২৪	৫	৪০	৫	৫৯
৩০	৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১	৬	০

তুলা ♎		বৃশ্চিক ♏		ধনু ♐		মকর ♑		কুম্ভ ♒		মীন ♓	
ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট
৬	০	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯
৬	১	৬	২০	৬	৩৬	৬	৪২	৬	৩৫	৬	১৯
৬	১	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৬	২	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৬	৩	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৭
৬	৩	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৬	৪	৬	২৩	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৫
৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৪
৬	৬	৬	২৫	৬	৩৮	৬	৪১	৬	৩১	৬	১৪
৬	৭	৬	২৫	৬	৩৯	৬	৪১	৫	৩১	৬	১৩
৬	৭	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
৬	৮	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
৬	৯	৬	২৭	৬	৩৯	৬	৪০	৬	২৯	৬	১১
৬	৯	৬	২৭	৬	৪০	৬	৪০	৬	২৯	৬	১১
৬	১০	৬	২৮	৬	৪০	৬	৪০	৬	২৮	৬	১০
৬	১১	৬	২৯	৬	৪০	৬	৪০	৬	২৭	৬	৯
৬	১১	৬	২৯	৬	৪০	৬	৩৯	৬	২৭	৫	৯
৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৮
৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৭
৬	১৩	৬	৩১	৬	৪১	৬	৩৯	৬	২৫	৬	৭
৬	১৪	৬	৩১	৬	৪১	৬	৩৮	৬	২৫	৬	৬
৬	১৪	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
৬	১৫	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২৩	৬	৪
৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
৬	১৭	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	৩
৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	১
৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৬	৬	২০	৬	১
৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯	৬	০

এইক্ষণ যেরূপে ঐ টেবিল দৃষ্টে দিনার্দ্ধমান অবগত হওয়া যায়, তাহা কথিত হইতেছে।—

যে দিবসের দিনার্দ্ধমান অবগত হইতে ইচ্ছা হইবে. প্রথমতঃ সেই দিবসের সায়ন রবিস্ফুট গণনা করিয়া দেখিতে হইবে যে, ঐ দিবস রবি কোন্ রাশির কোন্ অংশে অবস্থিতি করিতেছেন। তাহা নির্ণয় করিয়া উপরোক্ত টেবিলের উপরিভাগে মেষাদি দ্বাদশ রাশির কোন্ স্তম্ভে ঐ রাশি অঙ্কিত আছে এবং উহা প্রথম স্তম্ভের লিখিত কোন্ অংশে সন্নিবেশিত তাহা দেখিতে হইবে। এই দুইটী স্থির করিয়া যে স্তম্ভে রবির স্থিতি রাশি দৃষ্ট হইবে, সেই স্তম্ভ হইতে নিম্নভাগে একটী সরলরেখা মনে মনে কল্পনা করিয়া টানিবে এবং প্রথম স্তম্ভের নির্ণীত অংশ হইতে ঐ টেবিলের দক্ষিণ দিকে ঐরূপে আর একটী রেখা মনে মনে কল্পনা করিয়া টানিলে ঐ দুইটী কল্পিত সরলরেখা পূর্ব্বোল্লিখিত স্তম্ভের যে স্থানে মিলিত হইবে, সেই স্থানে যত ঘণ্টা মিনিট লিখিত আছে, তাহাই সেই দিবসের দিনার্দ্ধমান হইবে। দিনার্দ্ধমান স্থির হইলেই সহজে দিনমান নির্ণয় হইতে পারিবে। এইরূপেই রাত্র্যর্দ্ধমানেরও গণনা করিতে হয়।

দৃষ্টান্ত।

ঐ টেবিল দৃষ্টে ১৮০৯ শকের ১লা বৈশাখের দিনার্দ্ধমান স্থির করিতে হইলে, প্রথমত ঐ দিবসের মধ্যাহ্নকালের সায়ন রবিস্ফুট নির্ণয় করিতে হইবে। মৎপ্রকাশিত পুনঃ সংস্কৃত এই ফলিত-জ্যোতিষের ১ম খণ্ডের ৪৩ পৃষ্ঠায় লিখিত আছে যে, ঐ দিনের সায়ন রবির স্ফুট মেষরাশির ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২৬ অনুকলা ৪ প্রত্যনুকলা। গণনার সুবিধার জন্য জ্যোতিষশাস্ত্রমতে কলার অঙ্ক ত্রিশের অধিক হইলে ১ অংশ ধরিয়া লইতে লইতে হয়। এজন্য পূর্ব্বোক্ত ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২৬ অনুকলা ৪ প্রত্যনু-কলা স্থানে ২২ অংশ গ্রহণ করা গেল। এইক্ষণ উপরোক্ত টেবিল দৃষ্টে দেখা যাইতেছে যে, রবির স্থিতি রাশি মেষের স্তম্ভের নিম্নে যে স্থানে ২২ অংশে মিলিত হইয়াছে, সেই স্থানে ৬ ঘণ্টা ১৪ মিনিট লিখিত রহিয়াছে; অতএব জানা গেল যে, ১৮০৯ শকের ১লা বৈশাখের দিনার্দ্ধমান ৬ ঘণ্টা ১৪ মিনিট, তাহা হইলেই দিনমান ১২ ঘণ্টা ২৮ মিনিট স্থির হইতেছে। এইক্ষণ ইহাকে দণ্ড পল করিতে হইলে ২॥ আড়াই দণ্ড হিসাবে ১২ ঘণ্টায় ৩০ দণ্ড এবং ২৮ মিনিটে ১ দণ্ড ১০ পল হয়; সুতরাং ১৮০৯ শকের ১লা বৈশাখের দিনমান ৩১ দণ্ড, ১০ পল এবং দিনার্দ্ধমান ১৫ দণ্ড, ৩৫ পল স্থির হইল।

বিদগ্ধতোষিণী মতে যেরূপে লগ্নস্ফুট, ভাব, ভাবসন্ধি ও বল প্রভৃতি গণনা করিতে হয়, তাহা নিম্নে বিবৃত হইতেছে।

বিদগ্ধতোষিণী।

নত্বা সরস্বতীং দেবীং রাঘবানন্দশর্ম্মণা।
চক্রে বিদগ্ধতোষায় স্পষ্টা জাতকপদ্ধতিঃ॥

আমি রাঘবনন্দ নামক ব্রাহ্মণ। আমি দেবী সরস্বতীকে প্রণাম করিয়া পণ্ডিত গণের সন্তোষের নিমিত্ত স্পষ্টক্রমে জাতকপদ্ধতি নামক এই গ্রন্থ প্রণয়ন করিতেছি।

আদৌ ছায়াদিকৈর্জ্ঞেয়ো জন্মকালঃ সুনিশ্চিতঃ।
তৎকালপ্রভবাঃ কার্য্যাঃ সিদ্ধান্তোক্তৈর্গ্রহস্ফুটাঃ॥

প্রথমতঃ ছায়া ও যন্ত্রাদি দ্বারা সুনিশ্চিতরূপে জন্মকাল নিরূপণ করিয়া সিদ্ধান্তগ্রন্থোক্ত নিয়মানুসারে তাৎকালিক গ্রহস্ফুট করিবে।

শঙ্কু ও ছায়াপ্রভৃতি দ্বারা যেরূপে সময় নিরূপণ করিতে হয়, তাহা এই খণ্ডের ৮ম, ২৬শ, ২৭শ ও ২৮শ পৃষ্ঠায় লিখিত হইয়াছে। অগ্রে সেই প্রক্রিয়ানুসারে সময় নিরূপণ করিবে অথবা সূর্য্যঘড়ী, জলঘড়ী, বালুকাঘড়ী এবং সর্ব্বোৎকৃষ্ট ইংরাজী ঘড়ী দ্বারা সময় নিরূপণ পূর্ব্বক জন্মকাল স্থির করিতে হইবে। জন্মকাল নির্ণীত না হইলে ফল-গণনার তারতম্য হয়। অনন্তর সেই সময়ের তাৎকালিক গ্রহস্ফুট করিতে হইবে। সিদ্ধান্তরহস্যের মতে যেরূপে গ্রহস্ফুট গণনা করিতে হয়, এই ফলিত-জ্যোতিষের প্রথম খণ্ডে তাহা দৃষ্টান্তাদি সহ বিশেষরূপে বিবৃত হইয়াছে। গ্রন্থ বাহুল্যভয়ে এস্থলে তাহার পুনরুল্লেখ করা হইল না।

অসকৃৎকর্ম্মণা যেন যান্তি দৃক্‌তুল্যতাং দিবি।
নতোন্নতৌ ততঃ সাধ্যৌ ভাবাঃ খেটবলানি ষট্॥

যে কার্য্য অনেকবার সাধন করিলে, গণক ব্যোমদর্শীর সদৃশ হইয়া নভোমণ্ডলস্থিত গ্রহনক্ষত্রাদির গতিবিধি প্রত্যক্ষবৎ অবলোকন করেন, তাদৃশ গ্রহস্ফুটসাধন দ্বারা গ্রহ-গণের স্থিতি নির্ণয় পূর্ব্বক নত এবং উন্নত দণ্ডাদি সাধন করিয়া তন্বাদি দ্বাদশভাব * ও গ্রহগণের তুঙ্গবল প্রভৃতি ছয়টী † বল সাধন করিতে প্রবৃত্ত হইলাম।

এইক্ষণ নত এবং উন্নত শব্দের অর্থ নিম্নশ্লোকে বিবৃত হইতেছে।—

---

* তনু, ধন, সহজ, বন্ধু, পুত্র, রিপু, জায়া, নিধন, ধর্ম্ম, কর্ম্ম, আয় ও ব্যয়।

† ১ তুঙ্গাদিবল, ২ দিগাদিবল, ৩ কালবল, ৪ নিসর্গবল, ৫ চেষ্টাবল, ৬ তন্বাদিভাববল।

এই বিষয়দ্বয়ের গণনা পশ্চাৎ বিবৃত হইবে।

দিনার্দ্ধান্তরিতা জন্ম নাড়িকা নতনাড়িকা।
পূর্ব্বাপরার্দ্ধে জাতস্য প্রাক্‌পরাখ্যা দিনে ভবেৎ ॥

দিবসে জন্মাদি হইলে ইষ্টদণ্ডাদি হইতে তদ্দিবসীয় দিনমানার্দ্ধ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম নতনাড়িকা। যদি দিবসের পূর্ব্বার্দ্ধে জন্ম অথবা প্রশ্ন হয়, তাহা হইলে প্রাঙ্‌নত নাড়ী এবং যদি পরাহ্নে অর্থাৎ দিবা দুই প্রহরের পর জন্ম বা প্রশ্ন হয়, তাহা হইলে উক্ত শেষাঙ্ক পশ্চান্নত নাড়ী বলিয়া পরিগণিত হয়।

রাত্রের্গতঘটী শেষঘটী দিনার্দ্ধসংযুতা।
পরপূর্ব্বাভিধা জ্ঞেয়া রজন্যাং নতনাড়িকা ॥

রাত্রিকালে জন্মাদি হইলে রাত্রির প্রথমার্দ্ধমানের যত দণ্ড গত হইয়াছে, তাহার সহিত দিনার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হইবে, তাহা পশ্চান্নত নাড়ী বলিয়া বিখ্যাত এবং রাত্রির দ্বিতীয়ার্দ্ধমানের দণ্ডাদির সহিত দিনার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হইবে, তাহা প্রাঙ্‌নত নাড়ী নামে পরিগণিত হইয়া থাকে।

খরামো নতনাড্যূনো ভবেদুন্নতনাড়িকা।

৩০ ত্রিশ হইতে নতদণ্ডাদি হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা উন্নতনাড়ী নামে প্রসিদ্ধ।

স্পষ্টার্থ—সূর্য্যের উদয় হইতে মস্তকোপরি গমন পর্য্যন্ত দিনার্দ্ধকে প্রথম দিনার্দ্ধ এবং মস্তকোপরি হইতে অস্তগমন পর্য্যন্ত দিনার্দ্ধকে শেষদিনার্দ্ধ কহে। ঐরূপ অস্ত হইতে পাতালে অর্থাৎ আমাদিগের পাদতলে গমনপর্য্যন্ত নিশার্দ্ধকে প্রথম নিশার্দ্ধ এবং তথা হইতে উদয় স্থানে গমন পর্য্যন্ত নিশার্দ্ধকে শেষনিশার্দ্ধ কহে। প্রথম দিনার্দ্ধমানকে প্রাঙ্‌নত নাড়ী এবং শেষ দিনার্দ্ধমানকে পশ্চান্নত নাড়ী কহে। ঐরূপ শেষ দিনার্দ্ধ-মানের সহিত প্রথম নিশার্দ্ধমান সংযুক্ত করিয়া তাহাকে পশ্চান্নত নাড়ী অর্থাৎ আমাদের মস্তকোপরি হইতে রবি আমাদের পাদতল অর্থাৎ পাতাল পর্য্যন্ত গেলে পশ্চান্নত নাড়ী কহে এবং শেষ নিশার্দ্ধমানকে প্রথম দিনার্দ্ধমানের সহিত সংযোগ করিলে অর্থাৎ ঐ পাদ-তল হইতে আমাদিগের মস্তকোপরি আগমন পর্য্যন্ত কালকে প্রাঙ্‌নত নাড়ী বলা যায়।

চরার্দ্ধ।

দশ নাগা দিশো নিঘ্নাঃ স্বদেশবিষুবোদ্ভবৈঃ।
অন্ত্যত্র্যাপ্তশ্চরার্দ্ধং স্যান্মেষাদীনাং ক্রমোৎক্রমাৎ ॥

দশ, আট, দশ এই তিনটী অঙ্ককে স্বীয় স্বীয় দেশোদ্ভব বিষুবচ্ছায়া দ্বারা পূরণ করিয়া

শেষ অঙ্ককে ৩ দ্বারা হরণ করত লব্ধাঙ্ককে একস্থানে সংস্থাপন করিবে। অপর অঙ্কদ্বয়কে ৬০ দ্বারা ভাগ করিয়া যে ভাগফল লব্ধ হইবে, তাহাই যথাক্রমে মেষাদি তিন রাশির চরার্দ্ধপল হইবে। উক্ত অঙ্ক তিনটী ব্যুৎক্রমে কর্কটাদি তিন রাশির চরার্দ্ধপল জানিবে, পুনরায় যথাক্রম-গণনায় উহা তুলাদি রাশিত্রয়ের চরার্দ্ধপল এবং ব্যুৎক্রম গণনায় উক্ত অঙ্কত্রয় মকরাদি রাশিত্রয়ের চরার্দ্ধপল জানিবে, অর্থাৎ প্রথম অঙ্কটী মীন, মেষ, কন্যা ও তুলা রাশির; দ্বিতীয় অঙ্কটী বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভরাশির এবং তৃতীয় অঙ্কটী মিথুন, কর্কট, ধনুঃ ও মকর রাশির চরার্দ্ধপল হইবে।

গ্রহলাঘবের টীকাকার মল্লারি এই চরার্দ্ধ গণনায় দশ, আট, দশকে স্বীয় স্বীয় দেশোদ্ভবচ্ছায়া দ্বারা পূরণ করিবার কারণ যেরূপ নির্দ্দেশ করিয়াছেন, তাহা এস্থলে উদ্ধৃত হইল, যথা—"সায়নসূর্য্যো যদ্দিনে মেষাদৌ তদ্দিনে সূর্য্যস্য নাড়িকামণ্ডলে স্থিতিঃ নাড়িকামণ্ডলং লঙ্কাপূর্ব্বাপরং অতস্তদ্দিনে মধ্যাহ্নে লঙ্কায়াং শঙ্কুচ্ছায়া নাস্তি খমধ্যস্থিতত্বাৎ। অন্যদেশে তু পূর্ব্বাপরং সমমণ্ডলমতস্তদ্দিনেঽপি মধ্যাহ্নেঽন্যদেশে শঙ্কুচ্ছায়া ভবতি সৈব ফলভা তস্যাঃ পলভা বিষুবতীতি চ পর্য্যায়ৌ এবমত্রৈকাঙ্গুলাং পলভাং প্রকল্প্য অক্ষপ্রভা সগুণিতা পরমজ্যোত্যাদ্যুক্তপ্রকারেণ রাশিত্রয়স্য চরাণি প্রসাধ্য তান্যধোঽধঃ শুদ্ধানি জাতানি চরখণ্ডানি ১০।৮।৩ ততোঽনুপাতঃ যদ্যেকাঙ্গুলয়াক্ষপ্রভয়া এতাবন্মিতানি চরখণ্ডানি তদেষ্টাক্ষপ্রভয়া কানীতি এবমক্ষপ্রভা ত্রিষ্ঠা এভিঃ পৃথগ্ গুণিতা হরেণ হৃতা সতীষ্টচরখণ্ডানি ভবন্তীতি অত্রৈতত্ত্রৈরাশিকং।" ইহা দ্বারা দেখা যাইতেছে যে, বিষুবদিনে মধ্যরেখার পূর্ব্ব ও পশ্চিমদেশে শঙ্কুচ্ছায়া যত হইবে, তাহা দ্বারা উক্তমতে গণনা করিয়া স্থিরীকৃত হইয়াছে যে, এক অঙ্গুলি শঙ্কুচ্ছায়ায় মেষরাশির ১০ পল, বৃষরাশির ৮ পল এবং মিথুনলগ্নের তিন অঙ্গুলি শঙ্কুচ্ছায়ায় ১০ পল চরার্দ্ধ; অতএব যে দেশের চরার্দ্ধপল গণনা করিতে হইবে, সেই দেশের শঙ্কুচ্ছায়াকে ত্রৈরাশিক করিয়া চরার্দ্ধ জানিতে হইবে, অর্থাৎ যদি ১ অঙ্গুলি ছায়াতে ১০।৮ পল এবং তিন অঙ্গুলি ছায়াতে ১০ পল হয়, তবে অভীষ্ট অঙ্গুলি ছায়াতে কত হইবে? এজন্য ১০।৮।১০ দ্বারা স্বদেশীয় শঙ্কুচ্ছায়াকে গুণ করিয়া শেষোক্তকে ৩ দিয়া ভাগ করিতে হয়।

চরার্দ্ধ অর্থাৎ বিষুবরেখার উপরিস্থিত লঙ্কার উত্তর বা দক্ষিণদিগ্বর্ত্তী দেশে যে সময়ে রাশির উদয় হয়, লঙ্কায় রাশি উদয়ের সময়ের সহিত সেই সময়ের যে পার্থক্য, (Ascensional differences of the ends of the signs of the place) তাহাকেই চরার্দ্ধ কহে।

দৃষ্টান্ত।

যে দেশের চরার্দ্ধপল গণনা করিতে হইবে, প্রথমত সেই দেশের বিষুবচ্ছায়া অর্থাৎ

পলভা নির্ণয় করিয়া ঐ ছায়াঙ্ককে পৃথক্ পৃথক্ তিন স্থানে স্থাপিত করেতে হইবে, যথা— আমাদিগের দেশের (কলিকাতার) বিষুবচ্ছায়া ৫ অঙ্গুলি ১০ ব্যঙ্গুল; ইহাকে পৃথক্ পৃথক্ তিন স্থানে রাখিয়া এক স্থানের অঙ্ককে ১০ দ্বারা গুণ করিলে ৫০ অঙ্গুল ১০০ ব্যঙ্গুল হয়। ৬০ ব্যঙ্গুলে এক অঙ্গুলি হইয়া থাকে; সুতরাং ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুল হইল। ইহাকে ৬০ দ্বারা ভাগ করিলে ভাগফল ঐ ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুলই হইল। পরে দ্বিতীয় স্থানস্থ ৫ অঙ্গুলি ১০ ব্যঙ্গুলকে ৮ দ্বারা গুণ করিলে গুণফল ৪১ অঙ্গুলি ২০ ব্যঙ্গুল হইল; ইহাকেও পূর্ব্বোক্তরূপে ৬০ দ্বারা ভাগ করিলে ঐ ৪১ অঙ্গুলি ২০ ব্যঙ্গুলই থাকিল। অনন্তর তৃতীয়স্থানস্থ ৫ অঙ্গুলি ১০ ব্যঙ্গুলকে ১০ দ্বারা গুণ করিলে গুণফল ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুল হয়; ইহাকে ৩ দ্বারা ভাগ করিয়া ১৭ অঙ্গুল, ১৩ ব্যঙ্গুল, ২০ অতিব্যঙ্গুল হইল। এই অঙ্কত্রয়ের (৫১।৪০ ; ৪১।২০ ; ১৭।১৩।২০) মধ্যে প্রথমাঙ্কটীই অভীষ্টদেশের মেষের, দ্বিতীয়টী বৃষের এবং তৃতীয়টী মিথুনের চরার্দ্ধপল হইল। এই অঙ্কত্রয়ই ব্যুৎক্রমে কর্কট, সিংহ ও কন্যা এই তিন রাশির চরার্দ্ধপল হইবে অর্থাৎ শেষ অঙ্কটী কর্কটের, মধ্যস্থটী সিংহের এবং প্রথমাঙ্কটীই কন্যার চরার্দ্ধপল। এইপ্রকার ব্যুৎক্রমানুসারে মেষের চরার্দ্ধাঙ্কটী তুলার, বৃষের চরার্দ্ধ বৃশ্চিকের এবং মিথুনের চরার্দ্ধই ধনুর চরার্দ্ধপল হইল। ঐরূপ মিথুনের চারার্দ্ধাঙ্কটী মকরের, বৃষের চরার্দ্ধ কুম্ভের এবং মেষের চরার্দ্ধাঙ্কই মীনের চরার্দ্ধপল বলিয়া স্থির হইল; সুতরাং জানা গেল যে, মেষের চরার্দ্ধপল ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুল; বৃষের ৪১।২০, মিথুনের ১৭।১৩।২০, কর্কটের ১৭।১৩।২০, সিংহের ৪১।২০, কন্যার ৫১।৪০, তুলার ৫১।৪০ বৃশ্চিকের ৪১।২০, ধনুর ১৭।১৩।২০, মকরের ১৭।১৩।২০, কুম্ভের ৪১।২০ এবং মীনের চরার্দ্ধপল ৫১।৪০। ইহা দ্বারা স্থির হইল যে, মেষ, কন্যা, তুলা ও মীনের চরার্দ্ধপল সমান অর্থাৎ ৫১।৪০; বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভের চরার্দ্ধ একরূপ অর্থাৎ ৪১।২০ এবং মিথুন, কর্কট, ধনুঃ ও মকর এই কয়টী রাশির চরার্দ্ধপল একপ্রকার অর্থাৎ ১৭।১৩।২০।

লঙ্কার লগ্নমান।

গজভং নন্দগোপক্ষা গুণদস্তাঃ ক্রমোৎক্রমাৎ।
লঙ্কোদয়পলানি স্যুস্তুলাদৌ চ ব্যতিক্রমাৎ॥

ক্রম ও ব্যুৎক্রমানুসারে মেষ, কন্যা, তুলা ও মীন এই কয় রাশির লঙ্কোদয়পল ২৭৮ দুই শত আটাত্তর; বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভের ২৯৯ দুই শত নিরানব্বই এবং মিথুন, কর্কট, ধনুঃ ও মকরের লঙ্কোদয়পল ৩২৩ তিন শত ত্রয়োবিংশতি অর্থাৎ লঙ্কায় মেষের লগ্নমান ২৭৮ পল, বৃষের ২৯৯, মিথুনের ৩২৩, কর্কটের ৩২৩, সিংহের ২৯৯, কন্যার ২৭৮,

তুলার ২৭৮, বৃশ্চিকের ২৯৯, ধনুর ৩২৩, মকরের ৩২৩. কুম্ভের ২৯৯ এবং মীনের লগ্নমান ২৭৮ পল। সূর্য্যসিদ্ধান্তের মতানুসারে মেষলগ্নমান ১৬৭০ প্রাণ, বৃষের ১৭৯৫, মিথুনের ১৯৩৫, কর্কটের ১৯৩৫, সিংহের ১৭৯৫, কন্যার ১৬৭০, তুলার ১৬৭০, বৃশ্চিকের ১৭৯৫, ধনুর ১৯৩৫, মকরের ১৯৩৫. কুম্ভের ১৭৯৫ এবং মীনের লগ্নমান ১৬৭০ প্রাণ স্থিরীকৃত আছে। লগ্নমানাদি যেরূপে গণনা করিয়া স্থির করিতে হয়, তাহার বচন টীকাসমেত ঐ গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া নিম্নে প্রদর্শিত হইল, যথা—

"ত্রিভদ্যুকর্ণার্দ্ধগুণাঃ স্বাহোরাত্রার্দ্ধভাজিতাঃ।
ক্রমাদেকদ্বিত্রিভজ্যাস্তচ্চাপানি পৃথক্ পৃথক।
স্বাধোঽধঃ পরিশোধ্যাথ মেষাল্লঙ্কোদয়াসবঃ।
খাগাষ্টয়োঽর্থগোঽগৈকাঃ শরত্র্যঙ্কহিমাংশবঃ।

একদ্বিত্রিভজ্যাঃ। একরাশিজ্যাদ্বিরাশিজ্যাত্রিরাশিজ্যাস্ত্রিরাশিদ্যুজ্যায়া গুণ্যাঃ ক্রমাৎ স্বক্রান্তিজ্যাসম্বন্ধিদ্যুজ্যাভির্ভাজ্যাঃ। ফলানাং ধনূংষি ভিন্নভিন্নস্থানে স্থাপ্যানি। স্থানদ্বয়ে স্থাপ্যানীত্যর্থঃ। অনন্তরং স্বাধোঽধঃ। স্বাদধোঽধ একরাশিজ্যাসম্বন্ধি ফলং যথাস্থিতং ততঃ প্রথমফলং দ্বিতীয়ফলাদ্দ্বিতীয়ফলং তৃতীয়ফলান্ন্যূনীকৃত্য পৃথগন্মুক্তৌ প্রথমফলং দ্বিতীয়ফলান্ন্যূনং কৃতং সদ্দ্বয়োঃ ফলয়োর্ম্মার্জ্জনাৎ তৃতীয়ে শোধ্যাসম্ভবঃ। প্রথমস্থ জ্ঞানাসম্ভবশ্চেতি প্রথমদ্বিতীয়য়োঃ পৃথক্স্থাপনমাবশ্যকম্। অত এব ন ত্রিধা পৃথগিত্যুক্তম্। মেষাৎ। মেষমারভ্য রাশিত্রয়াণাং লঙ্কোদয়াসবো ভবন্তি। প্রথমফলং মেষস্যোদয়াসবঃ। দ্বিতীয়োনতৃতীয়ফলং মিথুনস্যোদয়াসব ইত্যর্থঃ। নিয়তত্বাৎ। তন্মানমাহ খাগাষ্টয় ইতি। মেষমানং সপ্ততিযুতং ষোড়শশতং বৃষমানং পঞ্চোনমষ্টাদশশতং মিথুনমানং পঞ্চত্রিংশদধিকমেকোনবিংশতিশতমিত্যর্থঃ। অত্রোপপত্তিঃ। সিদ্ধান্তশিরোমণৌ। 'মেষাদজীবাঃ শ্রুতয়োঽপবৃত্তে তদ্ভূমিজে ক্রান্তিগুণা ভুজাঃ স্যুঃ। তৎকোটয়ঃ স্বদ্যুনিশাখ্যবৃত্তে ব্যাসার্দ্ধবৃত্তে পরিণামিতানাম্॥ চাপেষু তাসামসবস্ততো যে তেঽধো বিশুদ্ধা উদয়া নিরক্ষে।' ইতি। তৎস্বরূপোক্ত্যা ত্রিজ্যাকর্ণে ত্রিরাশিদ্যুজ্যা কোটিস্তদৈকদ্বিত্রিরাশিজ্যাকর্ণেষু কা ইত্যনুপাতেন কোটয়ো দ্যুজ্যাপ্রমাণেনাহোরাত্রবৃত্তে তদসুকরণার্থং ত্রিজ্যাপ্রমাণেন সাধ্যা ইতি দ্যুজ্যাপ্রমাণেনৈতাস্তদা ত্রিজ্যাপ্রমাণেন কা ইত্যনুপাতেন ত্রিজ্যয়োর্গুণহরয়োস্তুল্যত্বেন নাশাদেকাদিরাশিজ্যাস্ত্রিরাশিদ্যুজ্যয়া গুণ্যাঃ স্বদ্যুজ্যয়া ভক্তা ইত্যুপপন্নাঃ। আসাং ধনূংষ্যেকাদিরাশীনামুদয়াসবস্তত্র প্রত্যেকরাশ্যুদয়াসুজ্ঞানার্থং স্বাধোঽধঃ শোধনমিত্যুপপন্নং ত্রিভদ্যুকর্ণার্দ্ধগুণা ইত্যাদি লঙ্কোদয়াসব ইত্যন্তম্। অত্র লঙ্কাপদং নিরক্ষদেশপরং ব্যাখ্যেয়ম্। সর্ব্বনিরক্ষদেশে ক্ষেত্রসংস্থানস্যোক্তস্য তুল্যত্বেনোক্তরীত্যান্যনিরক্ষদেশে তৎসিদ্ধৌ বাধকাভাবাৎ। অন্যথা স্বনিরক্ষদেশে তৎসাধনার্থং গ্রহবদ্দেশা-

স্বরসংস্কারকরণাপত্তেঃ। নিজোদয়করণার্থং স্বমিরক্ষদেশীয়ানাং চরসংস্কারস্ত সমনন্তর-মেবোক্তত্বাদিতি দিক্। থাগাষ্টয় ইত্যাদাবুক্তপ্রকারগণিতকর্ম্মৈবোপপত্তিঃ।" (ইতি সূ, সি)

লঙ্কোদয়াশ্চরার্দ্ধেন হীনাঢ্যা মেষকর্কটাৎ।
মেষাল্লগ্নপলানি স্যুর্ব্যুৎক্রমাত্তানি তৌলিতঃ॥

মেষ, বৃষ, মিথুন, এই তিন রাশির চরার্দ্ধপলাদি লঙ্কোদয়পল হইতে হীন করিবে। কর্কট, সিংহ, কন্যা এই তিন রাশির চরার্দ্ধপলাদি লঙ্কোদয়ের পলের সহিত যোগ করিবে। তাহা হইলে মেষ হইতে কন্যাপর্য্যন্ত ছয় রাশির যথাযথ লগ্নপল স্থির হইবে। অপর তুলাদি ছয় রাশির লগ্নপল ব্যুৎক্রমে হইবে অর্থাৎ তুলাদি ধনুঃ পর্য্যন্ত রাশিত্রয়ের লঙ্কোদয়পলের সহিত তুলাদি তিন রাশির চরার্দ্ধ যোগ করিবে এবং মকর, কুম্ভ, মীন এই তিন রাশির লঙ্কোদয়পল হইতে মকরাদি তিন রাশির চরার্দ্ধ হীন করিবে। এইরূপ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই তুলাদি ছয় রাশির যথাযথ লগ্নপল হইবে।

স্পষ্টার্থ—লঙ্কার লগ্নপল যাহা নির্ণীত হইল, তাহা হইতে অন্যান্য দেশের চরার্দ্ধপল যোগ কিম্বা বিয়োগ করিলেই সেই সেই দেশের লগ্নমান স্থির হইবে। লঙ্কার মেষ, বৃষ, মিথুন এই তিন রাশির লগ্নপল হইতে আমাদিগের দেশের (কলিকাতার) মেষ, বৃষ, মিথুন এই রাশিত্রয়ের চরার্দ্ধপল হীন করিতে হইবে এবং কর্কট, সিংহ, কন্যা এই তিন রাশির চরার্দ্ধপল যোগ দিতে হইবে। ঐরূপ লঙ্কার তুলা, বৃশ্চিক, ধনুঃ এই তিন রাশির লগ্নপলে আমাদিগের দেশের তুলা, বৃশ্চিক, ধনুঃ এই রাশিত্রয়ের চরার্দ্ধপল যোগ দিতে হইবে এবং মকর, কুম্ভ, মীন এই তিন রাশির অস্মদ্দেশীয় চরার্দ্ধপল লঙ্কার মকর, কুম্ভ, মীন এই রাশিত্রয়ের লগ্নপল হইতে বিয়োগ করিতে হইবে, তাহা হইলেই অস্মদ্দেশীয় লগ্নপল স্থিরীকৃত হইবে। যথা—

লঙ্কার মেষলগ্নপল ২৭৮ হইতে মেষের অস্মদ্দেশীয় চরার্দ্ধপল ৫২ বিয়োগ করিলে ২২৬ পল হইল। ঐরূপ লঙ্কার বৃষের লগ্নপল ২৯৯ হইতে বৃষের অস্মদ্দেশীয় চরার্দ্ধপল হীন করিলে ২৫৮ পল; মিথুনলগ্নপল ৩২৩ হইতে ১৭ হীন করিলে ৩০৬; কর্কটলগ্নপল ৩২৩ তে ১৭ যোগ দিলে ৩৪০; সিংহলগ্নপল ২৯৯ তে ৪১ যোগ দিলে ৩৪০; কন্যালগ্নপল ২৭৮ তে ৫২ যোগ দিলে ৩৩০; তুলালগ্নপল ২৭৮ তে ৫২ যোগ করিলে ৩৩০; বৃশ্চিকলগ্নপল ২৯৯ তে ৪১ যোগ দিলে ৩৪০; ধনুর্লগ্নপল ৩২৩ তে ১৭ যোগ করিলে ৩৪০; মকরলগ্নপল ৩২৩ হইতে ১৭ বিয়োগ করিলে ৩০৬; কুম্ভলগ্নপল ২৯৯ হইতে ৪১ হীন করিলে ২৫৮ এবং লঙ্কার মীনলগ্নপল ২৭৮ হইতে মীনের অস্মদ্দেশীয় চরার্দ্ধপল ৫২ বিয়োগ করিলে ২২৬ পল হয়। এই সকলই যথাক্রমে অস্মদ্দেশে মেষাদি দ্বাদশ রাশির লগ্নপল স্থিরীকৃত হইল। সূর্য্যসিদ্ধান্তে নিরক্ষদেশ ভিন্ন অন্যান্য দেশের লগ্নমাননির্ণয় যেরূপ লিখিত আছে, তাহার বচন ও টীকা এস্থলে উদ্ধৃত হইল। যথা—

"স্বদেশচরখণ্ডোনা ভবন্তীষ্টোদয়াসবঃ।

অথেত্যাঃ স্বদেশোদয়াসূন্ শ্লোকার্দ্ধেনাহ। এতে সিদ্ধাঃ। স্বকীয়ৈর্দ্দেশসম্বন্ধেন যান্যুৎপন্নানি চরখণ্ডানি চরানয়নপ্রকারেণৈকাদিরাশীনাং চরাণ্যানীয়োক্তরীত্যা স্বাধোঽধঃ শোধিতানি মেষাদিমিথুনান্তানাং রাশীনাং চরখণ্ডানি ভবন্তি। তৈরূনাঃ সন্ত ইষ্টোদয়াসবশ্চরখণ্ডসম্বন্ধিদেশে মেষাদিত্রয়াণামুদয়াসবো ভবন্তীত্যর্থঃ। অত্রোপপত্তিঃ। মেষাদের্ম্মিথুনান্তো নাড়ীভিস্তিথিমিতাভিরুদ্বৃত্তে। লগতি কুজে তদধঃস্থে প্রথমং তাভিশ্চরোনাভিঃ। ইতি ভাস্করোক্ত্যা প্রত্যেকোদয়াসুজ্ঞানং প্রত্যেকচরেণেতি। প্রত্যেকচরং তু চরখণ্ডমিত্যুপপন্নম্।

ব্যস্তা ব্যস্তৈর্যুতাঃ স্বৈঃ স্বৈঃ কর্কটাদ্যাস্ততস্ত্রয়ঃ।
উৎক্রমেণ ষড়েবৈতে ভবন্তীষ্টাস্তুলাদয়ঃ॥

অথাবশিষ্টরাশীনামুদয়ানাহ। ততোঽনন্তরং এতে মেষাদিলঙ্কোদয়াসবো ব্যস্তা মিথুনবৃষমেষক্রমেণ স্থাপিতাঃ স্বৈঃ স্বৈর্ম্মেষাদিচরখণ্ডৈকৈস্ত্রিভির্ব্যস্তৈরুদয়ক্রমেণ স্থাপিতৈর্যুতাঃ কর্কাদয়স্ত্রয়ঃ কন্যান্তাঃ ক্রমেণ জ্ঞাতোদয়াসুমানা ভবন্তি। এবং ষণ্ণামুক্ত্বাবশিষ্টানামুদয়াসুজ্ঞানমাহ উৎক্রমেণেতি। এত উক্তা মেষাদয়ঃ কন্যান্তাঃ ষট্সংখ্যকা উৎক্রমেণ কন্যাসিংহকর্কাদ্যুৎক্রমেণ। এবকারো মেষবৃষাদিক্রমনিরার্থকঃ। তুলাদয়ঃ ষড্রাশয় ইষ্টা জ্ঞাতস্বদেশোদয়াসুমানা ভবন্তি। তথা চ কন্যোদয়স্তুলায়াঃ। সিংহোদয়ো বৃশ্চিকস্য। কর্কোদয়ো ধনুষঃ। মিথুনোদয়ো মকরস্য। বৃষোদয়ঃ কুম্ভস্য। মেষোদয়ো মীনস্যেতি সিদ্ধম্। অত্রোপপত্তিঃ। কন্যান্তাদ্ধনুষোঽন্তস্তিথিমিতনাড়ীভিরুদ্বলয়ে। লগতি কুজে চোর্দ্ধস্থে পশ্চাৎ তাভিশ্চরাঢ্যাভিঃ॥ তদ্রহিতৈঃ খহুতাশৈঃ কন্যান্তো বা ঝষান্তো বা। চরখণ্ডৈরূনাঢ্যাস্তেন নিরক্ষোদয়াঃ স্বদেশে স্যুঃ। ইতি ভাস্করোক্ত্যা সুগমা॥" ইতি (সূ, সি)

সূর্য্যসিদ্ধান্তে লগ্নমান প্রাণ হিসাবে স্থির করা হইয়াছে; ৬ প্রাণে ১ পল হয়। অন্যান্য গ্রন্থকার উহাকে পল করিয়া লগ্নমান স্থির করিয়াছেন; কোন কোন গ্রন্থকার পলকে দণ্ড করিয়াও লগ্নমান গণনা করিয়া গিয়াছেন। এই সকল বিষয় পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। দ্বাদশ রাশির লগ্নমান-পল যাহা কথিত হইল, উহা যথাক্রমে দ্বাদশ রাশির প্রতি ৩০ অংশের সমান। লগ্নস্ফুট করিতে হইলে রবিস্ফুটের অংশকলাদিকে পল, বিপল করিয়া গণনা করিতে হয়। গণনার সুবিধার জন্য যেরূপে রাশিচক্রকে ৩৬০ অংশে বিভক্ত করিয়া এবং ঐ ৩৬০ অংশকে দ্বাদশ ভাগ করিয়া তাহার প্রতিভাগে ৩০ অংশ করা হইয়াছে, তাহা পূর্ব্বেই কথিত হইয়াছে। বিষুবরেখার যে স্থানে সূর্য্যের আগমনে দিবা ও রাত্রিমান সমান হয়, সেই স্থান হইতে রবির বাৎসরিক গতির গণনা আরম্ভ হইয়া থাকে। রবির অতিক্রমে প্রথম রাশির ৩০ অংশ এবং দ্বিতীয় রাশির শেষ গমনে

৬০ অংশ পূর্ণ হয়, ঐরূপ তৃতীয় রাশির শেষ গমনে ৯০ অংশ, চতুর্থ রাশির শেষ পর্য্যন্ত গমনে ১২০ অংশ, ৫ম রাশির শেষ পর্য্যন্ত গমনে ১৫০ অংশ, ৬ষ্ঠ রাশির শেষ গমনে ১৮০ অংশ, সপ্তম রাশির শেষ পর্য্যন্ত গমনে ২১০ অংশ, ৮ম রাশির শেষ পর্য্যন্ত গমনে ২৪০ অংশ, নবম রাশির শেষ পর্য্যন্ত গমনে ২৭০ অংশ, দশম রাশির শেষ পর্য্যন্ত গমনে ৩০০ অংশ, একাদশ রাশির শেষ পর্য্যন্ত গমনে ৩৩০ অংশ এবং দ্বাদশ রাশির শেষ পর্য্যন্ত গমনে ৩৬০ অংশ পূর্ণ হয়।

এইরূপে বিষুবরেখাস্থিত লঙ্কায় সায়নমতে মেষ রাশির আরম্ভ হইতে ঐ রাশি অতিক্রম করিতে রবির ২৭৮ পল, বৃষের ৫৭৭ পল, মিথুন অতিক্রম করিতে ৯০০, কর্কট অতিক্রম করিতে ১২২৩, সিংহ অতিক্রম করিতে ১৫২২, কন্যা অতিক্রম করিতে ১৮০০, তুলা অতিক্রম করিতে ২০৭৮, বৃশ্চিক অতিক্রম করিতে ২৩৭৭, ধনুঃ অতিক্রম করিতে ২৭০০, মকর অতিক্রম করিতে ৩০২৩, কুম্ভ অতিক্রম করিতে ৩৩২২ এবং মীন রাশি অতিক্রম করিতে সূর্য্যের ৩৬০০ পল অতিবাহিত হয়।

ঐরূপে অস্মদ্দেশে রবির গমন নিরূপণ করিতে হইলে মেষরাশি অতিক্রম করিতে ২২৬ পল সময় অতীত হয়। এইরূপ বৃষ অতিক্রম করিতে ৪৮৪ পল, মিথুন অতিক্রম করিতে ৭৯০, কর্কট অতিক্রম করিতে ১১৩০, সিংহ অতিক্রম করিতে ১৪৭০, কন্যা অতিক্রম করিতে ১৮০০, তুলা অতিক্রম করিতে ২১৩০, বৃশ্চিক অতিক্রম করিতে ২৪৭০, ধনুঃ অতিক্রম করিতে ২৮১০, মকর অতিক্রম করিতে ৩১১৬, কুম্ভ অতিক্রম করিতে ৩৩৭৪ এবং মীন রাশি অতিক্রম করিতে সূর্য্যের ৩৬০০ পল অতীত হয়।

সূর্য্যসিদ্ধান্ত ও অন্যান্য জ্যোতির্ব্বিদ্‌গণ প্রাণ, দণ্ড, পল প্রভৃতি দ্বারা যেরূপে লগ্নমান স্থির করিয়াছেন, সাধারণের বিদিতার্থে তাহার একটী চক্র নিম্নে অঙ্কিত হইল।

রাশি	অংশ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান প্রাণ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান পল	সিদ্ধান্তরহস্যমতে অস্মদ্দেশের লগ্নমান পল	প্রাচীনমতে অস্মদ্দেশের লগ্নমান দণ্ড, পল	ইংরাজীমতে অস্মদ্দেশের লগ্নলান ঘণ্টা, মিনিট
মেষ	৩০	১৬৭০	২৭৮	২২৬	৩ । ৪৬	১ । ৩০ । ২৪
বৃষ	৩০	১৭৯৫	২৯৯	২৫৮	৪ । ১৮	১ । ৪৩ । ১২
মিথুন	৩০	১৯৩৫	৩২৩	৩০৬	৫ । ৬	২ । ২ । ২৪
কর্কট	৩০	১৯৩৫	৩২৩	৩৪০	৫ । ৪০	২ । ১৬ । ০
সিংহ	৩০	১৭৯৫	২৯৯	৩৪০	৫ । ৪০	২ । ১৬ । ০
কন্যা	৩০	১৬৭০	২৭৮	৩৩০	৫ । ৩০	২ । ১২ । ০

রাশি	অংশ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান প্রাণ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান পল	সিদ্ধান্তরহস্যমতে অস্মদ্দেশের লগ্নমান পল	প্রাচীনমতে অস্মদ্দেশের লগ্নমান দণ্ড, পল	ইংরাজীমতে অস্মদ্দেশের লগ্নমান ঘণ্টা, মিনিট
তুলা	৩০	১৬৭০	২৭৮	৩৩০	৫। ৩০	২। ১২। ০
বৃশ্চিক	৩০	১৭৯৫	২৯৯	৩৪০	৫। ৪০	২। ১৬। ০
ধনু	৩০	১৯৩৫	৩২৩	৩৪০	৫। ৪০	২। ১৬। ০
মকর	৩০	১৯৩৫	৩২৩	৩০৬	৫। ৬	২। ২। ২৪
কুম্ভ	৩০	১৭৯৫	২৯৯	২৫৮	৪। ১৮	১। ৪৩। ১২
মীন	৩০	১৬৭০	২৭৮	২২৬	৩। ৪৬	১। ৩০। ২৪
১২	৩৬০	২১৬৩৬	৩৬০০	৩৬০০	৬০। ০	২৪। ০। ০

আস্যঃ খণ্ডো মেষলগ্নং পরযোগাৎ পরস্পরং।
দ্বাদশোদয়খণ্ডাঃ স্যুরেবং লঙ্কোদয়োদ্ভবাঃ॥

প্রথম খণ্ডা লঙ্কোদয় খণ্ডার মেষলগ্নমান, তাহা হইতে ক্রমে ক্রমে পর পর খণ্ডা পূর্ব্ব পূর্ব্ব খণ্ডায় যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহাই তৎপর রাশির লগ্নমান। এই ক্রম অনুসারে লঙ্কোদয় খণ্ডার মেষাদি দ্বাদশ লগ্নমান স্থির হইবে।

পাঠকগণের সহজে বোধগম্য হইবার জন্য ইহার একটী খণ্ডা (টেবিল) তদ্বিবরণ সহ নিম্নে বিবৃত হইতেছে।

লঙ্কোদয় খণ্ডার বিবরণ।

প্রথমতঃ তির্য্যক্‌ভাবে পাঁচটী রেখা টানিয়া তাহার মধ্যে উপরিভাগ হইতে নিম্নদিকে তেরটী সরলরেখা টানিয়া ৪৮টী কোষ্ঠাসংযুক্ত একটী টেবিল অঙ্কিত করা হইয়াছে। এই টেবিলের উপরে প্রথম কোষ্ঠায় ১ এক, দ্বিতীয় কোষ্ঠায় ২, তৃতীয় কোষ্ঠায় ৩, চতুর্থ কোষ্ঠায় ৪, পঞ্চম কোষ্ঠায় ৫, ষষ্ঠ কোষ্ঠায় ৬, সপ্তম কোষ্ঠায় ৭, অষ্টম কোষ্ঠায় ৮, নবম কোষ্ঠায় ৯, দশম কোষ্ঠায় ১০, একাদশ কোষ্ঠায় ১১ এবং দ্বাদশ কোষ্ঠায় ১২ বিন্যস্ত করা হইয়াছে। তৎপরে প্রথম কোষ্ঠায় স্থাপিত ১ অঙ্কের নিম্নকোষ্ঠায় মেষ, দ্বিতীয়ে বৃষ, তৃতীয়ে মিথুন, চতুর্থে কর্কট, পঞ্চমে সিংহ, ষষ্ঠে কন্যা, সপ্তমে তুলা, অষ্টমে বৃশ্চিক, নবমে ধনুঃ, দশমে মকর, একাদশে কুম্ভ এবং দ্বাদশ কোষ্ঠায় স্থাপিত ১২ অঙ্কের নিম্নে মীন রাশি সংস্থাপিত হইয়াছে। অনন্তর মেষ অঙ্কিত কোষ্ঠার নিম্ন কোষ্ঠায় ৩০ অংশ, বৃষের নিম্নে ৬০ অংশ, মিথুনের নিম্নে ৯০, কর্কটের নিম্নে ১২০, সিংহের নিম্নে ১৫০,

লঙ্কোদয়খণ্ডা।

	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনুঃ	মকর	কুম্ভ	মীন
অংশ	৩০	৬০	৯০	১২০	১৫০	১৮০	২১০	২৪০	২৭০	৩০০	৩৩০	৩৬০
লঙ্কোদয়খণ্ডাঃ	২৭৮	৫৭৭	৯০০	১২২৩	১৫২২	১৮০০	২০৭৮	২৩৭৭	২৭০০	৩০২৩	৩৩২২	৩৬০০
ভোগ্যাঃ	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮

লগ্নখণ্ডা।

	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনুঃ	মকর	কুম্ভ	মীন
অংশ	৩০	৬০	৯০	১২০	১৫০	১৮০	২১০	২৪০	২৭০	৩০০	৩৩০	৩৬০
লগ্নখণ্ডাঃ	২২৬	৪৮৪	৭৯০	১১৩০	১৪৭০	১৮০০	২১৩০	২৪৭০	২৮১০	৩১১৬	৩৩৭৪	৩৬০০
ভোগ্যাঃ	২৫৮	৩০৬	৩৪০	৩৪০	৩৩০	৩৩০	৩৪০	৩৪০	৩০৬	২৫৮	২২৬	২২৬

কন্যার নিম্নে ১৮০, তুলার নিম্নে ২১০, বৃশ্চিকের নিম্নে ২৪০, ধনুর নিম্নে ২৭০, মকরের নিম্নে ৩০০, কুম্ভের নিম্নে ৩৩০ এবং মীন অঙ্কিত কোষ্ঠার নিম্ন কোষ্ঠায় ৩৬০ অংশ সন্নিবেশিত করা গিয়াছে। তদনন্তর যে কোষ্ঠায় ৩০ অংশ সন্নিবেশিত হইয়াছে, তাহার নিম্নকোষ্ঠায় লঙ্কোদয় পল ২৭৮ রাখিয়া তন্নিম্নে বৃষলগ্নমান ২৯৯ পল স্থাপন করত এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৫৭৭ কে ৬০ অংশাঙ্কিত কোষ্ঠার নিম্নে রাখিয়া তন্নিম্নে মিথুনের লগ্নমান ৩২৩ পল রাখা হইয়াছে। পরে এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৯০০ কে পূর্ব্ববৎ ৯০ অংশাঙ্কিত অর্থাৎ মিথুনের কোষ্ঠায় রাখিয়া তাহার নিম্নে কর্কটের লগ্নমান ৩২৩ স্থাপন পূর্ব্বক এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ১২২৩ কে কর্কটের কোষ্ঠায় রাখিয়া তন্নিম্নে সিংহের লগ্নমান পল ২৯৯ রাখা হইয়াছে। পরে এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ১৫২২ কে সিংহের কোষ্ঠায় রাখিয়া তন্নিম্নে কন্যার লগ্নপল ২৭৮ রাখিয়া এই উভয়ের যোগজাঙ্ক ১৮০০ কে * কন্যার কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তাহার নিম্নে তুলার লগ্নমান ২৭৮ পল স্থাপন করা হইয়াছে, অনন্তর পূর্ব্ববৎ এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ২০৭৮ পলকে তুলার কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তাহার নিম্নে বৃশ্চিকের লগ্নমান ২৯৯ পল রাখিয়া এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ২৩৭৭ পলকে পূর্ব্বের ন্যায় বৃশ্চিকের কোষ্ঠায় স্থাপন করত তন্নিম্নে ধনুর লগ্নমান ৩২৩ পল রাখা গিয়াছে। তদনন্তর এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ২৭০০ পলকে ধনুর কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তন্নিম্নে মকরের লগ্নমান ৩২৩ পল রাখিয়া পূর্ব্ববৎ এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৩০২৩ পলকে মকরের কোষ্ঠায় স্থাপন করত তাহার নিম্নে কুম্ভরাশির লগ্নমান ২৯৯ পল স্থাপিত করা হইয়াছে। অনন্তর পূর্ব্বের ন্যায় ৩০২৩ ও ২৯৯ এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৩৩২২ কে কুম্ভের কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তাহার নিম্নে মীনের লগ্নমান ২৭৮ পল রাখিয়া এতদুভয় অঙ্কের যোগজাঙ্ক ৩৬০০ পলকে দ্বাদশ অর্থাৎ মীনের কোষ্ঠায় ৩৬০ অংশ অঙ্কিত কোষ্ঠার নিম্নে স্থাপন করত তাহার নিম্নে মেষের লগ্নমান ২৭৮ পল সন্নিবেশিত হইয়াছে। এই যে ৩৬০০ পল সন্নিবেশিত হইয়াছে, ইহা ৩৬০ অংশের সমান অর্থাৎ অংশ না বলিয়া পল বলা হইয়াছে।

লগ্নখণ্ডার বিবরণ।

লঙ্কোদয়খণ্ডার টেবিলে যেরূপে রাশি ও লগ্নপল বিন্যস্ত হইয়াছে, লগ্নখণ্ডার টেবিলেও সেইরূপে বিন্যাস করা গিয়াছে। কেবল এই মাত্র প্রভেদ যে, লঙ্কোদয় পল স্থানে এতদ্দেশের মেষাদি মীন পর্য্যন্ত লগ্নমান পল বিন্যস্ত হইয়াছে, অর্থাৎ মেষের কোষ্ঠায় ২২৬ ও তন্নিম্নে বৃষের লগ্নমান ২৫৮ পল; বৃষের কোষ্ঠায় মেষের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের

---

* ইহাই রাশিচক্রের অর্দ্ধেক অর্থাৎ ১৮০ অংশের সমান।

যোগজাঙ্ক ৪৮৪ ও তন্নিম্নে মিথুনের লগ্নপল ৩০৬; মিথুনের কোষ্ঠায় বৃষের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ৭৯০ রাখিয়া তন্নিম্নে কর্কটের লগ্নমান ৩৪০ পল; কর্কটের কোষ্ঠায় মিথুনের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ১১৩০ পল ও তন্নিম্নে সিংহের লগ্নমান ৩৪০ পল; সিংহের কোষ্ঠায় কর্কটের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ১৪৭০ পল ও তন্নিম্নে কন্যার লগ্নমান ৩৩০ পল; কন্যার কোষ্ঠায় সিংহের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ১৮০০ পল ও তন্নিম্নে তুলার লগ্নমান ৩৩০ পল; তুলার কোষ্ঠাতে কন্যার কোষ্ঠাস্থ অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ২১৩০ পল ও তাহার নিম্নে বৃশ্চিকের লগ্নমান ৩৪০ পল; বৃশ্চিকের কোষ্ঠায় তুলার কোষ্ঠাস্থ অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ২৪৭০ পল ও তন্নিম্নে ধনুর লগ্নমান ৩৪০ পল; ধনুর কোষ্ঠায় বৃশ্চিকের কোষ্ঠাস্থ অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ২৮১০ পল ও তাহার নিম্নে মকরের লগ্নমান ৩০৬ পল; মকরের কোষ্ঠায় ধনুর কোষ্ঠাস্থিত দুই অঙ্কের যোগজাঙ্ক ৩১১৬ পল ও তন্নিম্নে কুম্ভের লগ্নমান ২৫৮ পল; কুম্ভের কোষ্ঠাতে মকরের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ৩৩৭৪ পল ও তাহার নিম্নে মীনের লগ্নমান ২২৬ পল এবং মীন রাশির কোষ্ঠাতে কুম্ভের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ৩৬০০ পল রাখিয়া তাহার নিম্নে মেষের এতদ্দেশীয় লগ্নমান ২২৬ পল বিন্যস্ত করা হইয়াছে।

লগ্নমান সকল যোগ করিয়া যে দ্বাদশ রাশির দ্বাদশ কোষ্ঠায় বিন্যস্ত হইয়াছে, তোষিণীগ্রন্থকার ইহারই নাম খণ্ডা এবং ঐ সকল অঙ্কের নিম্নে যে তাহার পর পর রাশির লগ্নমান স্থাপিত করা হইয়াছে, তাহার নাম ভোগ্য নির্দ্দেশ করিয়াছেন। কোন গ্রহ কোন রাশিতে পূর্ণ গমন করিয়া তাহার পর রাশিতে প্রবিষ্ট হইলে যে রাশিতে পূর্ণ গমন হইয়াছে, তাহাকে ভুক্তরাশি এবং যে রাশিতে প্রবেশ করিয়াছে, অথচ সমস্ত অংশে গমন শেষ হয় নাই, তাহাকেই ভোগ্য কহে। অর্থাৎ যে রাশিতে পূর্ণ গমন হয় নাই, তাহার নাম ভোগ্য রাশি। এই রাশির অঙ্ককেই অনুখণ্ডা কহে।

নিরক্ষ দেশের উত্তর অক্ষাংশে মেষ, বৃষ, মিথুন এবং মকর, কুম্ভ, মীন এই ছয় রাশির উদয়ের লগ্নমান ঐ নিরক্ষদেশ হইতে ন্যূন হয়, আর অবশিষ্ট ছয় রাশির উদয় হইতে অধিক সময় অতীত হইয়া থাকে।

লগ্ন কথন।

লগ্নস্ফুট গণনার প্রণালী বলিবার অগ্রে লগ্ন কাহাকে বলে, তাহা জানা আবশ্যক; সুতরাং পাঠকবর্গের বিদিতার্থে ভাস্করাচার্য্যের ত্রিপ্রশ্নাধ্যায়ের ২৬ ষড়্‌বিংশতি শ্লোক যাহাতে লগ্ন শব্দের বুৎপত্তি প্রভৃতি প্রকটিত আছে এস্থলে উদ্ধৃত হইল। যথা—

"যত্র লগ্নমপমণ্ডলং কুজে তদ্‌গৃহাদ্যমিহ লগ্নমুচ্যতে।
প্রাচি পশ্চিমকুজেঽস্তলগ্নকং মধ্যলগ্নমিতি দক্ষিণোত্তরে॥"

অর্থাৎ যে কোন সময় চক্রবালের পূর্ব্বদিকে রবিমার্গের যে স্থান দৃষ্ট হয়, তাহারই নাম লগ্ন। সায়ন মেষ রাশির আরম্ভ হইতে অংশ-কলাদি করিয়া এই লগ্ন গণিত হইয়া থাকে। চক্রবালের পশ্চিম দিকে ঐ রেখাতে যে লগ্ন দৃষ্ট হয়, তাহার নাম অস্তলগ্ন এবং মধ্যস্থলে অর্থাৎ আমাদিগের মস্তকোপরি রবিমার্গের যে স্থান দৃষ্ট হয়, তাহাকে মধ্যলগ্ন বা দশম-লগ্ন কহে।

লগ্নস্ফুটসাধনং।

তাৎকালিকরবিস্পষ্টাৎ সায়নাদ্রাশিসংখ্যয়া। খণ্ডো গ্রাহ্যোঽংশকাদ্ভোগ্য-হতাৎ খানললব্ধযুক্॥ ইষ্টদণ্ডপলৈশ্চাঢ্যস্তস্মাৎ খণ্ডং বিশোধয়েৎ। শেষঃ খাগ্নিহতঃ শুদ্ধখণ্ডভোগ্যেন ভাজিতঃ॥ অংশাদি স্যাৎ শুদ্ধখণ্ডসংখ্যরাশিং বিমিশ্রয়েৎ। অয়নাংশবিযুক্ লগ্নং সষড়্ভং সপ্তমং ভবেৎ॥

তাৎকালিক অর্থাৎ জন্ম কিম্বা প্রশ্নাদি সময়ে রবিস্ফুটের যে রাশি অংশ কলাদি হইবে, তাহাকে নিম্নলিখিত প্রণালীমতে পলবিপলাদি করিয়া এক স্থানে সংস্থাপন করিবে। পরে ইষ্টদণ্ডকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফল যত পল হইবে, তাহা পূর্ব্বোক্ত রবিস্ফুটের পলবিপলাদির সহিত যোগ করিবে। (যদি যোগজাঙ্ক ৩৬০০ পলের অধিক হয়, তাহা হইলে ঐ যোগজাঙ্ক হইতে ৩৬০০ পল বিয়োগ করিতে হইবে।) অনন্তর উক্ত যোগজাঙ্ক বা বিয়োগাবশিষ্ট পলাঙ্ককে নিম্নলিখিত প্রক্রিয়ামতে রাশি-অংশ-কলা করিলে যাহা হইবে, তাহাই লগ্নস্ফুট অর্থাৎ জন্ম কিম্বা প্রশ্নকালে চক্রবালে (Horizon) কোন্ লগ্নের কোন্ অংশাদি উদিত ছিল, তাহা নিরূপিত হইবে। তৎপরে ঐ লগ্নস্ফুট হইতে অয়নাংশ বিয়োগ করিলেই নিরয়ণ লগ্নস্ফুট স্থির হইবে।

প্রথমতঃ দেখিতে হইবে যে, রবির স্ফুটের রাশির সংখ্যার সহিত উপরের লিখিত লগ্নখণ্ডার কোন্ সংখ্যক খণ্ডা অর্থাৎ কোন্ কোষ্ঠা সমান হয়। যে কোষ্ঠার অঙ্কের সহিত সমান হইবে, সেই কোষ্ঠার পলাঙ্ককে এক স্থানে সংস্থাপিত করিবে। পরে রবির অবশিষ্ট অংশ কলাদিতে কত পলাদি হইবে, তাহা জানিতে হইলে ঐ গৃহীত রাশির পলাঙ্ককে তাহার পর খণ্ডার কোষ্ঠার অঙ্ক হইতে বিয়োগ করিয়া বিয়োগাবশিষ্ট পলাঙ্ক (ভোগ্য) দ্বারা ত্রৈরাশিক করিয়া দেখিতে হইবে যে, যদি ৩০ অংশে ঐ ভোগ্য অর্থাৎ লগ্নমানের সংখ্যা ঐ পলাঙ্ক হয়, তাহা হইলে রবির অবশিষ্ট অংশকলা-দিতে কত পল হইবে? এস্থলে ভোগ্যের ঐ পলাঙ্কসংখ্যাকে রবির স্ফুটের অংশকলাদি দ্বারা গুণ করিয়া ৩০ দ্বারা ভাগ করিলে যে ফল লব্ধ হইবে, তাহাই রবিস্ফুটের অংশ-কলাদির সমান পলাঙ্ক হইবে। এই পলাঙ্ক পূর্ব্বস্থাপিত স্ফুটের সমান পলাঙ্কের সহিত যোগ করিলে যে পলাঙ্ক হইবে, (ইহাকেই প্রকারান্তরে বাৎসরিক রবিভুক্তি বলা যায়)

তাহার সহিত ইষ্টদণ্ডের পলাঙ্ক যোগ দিলে যোগজাঙ্ক যাহা হইবে, তাহাকে যেরূপে রাশি-অংশ কলাদি করিতে হইবে, তাহা নিম্নে কথিত হইতেছে।

এইক্ষণ রবিস্ফুটের রাশ্যাদির সমান পলাঙ্কের সহিত ইষ্টদণ্ডের পলাঙ্ক যোগ করিলে যাহা হয়, সেই যোগজাঙ্ক-পলে কত রাশি-অংশ-কলাদি হইবে, তাহা জানিতে হইলে দেখিতে হইবে যে, ঐ সংখ্যক পল হইতে লগ্নখণ্ডার টেবিলের লিখিত কোন্ কোষ্ঠার পলসংখ্যা বিয়োগ হইতে পারে। যত সংখ্যক কোষ্ঠার পল বিয়োগ হইতে পারে, তত সংখ্যক রাশির অঙ্ককে এক স্থানে সংস্থাপন করিবে। তৎপরে বিয়োগাবশিষ্ট পলে কত অংশ কলা বিকলাদি হইবে, ত্রৈরাশিক দ্বারা তাহা জানিতে হইবে, সুতরাং বিয়োজিত রাশির খণ্ডার অঙ্ককে তাহার পর খণ্ডা অর্থাৎ পর কোষ্ঠার পলাঙ্ক হইতে বিয়োগ করিবে। বিয়োগফলের নামই শুদ্ধ ভোগ্যখণ্ডাঙ্কপল। এইক্ষণ দেখিতে হইবে যে যদি ঐ শুদ্ধ ভোগ্যখণ্ডাঙ্ক পলে ৩০ অ শ হয়, তাহা হইলে পূর্ব্ববিয়োগাবশিষ্ট পলে কত-অংশ হইবে? এজন্য ৩০ অংশকে বিয়োগাবশিষ্ট পল দ্বারা গুণ করিয়া শুদ্ধভোগ্য খণ্ডাঙ্ক পল দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহাই অংশাদি হইবে। এই অংশাদি পূর্ব্বস্থাপিত রাশির সহিত যোগ দিলে যে রাশি-অংশ-কলাদি হইবে, তাহাই সায়ন লগ্নস্ফুট। ঐ সায়ন লগ্নস্ফুট হইতে অয়নাংশ বিয়োগ করিলেই নিরয়ণমতে লগ্ন-স্ফুট হইবে।

সূর্য্যসিদ্ধান্তে লগ্নস্ফুট গণনার প্রণালী যেরূপ লিখিত আছে, তাহা পাঠকবর্গের বিদিতার্থে ঐ গ্রন্থের ত্রিপ্রশ্নাধ্যায়ের ৪৫শ শ্লোক হইতে ৪৮শ শ্লোক পর্য্যন্ত টীকা সমেত নিম্নে উদ্ধৃত করা হইল, ঐ মতে দুইপ্রকারে লগ্ন সাধিত হইয়া থাকে, পাঠ করিলেই অবগতি হইবে। যথা—

"গতভোগ্যাসবঃ কার্য্যা ভাস্করাদিষ্টকালিকাৎ।

স্বোদয়াসুহতা ভুক্তভোগ্যা ভক্তাঃ খবহ্নিভিঃ ॥

অথাভীষ্টকালে ধনলগ্নসাধনার্থং গতভোগ্যাসূনাহ। ইষ্টকালে চালনেন সঞ্জাতাৎ-সূর্য্যাদগতভোগ্যাসবঃ। গতাসবো ভোগ্যাসবশ্চ সাধ্যাঃ। কথং সাধ্যা ইত্যত আহ। স্বোদয়াসুহতা ইতি। ভুক্তভোগ্যাঃ সূর্য্যাক্রান্তরাশের্যে ভুক্তভাগাঃ সূর্য্যস্য ভাগাদ্যবয়বা-ত্মকা এতে ত্রিংশতঃ শুদ্ধা ভোগ্যভাগাঃ। সূর্য্যাক্রান্তরাশেঃ স্বদেশোদয়াসুভির্গুণিতা-স্ত্রিংশতা ভক্তা গতাসবো ভোগ্যাসবঃ ক্রমেণ ভবন্তি। অত্রোপপত্তিঃ। যস্মিন্ কালে লগ্নং সাধ্যং তস্মিন্ কালে সূর্য্যঃ সাধ্যোঽন্যথা তাৎকালিকলগ্নসিদ্ধির্ন স্যাৎ। অথৈতদর্থং সূর্য্যাক্রান্তরাশের্ভুক্তাসবো ভোগ্যাসবশ্চ সাধ্যাঃ। সূর্য্যোদয়াৎ তৎকালপর্য্যন্তং পূর্ব্বা-গ্রিমকালয়োস্তদ্রাশের্লগ্নত্বাৎ। অনন্তরং চ রাশ্যুদয়াসুগণনয়া লগ্নজ্ঞানস্য সুশক্যত্বাচ্চ।

অংতস্ত্রিংশদ্ভাগৈরুদয়াসবস্তদা ভুক্তভোগ্যভাগৈঃ ক ইতি ভুক্তভোগ্যকালাসবঃ। অত্রোদয়কালাসূনাং সম্পাতাবধি রাশিগ্রহণেনোৎপন্নত্বাৎ সূর্য্যোঽয়নাংশসংস্কৃতো গ্রাহ্যঃ। অন্যথা সূর্য্যাক্রান্তরাশেরুক্তোদয়সম্বন্ধাভাবাদসঙ্গতত্বাপত্তেঃ। অত এব 'যুক্তায়নাংশাদপমঃ প্রসাধ্যঃ কালৌ চ খেটাৎ খলু ভুক্তভোগ্যৌ।' ইতি ভাস্করাচার্য্যোক্তং সঙ্গচ্ছতে। নন্নুক্তরীত্যৌদয়িকার্কাদেব ভুক্তভোগ্যাসবঃ সাধ্যাঃ সূর্য্যোদয়াৎ তৎকালাবধি তদ্রাশের্লগ্নত্বাৎ। নহীষ্টকালে তদ্রাশের্লগ্নং যেন তদ্গতভোগ্যাসবঃ সাধবঃ। নাপি তাৎকালিকার্কাৎ সূর্য্যোদয়াবধিকান্তে তাৎকালিকার্কস্য সূর্য্যোদয়কালিকত্বাভাবাৎ। তৎ কথং ভগবতা সর্ব্বজ্ঞেন ভাস্করাদিষ্টকালিকাদিত্যুক্তমিতি চেৎ। উচ্যতে। উদয়ানাং নাক্ষত্রত্বান্নাক্ষত্রঘট্যো গ্রাহ্যাস্তাস্বসিদ্ধাঃ। সর্ব্বত্র সাধিতঘটীনাং সাবনত্বাৎ। তাসাং নাক্ষত্রীকরণমাবশ্যকমন্যথা তদ্গণনানুপপত্তেঃ তদর্থং গ্রহোদয়প্রাণহতা ইত্যাদ্যুক্ত্যা ষষ্টিসাবনঘটীষু গতিকলোৎপন্নাসবোঽধিকা নাক্ষত্রত্বার্থং তদেষ্টসাবনঘটীষু কিয়দধিকমিত্যনুপাতেনাগতফলযুক্তাঃ সাবনাঃ কার্য্যাঃ। তত্রাগতফলস্য ক্ষেত্রাবয়বোদয়াসুভিরষ্টাদশশতকলাস্তদা গতাসুভিঃ কা ইত্যনুপাতসিদ্ধাষ্টাদশশতোদয়াস্বোর্গুণহরয়োস্তুল্যত্বেন নাশাদবশিষ্টচালনস্বরূপঃ সূর্য্যে যোজিতঃ। সাবনাস্ববিকৃতা এব স্থিতাঃ। তথা চেষ্টকালিকোঽর্কো যৎকালে লগ্নং তৎকালাৎ পূর্ব্বগৃহীতসাবনঘট্যো নাক্ষত্রা এব ভবন্তীতি ভগবতা সম্যগুক্তম্ ভাস্করাদিষ্টকালিকাদিতি। অনেনৈবাভিপ্রায়েণ ভাস্করাচার্য্যৈরপ্যুক্তম্। 'লগ্নার্থমিষ্টঘটিকা যদি সাবনাস্তাস্তাৎকালিকার্ককরণেন ভবেয়ুরার্ক্ষ্যাঃ। আর্ক্ষ্যোদয়া হি সদৃশীভ্য ইহাপনেয়াস্তাৎকালিকত্বমথ ন ক্রিয়তে যদার্ক্ষ্যঃ' ইতি॥

> অভীষ্টঘটিকাসুভ্যো ভোগ্যাসূন্ প্রবিশোধয়েৎ।
> তদ্বৎ তদেষ্যলগ্নাসূনেবং যাতান্ তথোৎক্রমাৎ॥
> শেষং চেৎ ত্রিংশতাভ্যস্তমশুদ্ধেন বিভাজিতম্।
> ভাগহীনং চ যুক্তঞ্চ তল্লগ্নং ক্ষিতিজে তদা॥

অথাভীষ্টঘটিকাভ্য ঋণধনলগ্নসাধনং শ্লোকাভ্যামাহ। অভীষ্টকালে যাঃ সূর্য্যোদয়ঘটিকাস্তাসামসুভ্যো ভোগ্যাসূন্ শোধয়েৎ। তদনন্তরং তদেষ্যলগ্নাসূন্। সূর্য্যাক্রান্তরাশেরগ্রিমরাশয় এষ্যলগ্নানি। তেষামুদয়াসূনপি তদ্বৎ ক্রমেণ শোধয়েৎ। এবমুক্তরীত্যা শেষঘটিকাসুভ্যো যাতান্ ভুক্তাসূন্ ভুক্তরাশ্যুদয়াসূংশ্চ ব্যস্তক্রমাৎ তথা শোধয়েৎ। যো রাশ্যুদয়ো ন শুদ্ধ্যতি সোঽশুদ্ধস্তেন ত্রিংশতা গুণিতং শেষং ভক্তম্। চেদিত্যনেন শেষাভাবে ক্রিয়া ন কার্য্যা শূন্যফলসিদ্ধেরিতি সূচিতম্। ফলেন ভাগাদিনা ভুক্তসম্বন্ধেন হীনং চকারাদশুদ্ধরাশিসংখ্যামানং ভোগ্যসম্বদ্ধভাগাদিফলেন যুক্তং চকারাদস্তিমশুদ্ধরাশিসংখ্যামানং তদাগতরাশ্যাদিমানসম্বন্ধিসম্পাতাবধিকক্রান্তিবৃত্তৈকপ্রদেশরূপং তদাভীষ্টকালে

ক্ষিতিজে ক্ষিতিজবৃত্তপূর্ব্ববিভাগে লগ্নং সমসূত্রসম্বন্ধেন লগ্নস্বরূপোক্ত্যাভীষ্টকালে তল্লগ্নং স্যাদিত্যর্থঃ। ফলাদেশার্থং গ্রহাণাং রেবতীযোগতারাসন্নাবধিতো গ্রহাৎ তৎপঙ্ক্তিস্থলগ্নস্যাপি ফলাদেশার্থং তদেব সমুচিতং গ্রহণমিত্যাগতলগ্নং সম্পাতাবধিকময়নাংশৈর্ব্যস্তং সংস্কুর্য্যাদিতি স্বতঃ সিদ্ধমিতি নোক্তম্। ন চ পূর্ব্বমেব সূর্য্যস্যায়নাংশসংস্কারানুক্ত্যা লগ্নস্যাপি যথাস্থিতমিত্যয়নাংশব্যস্তসংস্কারোঽনুক্তঃ সঙ্গত ইতি বাচ্যম্। স্থূলত্বাল্লগ্নার্থং সূর্য্যোঽয়নাংশসংস্কারস্তস্য তৎসংস্কৃতাদ্ গ্রহাৎ ক্রান্তিচ্ছায়াচরদলাদিকমিত্যত্রাদিপদসংগৃহীতত্বাচ্চ। অথ ভগবতায়নাংশব্যস্তসংস্কারঃ কণ্ঠেন নোক্ত ইতি লগ্নং সম্পাতাবধিকমেব ফলাদেশার্থং গৃহীতম্। সূর্য্যস্য তু লগ্নার্থময়নাংশসংস্কারস্যাবশ্যকত্বাৎ। উদয়ানাং সম্পাতাবধিকত্বাদিতি চেন্মৈবম্। ভাগহীনঞ্চ যুক্তঞ্চ তল্লগ্নং ক্ষিতিজে তদা। ইত্যর্দ্ধস্যাবৃত্ত্যাগ্রিমশ্লোকাদিস্থ প্রাক্‌পশ্চাদিত্যস্যাবৃত্ত্যা চ প্রাক্‌পশ্চাচ্চক্রচলনে ভাগৈরয়নাংশৈঃ ক্রমেণ হীনং যুক্তং লগ্নং স্যাদিত্যর্থেন ভগবতঃ কণ্ঠোক্তেঃ সিদ্ধত্বাচ্চ। অত্রোপপত্তিঃ। অভীষ্টঘটিকাসুভ্যো ভোগ্যগতাসুশোধনে সূর্য্যাক্রান্তরাশির্লগ্নং নেতি জ্ঞাতম্। ততোঽগ্রিমপশ্চাদ্রাশ্যুদয়শোধনে শুদ্ধো রাশির্লগ্নং নেতি জ্ঞাতম্। ততো যো রাশ্যুদয়ো ন শুদ্ধ্যতি স এব রাশিরভীষ্টকালে ক্ষিতিজে লগ্ন ইতি। তস্য কো ভাগো লগ্ন ইতি জ্ঞানার্থমশুদ্ধরাশ্যুদয়াসুভিস্ত্রিংশদ্ভাগাস্তদা শেষাসুভিঃ ক ইত্যনুপাতেন ভুক্তভোগ্যক্রমেণ লগ্নরাশের্ভোগ্যভুক্তভাগাদিকং সিদ্ধম্। তত্র ভোগ্যভাগাস্ত্রিংশতঃ শুদ্ধা গতা ভাগা লগ্নরাশের্ভবন্তীত্যশুদ্ধরাশিসংখ্যাতো ভোগ্যভাগা শুদ্ধা লগ্নং ভবতি। ভুক্তভাগাশ্চ ভুক্তরাশিসংখ্যায়াং যুক্তা লগ্নং ভবতি। অয়নাংশব্যস্তসংস্কারো গ্রহপঙ্‌ক্তিস্থত্বার্থম্। অন্যথা ফলাদেশার্থং গ্রহা অয়নাংশসংস্কৃতা গ্রাহ্যা ইতি সর্ব্বং নিরবদ্যম্॥

প্রাক্‌পশ্চান্নতনাড়ীভিস্তস্মাল্লঙ্কোদয়াসুভিঃ।
ভানৌ ক্ষয়ধনে কৃত্বা মধ্যলগ্নং তদা ভবেৎ॥

অথ প্রসঙ্গান্মধ্যলগ্নানয়নং লগ্নানয়নবিশেষসূচনার্থমাহ। দিনার্দ্ধান্তর্গতদিনগতশেষহীনং দিনার্দ্ধং ক্রমেণ প্রাক্ পশ্চিমং নতং রাত্র্যর্দ্ধান্তর্গতরাত্রিশেষগতযুতং দিনার্দ্ধং প্রাক্ পশ্চিমং নতং জাতকপদ্ধতৌ প্রসিদ্ধম্। নতঘটিকাভিস্তস্মাৎ তাৎকালিকসূর্য্যাৎ। নিরক্ষদেশরাশ্যুদয়াসুভিঃ পূর্ব্বোক্তপ্রকারেণ সিদ্ধরাশিভাগাদিকং প্রাক্‌পশ্চিমনতক্রমেণ সূর্য্যে ক্ষয়ধনে হীনযুতে কৃত্বা তদাভীষ্টকালে মধ্যলগ্নং দশমলগ্নং স্যাৎ। অয়মভিপ্রায়ঃ। প্রাঙ্‌নতে নতঘট্যসুভ্যঃ সূর্য্যাক্রান্তরাশের্নিরক্ষোদয়াসুভির্ভুক্তাসূন্ বিশোধ্য তৎপূর্ব্বরাশীনাং নিরক্ষোদয়াসূংশ্চ বিশোধ্য শেষং ত্রিংশদ্গুণমশুদ্ধনিরক্ষোদয়ভক্তং ফলেন ভাগাদিনা শোধিতগৃহসঙ্খ্যাতুল্যরাশিভিশ্চ সূর্য্যো হীনো মধ্যলগ্নম্। এবং পশ্চিমনতে নতঘট্যসুভ্যঃ সূর্য্যাক্রান্তরাশের্নিরক্ষোদয়াসুভির্ভোগ্যাসূন্ বিশোধ্য তদগ্রিমরাশীনাং নিরক্ষোদয়াসূংশ্চ

বিশোধ্য শেষং ত্রিংশদ্গুণমশুদ্ধলিপ্তাদিযুক্তং যং ফলং স্যাৎ তত্রাপি সূর্য্যাদিনা শোধিতগ্রহসংখ্যাতুল্য-রাশিভিশ্চ সূর্য্যো যুতো মধ্যলগ্নম্। এবং ভুক্তভোগ্যাসুভ্যোঽল্পকালেঽপীষ্টাসবস্ত্রিংশদ্-গুণিতাঃ সূর্য্যাক্রান্তরাশ্যুদয়ভক্তাঃ ফলেন ভাগাদিনা হীনযুতোঽর্কো মধ্যলগ্নং স্যাৎ। অনেন প্রকারেণ লগ্নমপি সাধ্যম্। অত্রোপপত্তিঃ। ঊর্দ্ধযাম্যোত্তরবৃত্তে যঃ ক্রান্তিবৃত্ত-প্রদেশো লগ্নস্তন্মধ্যলগ্নম্। তৎসাধনার্থমভীষ্টকালে যাম্যোত্তরবৃত্তাদ্দ্যুরাত্রবৃত্তে সূর্য্যো যাবতা ঘটীবিভাগাদিনা নতঃ স নতকালঃ। প্রাক্পশ্চিমকপালয়োঃ প্রাক্পশ্চিমসংজ্ঞঃ। অর্দ্ধরাত্রমারভ্যাদিনার্দ্ধপর্য্যন্তং প্রাক্কপালম্। দিনার্দ্ধমারভ্যার্দ্ধরাত্রপর্য্যন্তং পশ্চিমকপালম্। তত্র প্রাঙ্নতে সূর্য্যস্য যাম্যোত্তরবৃত্তাৎ পূর্ব্বস্থত্বেন সূর্য্যাৎ পূর্ব্বরাশিভাগ এব যাম্যোত্তর-বৃত্তলগ্ন ইতি সূর্য্যাদূনমৃণলগ্নরীত্যা নতঘটীভিঃ সাধ্যম্। পশ্চিমনতে তু সূর্য্যস্য যাম্যোত্তর বৃত্তাৎ পশ্চিমস্থত্বেন সূর্য্যাগ্রিমরাশের্ম্মধ্যলগ্নত্বাৎ সূর্য্যাদধিকক্রমলগ্নরীত্যা নতঘটীভিঃ সাধ্যম্। তত্রোদ্বৃত্তাদ্ যাম্যোত্তরবৃত্তস্য পঞ্চদশঘট্যন্তরেণ নিয়তং সত্ত্বান্নিরক্ষোদয়াসুভিঃ সাধ্যমিতি। শেষক্রিয়োপপত্তিস্ত্বতিস্পষ্টতরেতি সংক্ষেপঃ॥" ইতি সূর্য্যসিদ্ধান্তঃ।

লগ্নস্ফুটের উদাহরণ।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুই প্রহরের সময় বা ১৫ দণ্ড ৩৫ পল সময়ে কোন বালকের জন্ম বা প্রশ্নাদি হইলে দেখা যাইতেছে যে ঐ সময়ে রবির স্ফুট ০ রাশি, ০ অংশ, ৫৫ কলা, ৪৬ বিকলা, ২১ অনুকলা, ৩৪ প্রত্যনুকলা। * উহার সহিত ঐ দিবসের তাৎকালিক অয়নাংশ ২০ অংশ, ৪৯ কলা, ১৭ বিকলা যোগ করিলেই সায়ন রবি-রবিস্ফুট ০ রাশি, ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২১ অনুকলা, ৩৪ প্রত্যনুকলা হইল। এইক্ষণ পূর্ব্বোক্ত নিয়মে ঐ সায়ন রবিস্ফুট ০।২১।৪৪।৫৮।২১।৩৪ রাশ্যাদিকে পল করিতে হইবে, সুতরাং দেখা যাইতেছে যে, ভুক্তরাশির সংখ্যা ০ শূন্য অর্থাৎ ১২। এই ১২ বা মীন রাশির সংখ্যায় খণ্ডা ৩৬০০ কে এক স্থানে স্থাপন করিতে হইবে। পরে ত্রৈরাশিক করিয়া দেখিতে হইবে যে, যদি ৩০ অংশে ভোগ্য ২২৬ পল হয়, তাহা হইলে রবিস্ফুটের অবশিষ্টাঙ্ক ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২১ অনুকলা, ৩৪ প্রত্যনুকলাতে কত পল হইবে? সুতরাং ঐ ভোগ্যাঙ্ক ২২৬ কে ঐ ২১।৪৪।৫৮।২১।৩৪ দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩০ দিয়া ভাগ করিলেই উহা নিষ্পন্ন হইবে। এইজন্য ভোগ্যাঙ্ক ২২৬ কে অবশিষ্ট রবি-স্ফুটের অংশাদি ২১।৪৪।৫৮।২১।৩৪ দিয়া পূরণ করিলে গুণফল ৪৯১৫।২৩।৪৯।১৪।২১ হয়। ইহাকে ৩০ দ্বারা ভাগ করিলে লব্ধ ১৬৩।৫০।৪৭।২২।২৮।৪২ হইল। এই অঙ্ককে পূর্ব্বস্থাপিত খণ্ডা ৩৬০০ এর সহিত যোগ করিলে যোগফলাঙ্ক ৩৭৬৩।৫০।৪৭।২২।২৮।৪২ হয়। পরে পূর্ব্বোক্ত ইষ্টদণ্ড ১৫ কে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩৫ পলের সহিত যোগ

* ইহা এই ফলিতজ্যোতিষের ১ম খণ্ডের ৪৭ পৃষ্ঠায় লিখিত হইয়াছে।

করিলে ৯৩৫ পল হইল। ঐ ৯৩৫ পলকে পূর্ব্বাঙ্ক ৩৭৬৩ ইত্যাদির সহিত যোগ দিলে যোগজাঙ্ক ৪৬৯৮।৫০।৪৭।২২।২৮।৪২ হইল। এইক্ষণ দেখা যাইতেছে যে, এই অঙ্ক ১২ রাশি বা এক ভগণ অপেক্ষা অধিক; এজন্য ইহা হইতে ১২ রাশির অঙ্ক ৩৬০০ বিয়োগ করিয়া দেখিতে হইবে যে, অবশিষ্ট ১০৯৮ পলে কত রাশি-অংশাদি হইতে পারে। ইহা জানিতে হইলে দেখিতে হইবে যে, ঐ পল হইতে পূর্ব্বোক্ত লগ্নখণ্ডার কোষ্ঠা সকলের মধ্যে কোন কোষ্ঠার অঙ্কসংখ্যা বিয়োগ হইতে পারে; সুতরাং এখানে দেখা যাইতেছে যে, ঐ লগ্ন-খণ্ডার তৃতীয় কোষ্ঠার অঙ্ক ৭৯০ পূর্ব্বোক্ত পলসংখ্যা হইতে বিয়োগের যোগ্য; অতএব ঐ অঙ্ক হীন করিয়া অবশিষ্ট ৩০৮।৫০।৪৭।২২।২৮।৪২ রহিল। আর ঐ তিন রাশির অঙ্ক হীন হইয়াছে বলিয়া জানা গেল যে, ঐ সময়ে তিন রাশি অতিক্রান্ত হইয়াছে, সুতরাং ঐ তিনকে এক স্থানে সংস্থাপন করা গেল। তৎপরে অবশিষ্ট ৩০৮।৫০।৪৭।২২।২৮।৪২ পলাদিতে কত অংশাদি হইবে, তাহা জানিতে হইবে; সুতরাং ঐ তিন রাশির খণ্ডাকে পরবর্ত্তী অনুখণ্ডা ১১৩০ হইতে বিয়োগ করিলে ৩৪০ অবশিষ্ট রহিল, ইহাই ঐ তিন রাশির শুদ্ধভোগ্য। এইক্ষণ ত্রৈরাশিক করিয়া দেখিতে হইবে যে, যদি ৩৪০ পলে ৩০ অংশ হয়, তাহা হইলে ৩০৮।৫০।৪৭।২২।২৮।৪২ পলাদিতে কত হইবে? সুতরাং ঐ ৩০৮ প্রভৃতি পলাদিকে ৩০ দ্বারা গুণ করিলে গুণফল ৯২৬৫।২৩।৪১।১৪।২১ হইল। পরে ইহাকে ৩৪০ দিয়া ভাগ করিলে ২৭।৯।৪৬।১৯ অংশাদি লব্ধ হয়। অনন্তর ইহার সহিত পূর্ব্বস্থাপিত রাশি ৩ কে যোগ দিয়া যে ৩।২৭।৯।৪৬।১৯ হইল, ইহাই ঐ সময়ের সায়ন লগ্নস্ফুট অর্থাৎ ঐ সময়ে কর্কটলগ্নের ২৭ অংশ, ৯ কলা, ৪৬ বিকলা, ১৯ অনুকলা অতীত হইয়াছে স্থির হইল। এইক্ষণ নিরয়ণমতে লগ্নস্ফুট করিতে হইলে ঐ সায়ন লগ্নস্ফুট হইতে তাৎকালিক অয়নাংশ ২০।৪৯।১৬।৩০ হীন করিতে হইবে। উহা বিয়োগ করিলে যে ৩।৬।২০।৩৪।১৯ হয়, ইহাই ঐ সময়ের নিরয়ণ লগ্নস্ফুট অর্থাৎ ঐ সময় চক্রবালের পূর্ব্বে কর্কটরাশির ৬ অংশ, ২০ কলা, ৩৪ বিকলা, ১৯ অনুকলা উদিত হইয়াছে; ইহারই অপর নাম তনুভাব। ইহার সহিত ৬ রাশি যোগ দিলে যে ৯।৬।২০।৩৪।১৯ হয়, ইহাই জায়াভাব অর্থাৎ মকররাশির ৬ অংশ, ২০ কলা, ৩৪ বিকলা, ১৯ অনুকলা সপ্তমভাব।

দশমলগ্নসাধনম্।

এবং লঙ্কোদয়ৈঃ খণ্ডৈঃ পশ্চান্নতপলাদ্রবেঃ।
প্রাগ্‌নতে তু সষড়্‌ভার্কাদুন্নতাদ্দশমোদয়ঃ॥

লগ্নস্ফুট সাধনে যে সমস্ত প্রক্রিয়া উক্ত হইয়াছে, দশমলগ্ন সাধনেও ঐ সমস্ত করিতে হইবে কেবল খণ্ডা গ্রহণ এবং শোধন স্থলে লঙ্কোদয় খণ্ডা গ্রহণ এবং হীন করিতে হইবে,

আর ইষ্টদণ্ড যোগস্থলে পশ্চান্নত দণ্ডকে পল করিয়া যোগ করিবে। আর প্রাঙ্‌নত দণ্ডস্থলে সায়ন রবিস্ফুটের রাশির সহিত ছয় যোগ করিয়া (১২ বারর অধিক হইলে বার হীন করিয়া) শেষ যে অঙ্ক থাকিবে, ঐ সংখ্যায় লঙ্কোদয়খণ্ডায় যে অঙ্ক থাকিবে, তাহা গ্রহণ করিয়া লগ্নস্ফুট সাধনের রীত্যনুসারে সমস্ত কার্য্য করিবে; কিন্তু ইষ্টদণ্ড যোগস্থলে উন্নত দণ্ডাদিকে পল করিয়া যোগ করিবে এবং শেষ লগ্নস্ফুট সাধনের ন্যায় সমস্ত প্রক্রিয়া করিয়া যে রাশ্যাদি হইবে, তাহা দশম গৃহ বা কর্ম্মভাব বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

দশমলগ্নের উদাহরণ।

তোষিণীমতে দশমোদয় গণনা করিতে হইলে প্রথমতঃ প্রাঙ্‌নত, পশ্চান্নত ও উন্নত গণিত করিতে হয়। (ইহার বচন ও অনুবাদ পূর্ব্বে উল্লিখিত হইয়াছে।) এই দশমলগ্ন স্থির করিতে হইলে পূর্ব্বমত অভীষ্ট সময়ের সায়নরবি গণনা করিতে হয়। ১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুইপ্রহর সময়ের লগ্নস্ফুট গণনা কালীন সায়নরবিস্ফুট ০।২১।৪৪।৫৮।২৬।৪ স্থিরীকৃত হইয়াছে এবং ঐ দিবসের দিনমান ৩১ দণ্ড ১০ পল, দিনার্দ্ধ ১৫ দণ্ড ৩৫ পল, দুইপ্রহরের পূর্ব্বে প্রশ্ন হওয়াতে এস্থলে প্রাঙ্নত হইল। দুইপ্রহরের মান ১৫ দণ্ড ৩৫ পল হইতে জন্ম বা প্রশ্নসময় ১৫ দণ্ড ৩৫ পল বিয়োগ করিলে ০।০ অবশিষ্ট থাকে, ইহার নাম প্রাঙ্নত। প্রাঙ্নতস্থলে পূর্ব্বোক্ত সায়নরবিস্ফুট ০।২১।৪৪।৫৮।২৬।৪ এর সহিত ৬ ছয় রাশি যোগ করিলে ৬।২১।৪৪।৫৮।২৬।৪ হইল; অতএব ছয় রাশিসংখ্যায় লঙ্কোদয় খণ্ডা ১৮০০, এই অঙ্ককে একস্থানে সংস্থাপিত কর। পরে পূর্ব্বমত ঐ খণ্ডা ১৮০০ কে তৎপরবর্ত্তী খণ্ডা ২০৭৮ হইতে হীন করিলে ২৭৮ অবশিষ্ট থাকে, ইহাই ভোগ্য। এক্ষণে দেখিতে হইবে যে, যদি ৩০ অংশে ২৭৮ পল হয়, তবে ঐ ২১ অংশ ৪৪ কলা, ৫৮ বিকলা, ২৬ অনুকলা, ৪ প্রত্যনুকলাতে কত পলাদি হইবে; সুতরাং ঐ সকল অঙ্ককে ২৭৮ দ্বারা গুণ করিলে ৬০৪৬।২২।৪৪।৪৬।৩২ হয়। ঐ গুণফলকে ৩০ দ্বারা ভাগ করিলে লব্ধ ২০১।৩২।৪৫।২৯।৩৩।৪ পলাদি হইয়া থাকে। অনন্তর পূর্ব্বোক্ত খণ্ডা ১৮০০ এর সহিত ঐ লব্ধাঙ্ক যোগ দিলে যোগজাঙ্ক ২০০১।৩২।৪৫।২৯।৩৩।৪ হইল। পরে প্রাঙ্নত-স্থলে উন্নত দণ্ডকে পল করত উহার সহিত যোগ দিতে হয়, সুতরাং উন্নতদণ্ড ৩০ কে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফল ১৮০০ পলকে পূর্ব্বস্থাপিত অঙ্কের সহিত যোগ করিয়া যোগজাঙ্ক ৩৮০১।৩২।৪৫।২৯।৩৩।৪ হইল। ইহা হইতে খণ্ডা শোধন করিতে হইবে, অর্থাৎ দেখিতে হইবে যে, লঙ্কোদয় খণ্ডাসকলের মধ্যে কোন্ খণ্ডা ইহা হইতে হীন হইতে পারে। এক্ষণে দেখা গেল যে ১২ রাশির খণ্ডা ৩৬০০ হইতে ইহা বিযুক্ত হইতে পারে, তাহা বিয়োগ করিলে ২০১।৩২।৪৫।২৯।৩৩।৪ অবশিষ্ট থাকে। এইক্ষণ দেখিতে হইবে

ন্বে, এই ২০।১।৩২।৪৫।২৯।৩৩।৪ পলাদিতে কত অংশ হইতে পারে, এজন্ত ত্রৈরাশিকমতে ৩০ অংশকে ঐ অঙ্ক দিয়া পূরণ করত ২৭৮ দ্বারা ভাগ করিলে ২১।৪৪।৫৮।২৬।৪ অংশাদি লব্ধ হয়। উহার সহিত পূর্ব্বোক্ত ১২ রাশি যোগ করিলে ১২।২১।৪৪।৫৮।২৬।৪ হয়, কিন্তু ১২ রাশিতে এক ভগণ বলিয়া এক ভগণ হীন করিলে যে ০।২১।৪৪।৫৮।২৬।৪ হয়, ইহাই সায়নমতে দশমলগ্নস্ফুট। ইহা হইতে ঐ দিবসের অয়নাংশ ২০।৪৯।১৬।৩০ হীন করিলে যে ০।০।৫৫।৪৬।২১।৩৪ অবশিষ্ট থাকে, ইহাই ঐ সময়ের নিরয়ণ দশমলগ্নস্ফুট বা কর্ম্মভাব। ইহার সহিত ৬ রাশি যোগ করিলে চতুর্থলগ্ন বা বন্ধুভাব হইবে।

স্ব ষড়্ভশ্চতুর্থং স্যাত্তল্লগ্নোনং গুণৈর্হৃতম্।
একং দ্বিঘ্নং ক্ষিপেল্লগ্নে স্যাতাং ভাবৌ ধনানুজৌ॥

উক্ত দশমলগ্নের রাশির সহিত ছয় রাশি যোগ করিলে চতুর্থ অর্থাৎ বন্ধুভাব হইবে। ঐ চতুর্থ গৃহের রাশ্যাদি হইতে লগ্নস্ফুট রাশ্যাদি হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ককে লগ্নস্ফুট-রাশ্যাদির সহিত যোগ করিলে ধনভাব (দ্বিতীয় গৃহ) হইবে এবং ঐ লব্ধাঙ্ককে দ্বিগুণ করিয়া লগ্নস্ফুটের রাশ্যাদির সহিত যোগ করিলে সহজভাব (তৃতীয় গৃহ) হইবে।

ধনভাব ও সহজভাবের উদাহরণ।

পূর্ব্বোক্ত দশমলগ্ন ০।০।৫৫।৪৬।২১।৩৪ এর সহিত ৬ রাশি যোগ দিয়া বন্ধুভাব ৬।০।৫৫।৪৬।২১।৩৪ হইয়াছে। ইহা হইতে লগ্ন ৩।৬।২০।৩৪।১৯ হীন করিলে যে ২।২৪।৩৫।১২।২।৩৪ অবশিষ্ট থাকে, ইহাকে ৩ দ্বারা ভাগ করিলে লব্ধ রাশ্যাদি ০।২৮।১১।৪৪।০।৫১।২০ হয়, ইহাকে লগ্নের সহিত যোগ দিলে যে ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ হইল, ইহাই দ্বিতীয় গৃহ বা ধনভাব। ইহার সহিত ৬ রাশি যোগ করিলে অষ্টম গৃহ বা নিধনভাব হইবে। অনন্তর ঐ তিন দ্বারা ভাগলব্ধ ০।২৮।১১।৪৪।০।৫১।২০ কে দ্বিগুণ করিলে ১।২৬।২৩।২৮।১।৪২।৪০ হইল। এই অঙ্ককে পূর্ব্বোক্ত লগ্নের সহিত সংযুক্ত করিলে যে ৫।২।৪৪।২।২০।৪২।৪০ হয়, ইহাই তৃতীয় গৃহ বা সহজভাব। ইহার সহিত ছয় রাশি যোগ করিলে ৯ম গৃহ ধর্ম্মভাব হইবে।

দ্যূনাচ্চতুর্থং সংশোধ্য শেষমেকদ্বিতাড়িতম্।
ত্র্যাপ্তং দদ্যাদ্বন্ধুভাবে স্যাতাং ভাবৌ সুতারিষৌ॥

সপ্তম অর্থাৎ জায়াভাবের রাশ্যাদি হইতে বন্ধুভাবের (চতুর্থের) রাশ্যাদি বিয়োগ করিয়া যাহা শেষ থাকিবে, তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক বন্ধুভাবের রাশ্যাদিতে যোগ করিলে সুতভাব (পঞ্চম গৃহ) হইবে। আর শেষাঙ্ককে দ্বিগুণ করিয়া তিন

দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক বন্ধুভাবের রাশ্যাদির সহিত যোগ করিলে ষষ্ঠ অর্থাৎ রিপুভাব হইবে।

পুত্রভাব ও রিপুভাবের উদাহরণ।

পূর্ব্বোক্ত চতুর্থলগ্ন ৬।০।৫৫।৪৬।২১।৩৪ কে সপ্তমলগ্ন বা জায়াভাব ৯।৬।২০।৩৪।১৯ হইতে হীন করিলে যে ৩।৫।২৪।৪৭।৫৭।২৬ অবশিষ্ট থাকে ইহাকে ৩ দ্বারা ভাগ করিলে লব্ধ ১।১।৪৮।১৫।৫৯।৮।৪০ হয়। পরে এই ভাগলব্ধাঙ্ককে পূর্ব্বোক্ত বন্ধুভাব ৬।০।৫৫।৪৬।২১।৩৪ এর সহিত যোগ করিলে যে ৭।২।৪৪।২।২০।৪২।৪ হয়, ইহাই পঞ্চমগৃহ বা পুত্রভাব, ইহার সহিত ছয় রাশি যোগ করিলে একাদশ গৃহ বা আয়ভাব হইবে। পরে ঐ অবশিষ্টাঙ্ক ৩।৫।২৪।৪৭।৫৭।২৬ কে দ্বিগুণ করিলে যে ৬।১০।৪৯।৩৫।৫৪।৫২ হয়, তাহাকে ৩ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক যে ২।৩।৩৬।৩১।৫৮।১৭।২০ হয়, ইহাকে পূর্ব্বোক্ত বন্ধুভাবের সহিত যোগ করিলে যে ৮।৪।৩২।১৮।১০।৫১।২০ হয় ইহাই ষষ্ঠগৃহ বা রিপুভাব নামে কথিত হইয়া থাকে। ইহার সহিত ছয় রাশি যোগ করিলে দ্বাদশ গৃহ বা ব্যয়ভাব হইবে।

এবং লগ্নাদিষড়্ভাবাঃ সষড়্ভাঃ স্যুর্দ্ব্যূনাদয়ঃ।
ভাবৈক্যার্দ্ধং ভবেৎ সন্ধিস্তৎস্থঃ স্যাদফলো গ্রহঃ॥

এইপ্রকারে লগ্নাদি ছয় ভাবের রাশ্যাদিতে যথাক্রমে ছয় রাশি যোগ করিলে সপ্তমাদি ছয় ভাব হইবে। উভয় ভাবে ঐক্য করিয়া যে রাশ্যাদি হইবে, তাহাকে দুই সমভাগ অর্থাৎ অর্দ্ধভাগ করিলে যে রাশ্যাদি হইবে, তাহা সেই উভয় রাশির সন্ধি বলিয়া নির্দ্দিষ্ট হইবে এবং জন্মাদি সময়ে ঐ সন্ধিস্থলে যে গ্রহ অবস্থিতি করিবে, সে গ্রহ অফল অর্থাৎ শুভাশুভ কোন ফলদাতা হইবে না।

এইক্ষণ জায়াভাব, নিধনভাব, ধর্ম্মভাব, কর্ম্মভাব, আয়ভাব ও ব্যয়ভাব যেরূপে গণিত করিতে হইবে, তাহা নিম্নে কথিত হইতেছে যথা ;—তনুভাব ৩।৬।২০।৩৪।১৯ ইহার সহিত ৬ ছয় রাশি যোগ করিলে যে ৯।৬।২০।৩৪।১৯ হইল, ইহাই ৭ম গৃহ বা জায়াভাব নামে অভিহিত হয়। পূর্ব্বোক্ত ধনভাব ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ ইহার সহিত ৬ ছয় রাশি যোগ করিলে যে ১০।৪।৩২।১৮।১৯।৫১।২০ হইল, ইহাই ৮ম গৃহ বা নিধনভাব। পূর্ব্বোক্ত তৃতীয়ভাব যে ৫।২।৪৪।২।২০।৪২।৪০ হইয়াছে, ইহার সহিত ৬ ছয় রাশি যোগ করিলে যে ১১।২।৪৪।২।২০।৪২।৪০ হইবে, ইহাই ৯ম গৃহ বা ধর্ম্মভাব। দশম গৃহ বা কর্ম্মভাব ০।০।৫৫।৪৬।২১।৩৪ ইহা পূর্ব্বেই কথিত হইয়াছে। আর পূর্ব্বোক্ত পুত্রভাব ৭।২।৪৪।২।২০।৪২।৪০ ইহার সহিত ছয় রাশি যোগ করিলে যে ১৩।২।৪৪।২।২০।৪২।৪০ হয় ; ইহাই ১১শ গৃহ বা আয় ভাব ; কিন্তু এই স্থলে ১২ রাশির অধিক হইয়াছে, আর ১২ রাশিতে এক ভগণ সুতরাং উহা হইতে ১২ রাশি হীন করিয়া যে ১।২।৪৪।২।২০।৪২।৪০ হইবে, ইহাই ঐ

আয়ভাব (সর্ব্বত্রই এইরূপ করিবে)। আর পূর্ব্বোক্ত যে রিপুভাব ৮।৪।৩২।১৮।১৯।৫১।২০ হইয়াছে, ইহার সহিত ছয় রাশি যোগ করিলে যে ২।৪।৩২।১৮।১৯।৫১।২০ হয়, উহাই দ্বাদশ গৃহ বা ব্যয়ভাব বলিয়া কথিত হইবে।

তন্বাদি দ্বাদশভাবের সন্ধিগণনার উদাহরণ।

পূর্ব্বোক্ত তনুভাব ৩।৬।২০।৩৪।১৯ এবং ধনভাব যে ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ কথিত হইয়াছে, এই ভাবদ্বয় পরস্পর একত্র করিলে ৭।১০।৫২।৫২।৩৮।৫১।২০ হয়; ইহাকে ২ দুই দিয়া ভাগ বা উহার অর্দ্ধাংশ যে ৩।২০।২৬।২৬।১৯।২৫।৪০ হয়, ইহাকেই তনুভাবের সন্ধি কহে; ইহার সহিত ৬.রাশি যোগ করিলে যে ৯।২০।২৬।২৬।১৯।২৫।৪০ হয়, ইহাই পত্নীভাবের সন্ধি। পূর্ব্বে যে ধনভাব ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ লিখিত হইয়াছে এবং সহজভাব যে ৫।২।৪৪।২।২০।৪২।৪০ লিখিত হইয়াছে, এই ভাবদ্বয়কে পরস্পর সংযুক্ত করিলে ৯।৭।১৬।২০।৪০।৩৪।০ হয়, ইহাকে পূর্ব্ববৎ ২ দ্বারা ভাগ করিলে লব্ধ ৪।১৮।৩৮।১০।২০।১৭।০ হইল, ইহাই ধনভাবের সন্ধি, ইহাতে ছয়রাশি যোগ করিলে যে ১০।১৮।৩৮।১০।২০।১৭ হয়, ইহাই নিধনভাবের সন্ধি। সহজভাব ৫।২।৪৪।২।২০।৪২।৪০ এবং বন্ধুভাব ৬।০।৪৫।৪৬।২১।৩৪ এই দুইটী ভাবকে এক করিলে যে ১১।৩।৩৯।৪৮।৪২।১৬।৪০ হয়, ইহার অর্দ্ধাংশ ৫।১৬।৪৯।৫৪।২১।৮।২০ কেই সহজ ভাবের সন্ধি কহে, ইহার সহিত ছয় রাশি যোগ করিলে ১১।১৬।৪৯।৫৪।২১।৮।২০ হয়, ইহাকেই ধর্ম্মভাবের সন্ধি কহে। পূর্ব্বোক্ত বন্ধুভাবের সহিত পুত্রভাব ৭।২।৪৪।২।২০।৪২।৪০ কে যোগ দিলে ১৩।৩।৩৯।৪৮।৪২।১৬।৪০ হয়, ইহার অর্দ্ধভাগ ৬।১৬।৪৯।৫৪।২১।৮।২০ কে বন্ধুভাবের সন্ধি কহে এবং ইহাতে ছয় রাশি যোগ করিলে যে ০।১৬।৪৯।৫৪।২১।৮।২০ হয়, ইহাই কর্ম্মভাব বা দশম-ভাবের সন্ধি। পূর্ব্বোক্ত পুত্রভাব ৭।২।৪৪।২।২০।৪২।৪০ এর সহিত রিপুভাব ৮।৪।৩২।১৮।১৯।৫১।২০ যোগ করিলে ১৫।৭।১৬।২০।৪০।৩৪।০ হয়, ইহার অর্দ্ধাংশ ৭।১৮।৩৮।১০।২০।১৭ ইহাই পুত্রভাবের সন্ধি এবং ইহাতেই ছয় রাশি যোগ করিলে যে ১।১৮।৩৮।১০।২০।১৭ হইবে, ইহাই আয়ভাবের সন্ধি আর পূর্ব্বোক্ত রিপুভাব ৮।৪।৩২।১৮।১৯।৫১।২০ ইহার সহিত পত্নীভাব ৯।৬।২০।৩৪।১৯ যোগ করিলে ১৭।১০।৫২।৫২।৩৮।৫১।২০ হয়, ইহার অর্দ্ধভাগ যে ৮।২০।২৬।২৬।১৯।২৫।৪০ ইহাকেই রিপুভাবের সন্ধি কহে এবং ইহার সহিত ছয় রাশি যোগ করিলে যে ২।২০।২৬।২৬।১৯।২৫।৪০ হয়, ইহাই ব্যয়ভাব বা দ্বাদশভাবের সন্ধি বলিয়া অভিহিত হয়।

যোগেঽন্তরে বা কর্ত্তব্যে মীনাজয়োর্যথা তথা।
মেষে দ্বাদশ সংমিশ্র্য কুর্য্যাদ্ যোগান্তরং বুধঃ ॥

মীন এবং মেষের যোগ বা বিয়োগ করিতে হইলে যেরূপ অঙ্ক থাকে, সেইরূপ

করিবে এবং যদি মেষ হইতে মীন অন্তর করিতে হয়, তবে পণ্ডিতগণ মেষে দ্বাদশ যোগ করিয়া অন্তর করিবেন।

অন্তরং ষড়্ভতো ন্যূনং ন চেচ্চক্রে ত্যজেত্তদা।

অন্তর করিলে যদি ছয় রাশির ন্যূন হয়, তবে চক্র অর্থাৎ দ্বাদশ রাশি হইতে তাহা পুনরায় হীন করিবে না, আর যদি অন্তর করিয়া ছয় রাশির অধিক হয়, তবে তাহাকে পুনরায় দ্বাদশ হইতে হীন করিবে।

গতৈষ্যসন্ধিমধ্যে যো ভাবস্তস্বাদিকো ভবেৎ।
তত্র তত্র স্থিতো দদ্যাত্তত্তদ্ভাবফলং গ্রহঃ॥

গত এবং গমনীয় সন্ধি রাশ্যাদি মধ্যে যে ভাবের রাশ্যাদি থাকিবে এবং তাহাতে যদি কোন গ্রহের স্ফুটরাশ্যাদি থাকে, তাহা হইলে সেই গ্রহ যে সন্ধিতে থাকিবে, সেই ভাবের ফল দান করিবে।

গতসন্ধিক্রমাদ্বৃদ্ধ্যা ফলং ভাবসমাংশকে।
পূর্ণং তস্মাৎ পূর্ণহ্রাসাদেষ্যসন্ধৌ গ্রহোঽফলঃ॥

গ্রহগণ গতসন্ধি হইতে ভাবফল দান করিতে আরম্ভ করিয়া ক্রমে ক্রমে ভাবের শেষ অংশে সম্পূর্ণ ফল দান করেন। আর ভাবের শেষ অংশ হইতে গমনীয় সন্ধিতে ক্রমে ফলের হ্রাস করত গম্য সন্ধির শেষ অংশে গ্রহ অবস্থিতি করিলে সেই গ্রহ অফল অর্থাৎ ফলদাতা হয় না।

ভাবান্ন্যূনাধিকঃ খেটো গতৈষ্যসন্ধিনান্তরঃ।
কলিতঃ স্যাৎ ফলং ভাবে সন্ধিভাবান্তরাংশহৃৎ॥

যে গ্রহ যে ভাবে থাকিবে, সেই গ্রহ সেই ভাবে কি পরিমাণে ফল দান করিবে তাহা কথিত হইতেছে। যে গ্রহ যে ভাবে অবস্থিতি করিবে ঐ ভাবের স্ফুটরাশ্যাদি হইতে গ্রহস্ফুট রাশ্যাদি ন্যূন হইলেগ্রাহস্ফুট রাশ্যাদি হইতে গতসন্ধির স্ফুটরাশ্যাদি হীন করিবে, আর যে ভাবের গণনা হইতেছে, তাহা হইতে যদি গ্রহস্ফুট অধিক হয়, তবে গম্যসন্ধি হইতে গ্রহস্ফুট হীন করত শেষ অংশকে কলা করিয়া কলার সহিত যোগ করিয়া সংস্থাপন করিবে, সেই সন্ধি ও ভাবের পরস্পরের স্ফুটরাশ্যাদি অন্তর করিয়া শেষ যে অংশ থাকিবে, তাহা দ্বারা পূর্ব্বস্থাপিত কলাকে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, সেই গ্রহ তত কলা পরিমিত ফল দান করিবে।

কোন্ গ্রহ কোন্ ভাবে কত ফল দিবে, তাহা যেরূপে গণনা করিতে হয় তাহার উদাহরণ।

রবি—রবিস্ফুট ০।০।৫৫।৪৬।২১।৩৪ আর দশমভাবও ০।০।৫৫।৪৬।২১।৩৪, সুতরাং ঐ

রবি দশমভাবের সম্পূর্ণ ফলদাতা। এস্থলে ভাব ও স্ফুট উভয়েই সমান হইয়াছে বলিয়া কোনরূপ গণনা করিতে হইল না, কিন্তু যেখানে সমান হইবে না তথায় নিয়মানুসারে গণনা করিতে হইবে।

চন্দ্র—চন্দ্রস্ফুট ৮।৫।৩৯।২ আর রিপুসন্ধি ৮।২০।২৬।২৬ ইহা হইতে চন্দ্রস্ফুট অন্তর করিলে ১৪ অংশ, ৪৭ কলা, ২৪ বিকলা অবশিষ্ট থাকে। ঐ ১৪ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত ৪৭ কলা যোগ দিলে ৮৮৭ কলা হয়; পরে ঐ রিপুসন্ধি ও রিপুভাব পরস্পর অন্তর করিলে ১৬ অংশ থাকে, সুতরাং ঐ ১৬ দ্বারা ৮৮৭।২৪ কে ভাগ করিলে ৫৫ কলা ২৮ বিকলা লব্ধ হয়, এজন্য ঐ চন্দ্র রিপুভাবে ৫৫ কলা ২৮ বিকলা ফল দিবে।

মঙ্গল—মঙ্গলের স্ফুট ০।২।২৭।৪ কে কর্ম্মভাবের সন্ধি ০।১৬।৪৯।৫৪ হইতে হীন করিলে ১৪ অংশ, ২২ কলা, ৫০ বিকলা থাকে। পরে ঐ ১৪ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত ২২ কলা যোগ দিলে ৮৬২ কলা, ৫০ বিকলা হয়। অনন্তর কর্ম্মভাব ও কর্ম্মভাব-সন্ধির অন্তর ১৬ অংশ দ্বারা উহাকে ভাগ করিলে লব্ধ ৫৩ কলা, ৫৬ বিকলা হয়; ইহাই ঐ ভাবে মঙ্গলের ফল অর্থাৎ মঙ্গল ঐ কর্ম্মভাবে ৫৩ কলা, ৫৬ বিকলা ফল প্রদান করিবেন।

বুধ—বুধের স্ফুট ১১।৩।৩৯।১৫ কে দশমভাবের সন্ধি ০।১৬।৪৯।৫৪ হইতে হীন করিলে ১৩ অংশ, ১০ কলা, ৩৯ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ ১৩ অংশকে ৬০ দিয়া গুণ করিয়া ৭৮০ অংশের সহিত ১০ কলা যোগ করিলে ৭৯০।৩৯ হয়। পরে ঐ ভাব ও সন্ধির অন্তরাংশ ১৬ দ্বারা ভাগ করিলে ৪৯ কলা, ২৫ বিকলা লব্ধ হয়। অর্থাৎ ঐ ভাবে বুধ ৪৯ কলা, ২৫ বিকলা ফল প্রদান করিবে।

বৃহস্পতি—বৃহস্পতির স্ফুট ৬।১১।২১।১৮ কে বন্ধুভাবের সন্ধি ৬।১৬।৪৯।৫৪ হইতে হীন করিলে, ৫ অংশ, ২৮ কলা ৩৬ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ ৫ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত ২৮ কলা যোগ করিলে ৩২৮।৩৬ হয়। উহাকে ঐ ভাব ও সন্ধির অন্তর ১৬ অংশ দ্বারা ভাগ করিলে লব্ধ ২০ কলা, ৩২ বিকলা হয়, অর্থাৎ বৃহস্পতি ঐ বন্ধুভাবে ২০ কলা, ৩২ বিকলা ফল প্রদান করিবে।

শুক্র—শুক্রের স্ফুট ১।২।৪৮।২৮ কে আয়সন্ধি ১।১৮।৩৮।১০ হইতে হীন করিলে ১৫ অংশ, ৪৯ কলা, ৪২ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ ১৫ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফল ৯০০ কলার সহিত ৪৯ যোগ করিলে ৯৪৯।৪২ হয়। অনন্তর ঐ ৯৪৯।৪২ কে আয়ভাব ও সন্ধির অন্তর ১৬ অংশ দ্বারা ভাগ করিলে ৫৯ কলা, ২১ বিকলা লব্ধ হয়; অর্থাৎ ঐ শুক্র আয়ভাবে ৫৯ কলা, ২১ বিকলা ফল দিবে।

শনি—শনির স্ফুট ২।২৫।৪৭।৫৯ কে তনুভাবের সন্ধি ৩।২০।২৬।২৬ হইতে হীন করিলে ২৪ অংশ, ৩৮ কলা, ২৭ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ অংশকে ৬০ দ্বারা গুণ করিলে গুণফল ১৪৪০ কলার সহিত ৩৮ কলা যোগ দিয়া ১৪৭৮।২৭ হইল। অনন্তর ঐ ভাব ও সন্ধির অন্তরাংশ ১৪ দ্বারা উহাকে ভাগ করিলে লব্ধ ১০৫ কলা, ৩৬ বিকলা হয়; ইহাতে জানা গেল যে, ঐ শনি ব্যয়ভাবে ১০৫ কলা, ৩৬ বিকলা ফল প্রদান করিবেন।

যাত্রাজন্মবিবাহাদৌ সর্ব্বমঙ্গলকর্ম্মণি।
এবং ভাবফলং জ্ঞাত্বা বদেদ্বিদ্বান্ শুভাশুভম্॥

যাত্রা, জন্ম, বিবাহ এবং উপনয়ন প্রভৃতি সমস্ত মঙ্গল কর্ম্মের শুভাশুভ প্রশ্ন হইলে উক্ত প্রকারে সমস্ত ভাবের ফল জানিয়া বিদ্বান্ ব্যক্তি সেই সেই কর্ম্মের শুভাশুভ ফল কহিবেন।

ইতি ফলিত-জ্যোতিষতৃতীয়খণ্ডে তোষিণ্যাং ভাবাধ্যায়ঃ সমাপ্তঃ॥

তাজকমতে লগ্নসাধনম্।

তৎকালসায়নার্কস্য ভুক্তভোগ্যাংশসংগুণাৎ। স্বোদয়াৎ খাগ্নিলব্ধং যদ্ ভুক্তং ভোগ্যং রবেস্ত্যজেৎ॥ ইষ্টনাড়ীপলেভ্যশ্চ গতগম্যান্নিজোদয়ান্। শেষং খত্র্যাহতং ভক্তমশুদ্ধেন লবাদিকং॥

জন্ম সময়ের রবিস্ফুটে অয়নাংশাদি যোগ করিলে যে রাশ্যাদি হইবে, তাহার ভুক্ত ও ভোগ্য অংশাদিকে দুই স্থানে রাখিয়া সায়ন রবির রাশি সংখ্যার লগ্নখণ্ডা দ্বারা উভয়কে পূরণ করিলে যে দুইটী গুণফল হইবে, তাহাদিগকে ৩০ দিয়া ভাগ করিলে যে দুইটী ভাগফল লব্ধ হইবে তাহাদিগকে জন্মসময়ের দণ্ডাদিকে পল করিয়া তাহা হইতে বিয়োগ করিতে হইবে। এইরূপ বিয়োগ করিয়া যে দুইটী বিয়োগাবশিষ্ট অঙ্ক থাকিবে, তাহাদের মধ্যে যেটী ভুক্তাংশ-সংগুণিত, তাহা হইতে গৃহীত খণ্ডার পূর্ব্ব পূর্ব্ব রাশির খণ্ডার অঙ্ক ক্রমে যত বিয়োগ হইতে পারে তত বিয়োগ করিবে; আর যেটী ভোগ্যাংশ-সংগুণিত, তাহা হইতে গৃহীত রাশির পর পর রাশির খণ্ডার যতটী বিয়োগ করা যাইতে পারে তাহাও বিয়োগ করিবে। পরে অবশিষ্ট অঙ্কদ্বয়কে ৩০ ত্রিশ দ্বারা গুণ করিয়া ঐ দুই-গুণফলের মধ্যে যেটী ভুক্তাংশ গুণিত অঙ্ক তাহাকে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা হইয়াছে, তাহার পূর্ব্ব রাশির খণ্ডার অঙ্ক দ্বারা ভাগ করিবে এবং যেটী ভোগ্যাংশ গুণিত অঙ্ক তাহাকে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা হইয়াছে, তাহার পর রাশির খণ্ডার

অঙ্ক দ্বারা ভাগ করিতে হইবে। পরে এই দুইটী লব্ধাঙ্ক অংশাদি মধ্যে যেটী ভুক্তাংশ-গুণিত অঙ্ক তাহাকে পূর্ব্বে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা গিয়াছে, তাহার পূর্ব্ব রাশির অঙ্ক সংখ্যা হইতে বিয়োগ করিবে এবং যেটী ভোগ্যাংশ গুণিত অঙ্ক, তাহাতে পূর্ব্বে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা গিয়াছে, সেই রাশির অঙ্ক সংখ্যা যোগ করিবে। পরে এই দুই অঙ্ক হইতে অয়নাংশ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাই লগ্নস্ফুট জানিবে। এ স্থানে ভুক্তাংশ-গুণিত ও ভোগ্যাংশ-গুণিত, এই উভয়ই তুল্য ফল হইবে কেবল প্রক্রিয়ার বিভিন্নতামাত্র।

তাজকমতে লগ্নস্ফুটের উদাহরণ।

১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুই প্রহর সময়ের ইষ্টদণ্ডপল ৯৩৫। সায়নরবি ০।২১।৪৪।৫৮।২১।৩৪ রবির ভোগ্যাংশ ৮।১৫।১।৩৮।২৬ কে মেষলগ্নমান ২২৬ পল দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩০ দ্বারা ভাগ করিলে লব্ধ ৬২।৯।১২।২৩।৩১।৫২ হয়। পরে ইষ্টদণ্ড পল ৯৩৫ হইতে ঐ লব্ধাঙ্ক হীন করিলে ৮৭২।৫০।৪৭।৩৬।২৮।৮ থাকে। পরে উহা হইতে বৃষ ও মিথুনলগ্নমান হীন করিলে ৩০৮।৫০।৪৭।৩৬।২৮।৮ হয়। ঐ অবশিষ্টাঙ্ককে ৩০ দিয়া গুণ করিয়া গুণফলকে মিথুনের ভোগ্য ৩৪০ দিয়া ভাগ করিলে লব্ধ ২৭।১৫।৪।৮।৩০।৪৩।৪ অংশাদি হয়। পরে ইহার সহিত ঐ ৩ রাশি যোগ দিয়া যে ৩।২৭।১৫।৪।৮।৩০।৪৩।৪ হয়, ইহাই ঐ সময়ের সায়ন লগ্নস্ফুট। আর উহা হইতে অয়নাংশাদি ২০।৪৯।১২ হীন করিয়া যে ৩।৬।২৫।৫২।৮।৩০।৪৩।৪ হয়, ইহাই ঐ সময়ের নিরয়ণ লগ্নস্ফুট।

তাজকমতে দশমলগ্নসাধনম্।

অশুদ্ধশুদ্ধভে হীনযুক্ তনুর্দ্ব্যয়নাংশকম্।
এবং লঙ্কোদয়ৈর্ভুক্তং ভোগ্যং শোধ্যং পলীকৃতাৎ ॥

দশমলগ্ন সাধনে প্রায় সমস্ত প্রক্রিয়াই লগ্নসাধন প্রক্রিয়ার ন্যায়, কেবল এই মাত্র প্রভেদ যে, লগ্নসাধনে সাধারণ লগ্ন খণ্ডা ও জন্মসময়ের দণ্ডাদির অঙ্ক লইয়া কার্য্য করিতে হইয়াছে, দশম লগ্নসাধনে লঙ্কোদয় খণ্ডা ও প্রাঙ্নত বা পশ্চান্নত দণ্ডাঙ্ক গ্রহণ করিয়া কার্য্য করিবে। দিনার্দ্ধের বা রাত্র্যর্দ্ধের পূর্ব্বভাগে হইলে প্রাঙ্নত এবং পরভাগে হইলে পশ্চান্নত দণ্ড গ্রহণ করিবে।

তাজকমতে দশমলগ্নের উদাহরণ।

১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুইপ্রহর সময়ের সায়ন রবিস্ফুট বা রবির ভুক্তাংশ ০।২১।৪৪।৫৮।২৬।৪ প্রাঙ্নতদণ্ড ০।০। ঐ ভুক্তাংশকে মীন রাশির লঙ্কোদয় পল ২৭৮ দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩০ দ্বারা ভাগ করিয়া লব্ধ ২০১।৩২।৪৫।২৯।৩৩।৪ হয়। ঐ

লঙ্কার প্রাগ্ভূতদণ্ড ০।০ হইতে হীন হইতে পারে না এবং ঐ ০।০ শূন্যকে ৩০ দিয়া গুণ করিলেও ০।০ হয়, সুতরাং ঐ তাৎকালিক সায়ন রবিস্ফুটের অঙ্কই সায়ন দশমলগ্নের স্ফুট। আর ইহা হইতে ঐ দিবসের অয়নাংশাদি ২০।৪৯।১৬।৩০।৩০ হীন করিলে যে ০।০।৫৫।৪১।৫৬।৪ হয়, ইহাই নিরয়ণ দশমলগ্নের স্ফুট।

> পূর্ব্বপশ্চান্নতাদস্তৎ প্রাগ্বত্তদ্দশমং ভবেৎ।
> সষড়্ভে লগ্নখে জায়াতুর্য্যৌ লগ্নোনতুর্য্যতঃ॥
> ষষ্ঠাংশযুক্ তনুঃ সন্ধিরগ্রে ষষ্ঠাংশযোজনাৎ।
> ত্রয়ঃ সসন্ধয়ো ভাবাঃ ষষ্ঠাংশেনৈকযুক্ সুখাৎ॥

লগ্নস্ফুটে ৬ রাশি যোগ করিলে, সপ্তম ঘরের লগ্নস্ফুট ও দশমলগ্নে ৬ রাশি যোগ করিলে চতুর্থ ঘরের লগ্নস্ফুট হইবে।

চতুর্থ ঘরের লগ্নস্ফুট হইতে লগ্নস্ফুট বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬ দিয়া ভাগ দিলে ভাগফল যাহা লব্ধ হইবে, তাহাকে লগ্নস্ফুটে যোগ করিলে লগ্নসন্ধি, লগ্নসন্ধিতে যোগ করিলে ধনভাব, ধনভাবে যোগ করিলে ধনসন্ধি, ধনসন্ধিতে যোগ করিলে সহজভাব, সহজভাবে যোগ করিলে সহজসন্ধি, সহজসন্ধিতে যোগ করিলে বন্ধুভাব হইবে।

চতুর্থ ঘরের লগ্নস্ফুট হইতে লগ্নস্ফুট বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬ দিয়া ভাগ করিলে যাহা ভাগলব্ধ হইবে, তাহাকে এক রাশি হইতে বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্ক বন্ধুভাবে যোগ করিলে বন্ধুসন্ধি, বন্ধুসন্ধিতে যোগ করিলে পঞ্চমভাব, পঞ্চমভাবে যোগ করিলে পঞ্চমসন্ধি, পঞ্চমসন্ধিতে যোগ করিলে ষষ্ঠভাব, ষষ্ঠভাবে যোগ করিলে ষষ্ঠসন্ধি এবং ষষ্ঠসন্ধিতে যোগ করিলে সপ্তমভাব হইবে।

> অগ্রে ত্রয়ঃ ষড়েবৈতে ভার্দ্ধযুক্তাঃ পরেঽপি ষট্।
> খেটে ভাবসমে পূর্ণং ফলং সন্ধিসমে তু খম্॥

এইরূপে লগ্নসন্ধিতে ৬ রাশি যোগ করিলে সপ্তমসন্ধি, ধনভাবে ৬ রাশি যোগ করিলে অষ্টমভাব, ধনসন্ধিতে ৬ রাশি যোগ করিলে অষ্টমসন্ধি, সহজভাবে ৬ রাশি যোগ করিলে নবমভাব, সহজসন্ধিতে ৬ রাশি যোগ করিলে নবমসন্ধি, বন্ধুভাবে ৬ রাশি যোগ করিলে দশমভাব, বন্ধুসন্ধিতে ৬ রাশি যোগ করিলে দশমসন্ধি, পঞ্চমভাবে ৬ রাশি যোগ করিলে একাদশভাব, পঞ্চমসন্ধিতে ৬ রাশি যোগ করিলে একাদশসন্ধি, ষষ্ঠভাবে ৬ রাশি যোগ করিলে দ্বাদশভাব ও ষষ্ঠসন্ধিতে ৬ রাশি যোগ করিলে দ্বাদশসন্ধি হইবে।

যে গ্রহস্ফুটের রাশ্যংশ-কলাদি যে ভাবস্ফুটের রাশ্যংশ-কলাদির সমান হইবে,

সেই গ্রহ সেই ভাবে পূর্ণফল প্রদান করিবে। যে কোন গ্রহস্ফুটের রাশ্যংশকলাদি যে কোন সন্ধির রাশ্যংশ-কলাদির সমান হইবে, সেই গ্রহ নিষ্ফল অর্থাৎ কোন ফল প্রদান করিবে না।

ভুক্তং ভোগ্যং স্বেষ্টকালাম্ন গুঘ্ন্যোত্রিংশদ্বিভাৎ স্বোদয়াপ্তং লবাদ্যম্ ।
হীনং যুক্তং ভাস্করে তত্তনুঃ স্যাদ্রাত্রৌ লগ্নং ভার্দ্ধযুক্তাদ্রবেস্তু ॥

লগ্নপল ও দশম লগ্নপল দ্বারা রবিস্ফুটের ভুক্তাংশ বা ভোগ্যাংশকে গুণ করিয়া গুণফলকে ৩০ ত্রিশ দিয়া ভাগ দিলে যাহা ভাগলব্ধ হইবে, তাহা যদি ইষ্টদণ্ড পল হইতে অধিক হয়, তবে ঐ ইষ্টদণ্ড পলকে ৩০ ত্রিশ দিয়া গুণ করত গুণফলকে স্বীয় স্বীয় লগ্নপল দ্বারা ভাগ করিয়া ভাগলব্ধ ফলকে তাৎকালিক রবিস্ফুটের অংশাদির সহিত বিয়োগ বা যোগ করিলে যাহা হইবে, তাহাই লগ্ন বা দশম লগ্ন স্থির হইবে।

রাত্রিতে লগ্ন বা দশমলগ্ন সাধন করিতে হইলে রবিস্ফুটে ৬ রাশি যোগ করিয়া লগ্নখণ্ডা গ্রহণ করিবে।

ইতি তাজকমতে ভাবাদি-গণনা সমাপ্তা ॥

কোন বালকের জন্মকালে তাহার জন্মাবধি মৃত্যুকাল পর্য্যন্ত যে শুভাশুভ ঘটনা হইবে, তাহা এবং তাহার পিতা, মাতা, ভ্রাতা, ভগিনী, স্ত্রী, পুত্র, কন্যা, বন্ধুবান্ধব ও ভৃত্য প্রভৃতির শুভাশুভ গণনা করিতে হইলে প্রথমত লগ্নস্ফুট করিয়া তাহা একটী দ্বাদশ অংশে বিভক্ত রাশিচক্রের মধ্যে বিন্যস্ত করিবে। তন্মধ্যে লগ্ন হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তে দ্বাদশ রাশিরই লগ্নস্ফুট সন্নিবেশিত করিতে হইবে এবং ঐ দ্বাদশ রাশির মধ্যে তৎকালে যে গৃহে যে গ্রহ অবস্থিতি করিতেছে, তাহাদিগের তাৎকালিক স্ফুট অর্থাৎ দ্রাঘিমা গণনা করিয়া সেই রাশির অংশকলাদির অঙ্কসংখ্যা গ্রহের নামের পর সন্নিবেশিত করিবে। অনন্তর লগ্নাদির উপর গ্রহগণের বল ও দৃষ্টি গণনা করত শুভাশুভ ফল বলিতে হইবে। লগ্নস্ফুটের অংশকলাদি এবং ঐ সময়ের গ্রহদিগের স্ফুটাদি গণনা করিয়া জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করিতে না পারিলে, অর্থাৎ যথাবিধানে জন্মকুণ্ডলীতে ঐ সকল বিন্যস্ত না হইলে, ফলিত-জ্যোতিষের ফলাফল ব্যক্ত করা যায় না। এই বিষয় অতীব দুরূহ ও কঠিন। জন্মকালে গ্রহস্ফুট গণনা করিয়া যেরূপে জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করিতে হয়, এই ফলিত-জ্যোতিষের প্রথমখণ্ডের ১৬৬ পৃষ্ঠায় একটী চক্রসহ তদ্বিষয় বিবৃত হইয়াছে। এইক্ষণ যেরূপে জন্মকুণ্ডলীতে লগ্নস্ফুটের অঙ্ক বিন্যস্ত করিতে হয়, তাহা দৃষ্টান্তসমেত নিম্নে বিবৃত হইতেছে।

যদি ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহর অর্থাৎ দিনার্দ্ধমান ১৫ দণ্ড ৩৫ পল সময়ে কোন বালকের জন্ম হয়, তাহা হইলে সেই সময়ে নিরয়ণমতে কোন্ লগ্নরাশির কত অংশ-কলাদি উদিত হইয়াছে, যেরূপে তাহা গণনা করিতে হইবে, এই খণ্ডে পূর্ব্বেই তাহা কথিত হইয়াছে। সেই প্রক্রিয়ানুসারে উক্ত জন্মসময়ে লগ্ন ও অবশিষ্ট একাদশটী রাশির লগ্নস্ফুট যাহা অবধারিত হইয়াছে, তাহা নিম্নে প্রদর্শিত হইল।

১৮০৯ শক ১লা বৈশাখ, বেলা দুইপ্রহর সময়ে নিরয়ণমতে রাশি সকলের উদিতাংশ।

গৃহ	ভাব	রাশি	অংশ,	ক,	বি,	অ,	প্র,	অ, প্র
লগ্ন	তনুভাব	কর্কট	৬।	২০।	৩৪।	১৯।	০।	০
দ্বিতীয়	ধনভাব	সিংহ	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০
তৃতীয়	সহজভাব	কন্যা	২।	৪৪।	২।	২০।	৪২।	৪০
চতুর্থ	বন্ধুভাব	তুলা	০।	৫৫।	৪৬।	২১।	৪২।	৪০
পঞ্চম	পুত্রভাব	বৃশ্চিক	২।	৪৪।	২।	২০।	৪২।	৪০
ষষ্ঠ	রিপুভাব	ধনুঃ	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০
সপ্তম	জায়াভাব	মকর	৬।	২০।	৩৪।	১৯।	০।	০
অষ্টম	নিধনভাব	কুম্ভ	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০
নবম	ধর্ম্মভাব	মীন	২।	৪৪।	২।	২০।	৪২।	৪০
দশম	কর্ম্মভাব	মেষ	০।	৫৫।	৪৬।	২১।	৪২।	৪০
একাদশ	আয়ভাব	বৃষ	২।	৪০।	২।	২০।	৪২।	৪০
দ্বাদশ	ব্যয়ভাব	মিথুন	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০

ইহা দ্বারা জানা যাইতেছে যে, কর্কটলগ্নের ৬ অংশ, ২০ কলা, ৩৪ বিকলা, ১৯ অনুকলা হইতে তাহার পররাশি সিংহের ৪ অংশ, ৩২ কলা, ১৮ বিকলা, ১৯ অনুকলা, ৫১ প্রত্যনুকলা, ২০ অতি-প্রত্যনুকলা পর্য্যন্তকে একটী ঘর বা তনুভাব বলা যায়। ঐ ঘরে যত অংশ হইবে, তত অংশের মধ্যে যে যে গ্রহ থাকিবে, তাহাকে ঐ ঘরের অন্তর্গত বিবেচনা করত সকল প্রকার গণনা করিবে। ঐরূপ সিংহের ৪ অংশ, ৩২ কলাদি হইতে কন্যার ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত দ্বিতীয় ঘর বা ধনভাব; কন্যার ২ অংশ, ৪৪ কলাদি হইতে তুলার ০ অংশ, ৫৫ কলাদি পর্য্যন্ত তৃতীয় ঘর বা সহজভাব; তুলার ০ অংশ, ৫৫ কলাদি হইতে বৃশ্চিকের ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত চতুর্থ ঘর বা বন্ধুভাব; বৃশ্চিকের ২ অংশ, ৪৪ কলাদি হইতে ধনুর ৪ অংশ, ৩২ কলাদি পর্য্যন্ত পঞ্চম ঘর বা পুত্রভাব; ধনুর ৪ অংশ, ৩২ কলাদি হইতে মকরের ৬ অংশ, ২০ কলাদি পর্য্যন্ত ষষ্ঠ

ঘর বা রিপুভাব; মকরের ৬ অংশ, ২০ কলাদি হইতে কুম্ভের ৪ অংশ, ৩২ কলাদি পর্য্যন্ত সপ্তম ঘর বা জায়াভাব; কুম্ভের ৪ অংশ, ৩২ কলাদি হইতে মীনের ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত অষ্টম ঘর বা নিধনভাব; মীনের ২ অংশ ৪৪ কলাদি হইতে মেষের ০ অংশ, ৫৫ কলাদি পর্য্যন্ত নবম ঘর বা ধর্ম্মভাব; মেষের ০ অংশ, ৫৫ কলাদি হইতে বৃষের ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত দশম ঘর বা কর্ম্মভাব; বৃষের ২ অংশ, ৪৪ কলাদি হইতে মিথুনের ৪ অংশ, ৩২ কলাদি পর্য্যন্ত একাদশ ঘর বা আয়ভাব এবং মিথুনের ৪ অংশ, ৩২ কলাদি হইতে কর্কটের ৬ অংশ, ২০ কলাদি পর্য্যন্ত দ্বাদশ ঘর বা ব্যয়ভাব বলিয়া কথিত হয়। যখন যে কোন বিষয়ের গণনা করিতে হইবে, তখন এইরূপে দ্বাদশ ঘর বা ভাব স্থির করিয়া জন্মকুণ্ডলী অঙ্কিত করত তন্মধ্যে তৎকালীন গ্রহগণকে যথাযথ সন্নিবেশিত করিবে।

জন্মকুণ্ডলী উদাহরণচক্র।

মেষ

বৃষ

মীন

১৮০৯ শক

১লা বৈশাখ

দিবা দুইপ্রহর

১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে গ্রহগণের তাৎকালিক স্ফুট গণনা করিয়া এই ফলিত জ্যোতিষের প্রথম খণ্ডে ১৬৬ পৃষ্ঠায় জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করা

হইয়াছে। এস্থলে দৃষ্টান্ত প্রদর্শনার্থ তাহা উদ্ধৃত করত লগ্নস্ফুটের অঙ্কিত জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করা গেল।

উপরি অঙ্কিত জন্মকুণ্ডলী দৃষ্টে জানা যাইতেছে যে, লগ্নরাশি কর্কটের ৬।২০ অংশাদি হইতে সিংহের ৪।৩২ অংশাদি পর্য্যন্ত প্রথম ঘরে অর্থাৎ তনুভাবে কোন গ্রহের অবস্থিতি নাই। সিংহ রাশির ৪।৩২ অংশাদি হইতে কন্যার ২ অংশ ৪৪ কলাদি পর্য্যন্ত দ্বিতীয় ঘরে অর্থাৎ ধনভাবে রাহু অবস্থিতি করিতেছে। কন্যার ২।৪৪ অংশাদি হইতে তুলার ০।৫৫ অংশাদি পর্য্যন্ত তৃতীয় ঘরে অর্থাৎ সহজভাবে কোন গ্রহ অবস্থিত নাই। তুলার ০।৫৫ অংশাদি হইতে বৃশ্চিকের ২।৪৪ অংশাদি পর্য্যন্ত চতুর্থ ঘরে অর্থাৎ বন্ধুভাবে বৃহস্পতি অবস্থিতি করিতেছে। বৃশ্চিকের ২।৪৪ অংশাদি হইতে ধনুর ৪।৩২ অংশাদি পর্য্যন্ত পঞ্চম ঘরে অর্থাৎ পুত্রভাবে কোন গ্রহ অবস্থিত নাই। ধনুর ৪।৩২ অংশাদি হইতে মকরের ৬।২০ অংশাদি পর্য্যন্ত ষষ্ঠ ঘরে অর্থাৎ রিপুভাবে চন্দ্র অবস্থিতি করিতেছে। মকরের ৬।২০ অংশাদি হইতে কুম্ভের ৪।৩২ অংশাদি পর্য্যন্ত সপ্তম ঘরে অর্থাৎ জায়াভাবে কোন গ্রহের অবস্থিতি নাই। কুম্ভের ৪।৩২ অংশাদি হইতে মীনের ২।৪৪ অংশাদি পর্য্যন্ত অষ্টম ঘরে অর্থাৎ নিধনভাবে কেতু অবস্থিতি করিতেছে। মীনের ২।৪৪ অংশাদি হইতে মেষের ০।৫৫ অংশাদি পর্য্যন্ত নবম ঘরে অর্থাৎ ধর্ম্মভাবে বুধগ্রহ অবস্থিতি করিতেছে। মেষের ০।৫৫ অংশাদি হইতে বৃষের ২।৪৪ অংশাদি পর্য্যন্ত দশম ঘরে অর্থাৎ কর্ম্মভাবে রবি এবং মঙ্গল এই গ্রহদ্বয় অবস্থিতি করিতেছে। বৃষের ২।৪৪ অংশাদি হইতে মিথুনের ৪।৩২ অংশাদি পর্য্যন্ত একাদশ ঘরে অর্থাৎ আয়ভাবে শুক্রগ্রহের অবস্থিতি রহিয়াছে এবং মিথুনের ৪।৩২ অংশাদি হইতে কর্কটের ৬ অংশ, ২০ কলাদি পর্য্যন্ত দ্বাদশ ঘরে অর্থাৎ ব্যয়ভাবে শনিগ্রহ অবস্থিতি করিতেছে। গ্রহগণ যে যে ঘরে যে যে রাশির যে যে অংশকলাদিতে অবস্থিত আছে, জন্মকুণ্ডলী দৃষ্টেই সহজে তাহা উপলব্ধি হইবে; সুতরাং নিষ্প্রয়োজন বিধায় তাহার পুনরুল্লেখ করা গেল না। যে কোন সময়ে লগ্নস্ফুট ও গ্রহস্ফুট-গণনা করিতে হইবে, তখনই এই প্রকার প্রণালীতে কুণ্ডলী অঙ্কিত করিয়া তন্মধ্যে লগ্নস্ফুট ও গ্রহস্ফুটের অংশকলাদির অঙ্কসংখ্যা সন্নিবেশিত করত গ্রহগণের দৃষ্টি ও বল গণনা দ্বারা ফলাফল বলিতে হইবে।

এই যে তন্বাদি দ্বাদশ গৃহের উল্লেখ হইল, ইহা দ্বারাই যাবতীয় গণনা সাধিত হইয়া থাকে, ফলিত খণ্ডে এই সকল বিষয় সবিশেষ বর্ণিত হইবে। এস্থলে পাঠকবর্গের বিদিতার্থে ভাবের অর্থ ও ঐ সকল গৃহের কোন্ গৃহে কোন্ বিষয়ের গণনা করিতে হয়, তাহা সংক্ষেপে নিম্নে বিবৃত হইতেছে।

উল্লিখিত লগ্নরাশিকেই প্রথম গৃহ কহে। ঐ গৃহে কোন্ গ্রহ অবস্থিত আছে ও

এই গৃহের উপর অন্য গৃহস্থিত গ্রহের দৃষ্টি ও জ্যোতিপ্রভৃতি গণনা করিবে এবং ঐ লগ্ন হইতে কোন্ সংখ্যক গৃহে কোন্ গ্রহ থাকিলে কিরূপ ফল প্রদান করে, গণনা দ্বারা তাহা জ্ঞাত হইতে হয়। প্রথম গৃহে * জাতবালকের কিম্বা প্রশ্নকারকের রূপ, লক্ষণ, বর্ণ, ক্লেশ, সুখ, আয়ুঃ, বয়ঃক্রম প্রভৃতি বিষয়ের গণনা করিতে হয়; এই জন্যই ইহাকে তনুভাব কহে। এতদ্ভিন্ন প্রশ্নানুসারে ঐ গৃহে অন্যান্য বিষয়েরও গণনা হইয়া থাকে। দ্বিতীয় গৃহে জাতবালকের কিম্বা প্রশ্নকারকের মণি, মুক্তা, স্বর্ণ, রত্ন প্রভৃতি ধনাদি,

---

* মাষ্টার লিলী এই তথাদি দ্বাদশভাবের বিষয় যেরূপ বলিয়া গিয়াছেন, তাহার সংক্ষেপ বিবরণ এই স্থলে উদ্ধৃত করিয়া দেওয়া হইল।

Of the first House, and its Signification.—The first house contains all that part of heaven from the line where the figure 1 stands unto the figure 2, where the second house begins : it is *one-third* of the distance between the horizon and meridian below the earth. It has signification of the life of man, of the stature, colour, complexion, form, and shape of him that propounds the question, or is born ; in eclipses and great conjunctions, and upon the Sun his annual ingress into Aries ; it signifies the common people, or general state of that kingdom where the figure is erected.—Questions concerning the Second House.—From this house is required judgment concerning the estate or fortune of him that asks the question, of his wealth of property, of all moveable goods, money lent, of profit or gain, loss or damage ; in suits of law, it signifies a man's friends or assistants ; in private duels, the querent's second ; in an eclipse or great conjunction, the poverty or wealth of the people : in the Sun his entrance into Aries, it represents the ammunition, allies, and support the commonwealth shall have ; it imports their magazines.—The Third House.—Has signification of brethren, sisters, cousins, or kindred, neighbours, small journeys, or inland journeys, often removing from one place to another ; epistles, letters, rumours, messengers :—The Fourth House—Gives judgment of fathers in general, or ever of his father that inquires, or that is born ; of lands, houses, tenements, inheritance, tillage of the earth, treasures hidden ; the determination or *end* of any thing ; towns, cities, or castles besieged or not besieged ; all ancient dwellings, gardens, fields, pastures, orchards ; the quality and nature of the grounds one purchases, whether vineyards, cornfields, &c. and shews whether the ground be woody, stony, or barren.—The Fifth House.—By this house we judge of children, of ambassadors, of the state of a woman with child, of banquets, of ale-houses, taverns, plays, messengers or agents for republics, of the wealth of the father, the ammunition of a town besieged ; if the woman with child shall bring forth male or female ; of the health or sickness of his son or daughter that asks the question.—The Sixth House.—It concerns men and maid servants, galley slaves, hogs, sheep, goats, hares, conies, all manner of lesser cattle, and profit or loss got thereby ; *sickness*, its quality and cause ; the principal humour offending, curable or not curable ; whether the disease be short or long ; day-labourers, tanants, farmers, shepherds, hogherds, neatherds, warreners, and it signifies uncles, or the father's

কুটুম্ব, ক্রয়বিক্রয় প্রভৃতি বিষয়ের গণনা করিতে হয়; এই জন্যই ইহার নাম ধনভাব। এইরূপ তৃতীয় গৃহে ভগিনী, ভ্রাতা, ভৃত্য প্রভৃতির বিষয় গণনা করিবে; এই জন্যই ইহাকে সহজভাব কহে। চতুর্থ গৃহে সুহৃদ, বন্ধু, বান্ধব, সুখ, দুঃখ, মাতা, গমনাগমন, গৃহ, গ্রাম প্রভৃতির গণনা করিতে হয়, এইজন্য ইহার নাম বন্ধুভাব। পঞ্চম গৃহে গর্ভ, অপত্য, মন্ত্রসন্ধান, বিদ্যা, বুদ্ধি প্রভৃতি বিষয়ের গণনা করিবে, এইজন্য ইহাকে পুত্রভাব কহে। ষষ্ঠ গৃহে শত্রু, শত্রুক্ষয়, ক্রূরকর্ম্ম, আতঙ্ক, শঙ্কা, খর, উষ্ট্র প্রভৃতির গণনা করিবে; এইজন্য ইহার নাম রিপুভাব। সপ্তম গৃহে বাণিজ্য, ব্যবহার, বিবাহ. গমনাগমন, ভার্য্যা প্রভৃতির বিষয় গণনা করিতে হয়; এইজন্য ইহাকে জায়াভাব কহে। অষ্টম গৃহে নদী-উত্তরণ, দুর্গমদেশ, শত্রুসঙ্কট, যুদ্ধ, ব্যাঘ্র, নষ্টদ্রব্য, ছিদ্র প্রভৃতি বিষয়ের গণনা করিবে; এইজন্য ইহার নাম নিধনভাব। নবম গৃহে বাপী, কূপ, তড়াগ, দেবগৃহ, দীক্ষা,

---

brothers and sisters.—The Seventh House.—It gives judgment of marriage ; and describes the person inquired after, whether it be a man or woman ; all manner of love questions ; or public enemies, the defendant in a lawsuit, in war, the opposing party ; all quarrels, duels, lawsuits ; in astrology, the artist himself ; in physic. the physician ; thieves and thefts, the person stealing, whether man or woman ; wives, sweethearts, their shape, description, condition, nobly or ignobly born ; in an annual ingress, whether war or peace may be expected ; of victory, who overcomes and who is worsted ; fugitives or runaways, banished or outlawed men.—The Eighth House.—The estate of men deceased ; death, its quality and nature ; the wills, legacies and testaments of men deceased ; dowry of the wife, portion of the maid, whether much or little, easy to be obtained or with difficulty. In duels, it represents the adversary's second ; in lawsuits, the defendant's friends ; what kind of death a man shall die ; it signifies fear and anguish of mind ; also who shall be heir to the deceased.—The Ninth House.—By this house we give judgment of voyages or long journies beyond seas, of religious men, or clergy of any kind, whether bishops or inferior ministers ; dreams, visions, foreign countries, books, learning, church livings or benefices, and of the kindred of one's wife or husband.—The Tenth House.—Commonly it personates kings, princes, dukes, earls, judges, prime officers, commanders-in-chief, whether in armies or towns ; all sorts of magistracy and officers in authority, also mothers ; honour, preferment, dignity, office, lawyers, professions or trade ; it also signifies kindoms empires dukedoms—The Eleventh House—It does naturally represent friends and friendship, hope, trust, confidence, the praise or dispraise of any one ; the fidelity or falseness of friends. As to kings, it personates their favourites, counsellors, servants, their associates or allies ; their money, exchequer or treasure ; in war, ammunition and soldiery, it represents, courtiers, &c.—The Twelfth House.—It has signification of private enemies, great cattle, or horses, oxen, elephants, &c. ; sorrow, tribulation, imprisonment; all manner of affliction, self-undoing, &c. ; and of such men as maliciously undermine their neighbours, or inform secretly against them.—

যাত্রা, ধর্ম্ম প্রভৃতি বিষয়-সম্বন্ধীয় গণনা করিতে হয়; এইজন্য ইহাকে ধর্ম্মভাব বলা যায়। দশম গৃহে রাজ্য, মুদ্রা, নগর, পুণ্যস্থান, পিতা, বৃষ্টি প্রভৃতি গণনা করিতে হয়, এইজন্য ইহাকে কর্ম্মভাব কহে। একাদশ গৃহে গজ, অশ্ব, যান, বস্ত্র, শয্যা, কন্যা, আয়ু, বিদ্যা, অর্থলাভ প্রভৃতি বিষয়ের গণনা করিতে হয়, এইজন্য ইহাকে আয়ভাব বলা যায়। দ্বাদশ গৃহে দান, ভোগ, বিবাদ, কৃষিকর্ম্ম প্রভৃতি বিষয় সম্বন্ধীয় গণনা করিতে হয়; এইজন্য ইহাকে ব্যয়ভাব বলে।

জাত বালকের শুভাশুভ গণনা করিতে হইলে অথবা প্রশ্নকারকের প্রশ্নসম্বন্ধে কোনরূপ গণনা করিতে হইলে প্রথমত উল্লিখিত দ্বাদশটী গৃহ নিরূপণ করত যে লগ্নে প্রশ্ন হইবে, সেই গৃহ দ্বারা জাত বালকের কিম্বা প্রশ্নকারকের শরীরের রূপ, লক্ষণ বল প্রভৃতি বিচার করিতে হইবে। দ্বিতীয় গৃহ দ্বারা তাহার ধনসম্পত্তি প্রভৃতি; তৃতীয় গৃহ দ্বারা ভ্রাতা, ভগিনী প্রভৃতি; চতুর্থ গৃহ দ্বারা বন্ধু, মাতা ইত্যাদি; পঞ্চম গৃহ দ্বারা পুত্রকন্যাদি; ষষ্ঠ গৃহ দ্বারা শত্রু, পীড়া প্রভৃতি; সপ্তম গৃহ দ্বারা স্ত্রী প্রভৃতি; অষ্টম গৃহ দ্বারা বিলাপ, মৃত্যু ইত্যাদি; নবম গৃহ দ্বারা ধর্ম্মাদি; দশম গৃহ দ্বারা পিতার বিষয় এবং মান কর্ম্ম প্রভৃতি; একাদশ গৃহ দ্বারা আয় প্রভৃতি এবং দ্বাদশ গৃহ দ্বারা ব্যয়-সম্বন্ধীয় গণনা করিতে হইবে।

যদি জাত বালকের অথবা প্রশ্নকারকের স্ত্রীর শুভাশুভ গণনা করিতে হয়, তাহা হইলে নিম্নলিখিত প্রণালীর অনুসরণ করিবে। জাত বালকের অথবা প্রশ্নকারকের সপ্তম গৃহকে স্ত্রীর জন্মলগ্ন কল্পনা করিয়া তদ্দ্বারা তাহার রূপ, লক্ষণ, বর্ণ প্রভৃতি পরিজ্ঞাত হইবে। ঐরূপ জাতবালকের কিম্বা প্রশ্নকারকের অষ্টম গৃহকে স্ত্রীর ধনস্থান, নবম গৃহকে স্ত্রীর সহোদরস্থান, দশম গৃহকে বন্ধুস্থান, একাদশ গৃহকে পুত্রস্থান, দ্বাদশ গৃহকে শত্রুস্থান, লগ্নকে স্ত্রীর স্বামিস্থান, দ্বিতীয় গৃহকে স্ত্রীর মৃত্যুস্থান, তৃতীয় গৃহকে ধর্ম্মস্থান, চতুর্থ গৃহকে কর্ম্মস্থান, পঞ্চম গৃহকে লাভস্থান এবং জাতবালকের কিম্বা প্রশ্নকারকের ষষ্ঠ গৃহকে তাহার স্ত্রীর ব্যয়স্থান কল্পনা করিয়া ফল গণনা করিবে।

জাতবালকের কিম্বা প্রশ্নকারকের মাতার শুভাশুভ গণনা করিতে হইলে তাহার স্বীয় চতুর্থ গৃহ; পিতার শুভাশুভ গণনা করিতে হইলে দশম গৃহ এবং ভ্রাতা ও ভগিনীর শুভাশুভ গণনা করিতে হইলে তাহার স্বীয় তৃতীয় গৃহকে লগ্ন কল্পনা করিয়া শুভাশুভ বিচার করিবে। স্ত্রীর ভ্রাতার শুভাশুভ গণনা করিতে হইলে স্ত্রীর দ্বিতীয় গৃহকে তাহার ভ্রাতার জন্মলগ্ন কল্পনা করিয়া বিচার করিবে। এইরূপ যাহার শুভাশুভ গণনা করিতে হইবে, অগ্রে যথাস্থানে তাহার জন্মলগ্ন কল্পনা করিয়া ফলাফল বিচার করিবে।

প্রশ্নকারক চৌর্য্যসম্বন্ধে কোনরূপ গণনা করিতে বলিলে প্রশ্নকালের লগ্ননিরূপণ পূর্ব্বক পূর্ব্ব প্রণালীমতে দ্বাদশটী গৃহ অঙ্কিত করত তাহাতে গ্রহস্ফুট ও লগ্নস্ফুটের রাশি

অংশ কলাদি স্থাপন করিবে। অনন্তর কে চুরি করিয়াছে, সপ্তম গৃহ দ্বারা তাহা পরিজ্ঞাত হইবে। কাহার বস্তু অপহৃত হইয়াছে, তাহা প্রথম গৃহ দ্বারা; কি বস্তু অপহৃত হইযাছে, তাহা দ্বিতীয় গৃহ দ্বারা এবং অপহৃত বস্তু কোন্ স্থানে আছে, তাহা চতুর্থ গৃহ দ্বারা অবগত হইবে। ঐ দ্বাদশ গৃহের মধ্যে তৎকালে চন্দ্র ও সূর্য্য কোন্ গৃহে অবস্থিতি করিতেছে, তাহা এবং তাহাদের দৃষ্টি প্রভৃতি পরিজ্ঞাত হইয়া ঐ অপহৃত বস্তু কাহার নিকট আছে, তাহা বিদিত হইবে। এই সকল বিষয় ও ইহার গণনার সঙ্কেত প্রশ্নখণ্ডে সবিস্তার বিবৃত হইবে।

ইহা দ্বারা স্পষ্টই অনুমিত হইতেছে যে, এই দ্বাদশ গৃহ ব্যতিরেকে কোনরূপ গণনাই সাধিত হয় না; অতএব ফলিত-জ্যোতিষ শিক্ষা করিতে যাঁহার বাসনা আছে, অগ্রে এই গণিতশাস্ত্র বিশেষরূপ পরিজ্ঞাত হওয়া তাঁহার অবশ্য কর্ত্তব্য সন্দেহ নাই।

অতি সহজে লগ্নস্ফুট করিবার জন্য দুইটী চক্র অঙ্কিত করা হইল। প্রথমটীর নাম রমণীমোহন চক্র, দ্বিতীয়টীর নাম আনন্দমোহন চক্র। প্রথমটী দ্বারা অতি সহজে স্বদেশীয় লগ্নস্ফুট গণনা করা যায়। দ্বিতীয়টী দ্বারা দশম লগ্ন নিরূপিত হইয়া থাকে। এতদ্ভিন্ন স্বদেশীয় লগ্ন ও দশম লগ্ন গণনার জন্য প্রতি রাশির লগ্নমানের অংশকলাদিতে যত পল বিপলাদি হইতে পারে এবং প্রতি লগ্নমানের পল বিপলাদিতে যত অংশ-কলাদি হইতে পারে তাহারও দুইটী টেবিল অঙ্কিত করিয়া প্রদর্শিত হইতেছে।

১ নং টেবিলের বিবরণ।

এই টেবিলের প্রথম কলমে ১ হইতে ৩০ পর্য্যন্ত অংশ, দ্বিতীয় কলমে মেষ ও মীনের অস্মদ্দেশীয় লগ্নমান পলের ত্রিংশাংশ; তৃতীয় কলমে বৃষ ও কুম্ভের লগ্নমান পলের ত্রিংশাংশ; চতুর্থ কলমে মিথুন ও মকরের লগ্নমান পলের ত্রিংশাংশ; পঞ্চম কলমে কর্কট সিংহ বৃশ্চিক ও ধনুর লগ্নমান পলের ত্রিংশাংশ এবং ষষ্ঠ কলমে কন্যা ও তুলার অস্মদ্দেশীয় লগ্নমান পলের ত্রিংশাংশ সন্নিবেশিত হইল। ইহা দ্বারা যে রাশির যে অংশে যত পল বিপলাদি হইবে, তাহা সহজে পরিজ্ঞাত হওয়া যাইবে।

২ নং টেবিলের বিবরণ।

এই টেবিলে মীন ও মেষের অস্মদ্দেশীয় লগ্নমানের ১ হইতে ৬০ পর্য্যন্ত প্রতি কলা বিকলাদিতে যত পল বিপলাদি হইবে, তাহা লিখিত হইল। ঐরূপ বৃষ ও কুম্ভের; মিথুন ও মকরের; কর্কট, সিংহ, বৃশ্চিক ও ধনুর এবং কন্যা ও তুলার অস্মদ্দেশীয় লগ্নমানের ১ হইতে ৬০ পর্য্যন্ত প্রতি কলা বিকলাদিতে যত পল বিপলাদি হইবে, তাহা প্রদর্শিত হইল।

১নং টেবিল।

স্বদেশীয় অক্ষানুসারে (তোষণীমতে দ্বাদশরাশির লগ্নমানানুসারে) অংশ হইতে পল, বিপল, কলা হইতে বিপল, অনুপল এবং পল, বিপলাদি দ্বারা অংশাদি জ্ঞান।

	মেষ ও মীন		বৃষ ও কুম্ভ		মিথুন, মকর		কর্কট, সিংহ	বৃশ্চিক, ধনু	কন্যা ও তুলা	
অংশ কলা	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল
১	৭	৩২	৮	৩৬	১০	১২	১১	২০	১১	০
২	১৫	৪	১৭	১২	২০	২৪	২২	৪০	২২	০
৩	২২	৩৬	২৫	৪৮	৩০	৩৬	৩৪	০	৩৩	০
৪	৩০	৮	৩৪	২৪	৪০	৪৮	৪৫	২০	৪৪	০
৫	৩৭	৪০	৪৩	০	৫১	০	৫৬	৪০	৫৫	০
৬	৪৫	১২	৫১	৩৬	৬১	১২	৬৮	০	৬৬	০
৭	৫২	৪৪	৬০	১২	৭১	২৪	৭৯	২০	৭৭	০
৮	৬০	১৬	৬৮	৪৮	৮১	৩৬	৯০	৪০	৮৮	০
৯	৬৭	৪৮	৭৭	২৪	৯১	৪৮	১০২	০	৯৯	০
১০	৭৫	২০	৮৬	০	১০২	০	১১৩	২০	১১০	০
১১	৮২	৫২	৯৪	৩৬	১১২	১২	১২৪	৪০	১২১	০
১২	৯০	২৪	১০৩	১২	১২২	২৪	১৩৬	০	১৩২	০
১৩	৯৭	৫৬	১১১	৪৮	২৩২	৩৬	১৪৭	২০	১৪৩	০
১৪	১০৫	২৮	১২০	২৪	১৪২	৪৮	১৫৮	৪০	১৫৪	০
১৫	১১৩	০	১২৯	০	১৫৩	০	১৭০	০	১৬৫	০
১৬	১২০	৩২	১৩৭	৩৬	১৬৩	১২	১৮১	২০	১৭৬	০
১৭	১২৮	৪	১৪৬	১২	১৭৩	২৪	১৯২	৪০	১৮৭	০
১৮	১৩৫	৩৬	১৫৪	৪৮	১৮৩	৩৬	২০৪	০	১৯৮	০
১৯	১৪৩	৮	১৬৩	২৪	১৯৩	৪৮	২১৫	২০	২০৯	০
২০	১৫০	৪০	১৭২	০	২০৪	০	২২৬	৪০	২২০	০
২১	১৫৮	১২	১৮০	৩৬	২১৪	১২	২৩৮	০	২৩১	০
২২	১৬৫	৪৪	১৮৯	১২	২২৪	২৪	২৪৯	২০	২৪২	০
২৩	১৭৩	১৬	১৯৭	৪৮	২৩৬	৩৬	২৬১	৪০	২৫৩	০
২৪	১৮০	৪৮	২০৬	২৪	২৪৪	৪৮	২৭২	০	২৬৪	০
২৫	১৮৮	২০	২১৫	০	২৫৫	০	২৮৩	২০	২৭৫	০
২৬	১৯৫	৫২	২২৩	৩৬	২৬৫	১২	২৯৪	৪০	২৮৬	০
২৭	২০৩	২৪	২৩২	১২	২৭৫	২৪	৩০৬	০	২৯৭	০
২৮	২১০	৫৬	২৪০	৪৮	২৮৫	৩৬	৩১৭	২০	৩০৮	০
২৯	২১৮	২৮	২৪৯	২৪	২৯৫	৪৮	৩২৮	৪০	৩১৯	০
৩০	২২৬	০	২৫৮	০	৩০৬	০	৩৪০	০	৩৩০	০

২ নং টেবিল।

স্বদেশীয় লগ্নখণ্ডার কলা বিকলাদি হইতে বিপলাদি জ্ঞান।

	মেষ ও মীন				মেষ ও মীন				বৃষ ও কুম্ভ				বৃষ ও কুম্ভ		
ক বি অ প্র	প বি অ প্র	প বি প্র অ	অ প্র অ অ	ক বি অ প্র	প বি অ প্র	বি অ অ, অ অ, প্র	অ প্র অ, অ অ, প্র	ক বি অ গ্র	প বি অ প্র	বি অ অ, অ অ, প্র	অ প্র অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	প বি প্র অ	প বি অ প্র
১	০	৭	৩০	৩১	৩	৫৩	৩২	১	০	৮	৩৬	৩১	৪	২৬	৩৬
২	০	১৫	৪	৩২	৪	১	৪	২	০	১৭	১২	৩২	৪	৩৫	১২
৩	০	২২	৩৬	৩৩	৪	৮	৩৬	৩	০	২৫	৪৮	৩৩	৪	৪৩	৪৮
৪	০	৩০	৮	৩৪	৪	১৬	৮	৪	০	৩৪	২৪	৩৪	৪	৫২	২৪
৫	০	৩৭	৪৯	৩৫	৪	২৩	৪০	৫	০	৪৩	০	৩৫	৫	১	০
৬	০	৪৫	১২	৩৬	৪	৩১	১২	৬	০	৫১	৩৬	৩৬	৫	৯	৩৬
৭	০	৫২	৪৪	৩৭	৪	৩৮	৪৪	৭	১	০	১২	৩৭	৫	১৮	১২
৮	১	০	১৬	৩৮	৪	৪৬	১৬	৮	১	৮	৪৮	৩৮	৫	২৬	৪৮
৯	১	৭	৪৮	৩৯	৪	৫৩	৪৮	৯	১	১৭	২৪	৩৯	৫	৩৫	২৪
১০	১	১৫	২০	৪০	৫	১	২০	১০	১	২৬	০	৪০	৫	৪৪	০
১১	১	২২	৫২	৪১	৫	৮	৫২	১১	১	৩৪	৩৬	৪১	৫	৫২	৩৬
১২	১	৩০	২৪	৪২	৫	১৬	২৪	১২	১	৪৩	১২	৪২	৬	১	১২
১৩	১	৩৭	৫৬	৪৩	৫	২৩	৫৬	১৩	১	৫১	৪৮	৪৩	৬	৯	৪৮
১৪	১	৪৫	২৮	৪৪	৫	৩১	২৮	১৪	২	০	২৪	৪৪	৬	১৮	২৪
১৫	১	৫৩	০	৪৫	৫	৩৯	০	১৫	২	৯	০	৪৫	৬	২৭	০
১৬	২	০	৩২	৪৬	৫	৪৬	৩২	১৬	২	১৭	৩৬	৪৬	৬	৩৫	৩৬
১৭	২	৮	৪	৪৭	৫	৫৪	৪	১৭	২	২৬	১২	৪৭	৬	৪৪	১২
১৮	২	১৫	৩৬	৪৮	৬	১	৩৬	১৮	২	৩৪	৪৮	৪৮	৬	৫২	৪৮
১৯	২	২৩	৮	৪৯	৬	৯	৮	১৯	২	৪৩	২৪	৪৯	৭	২	২৪
২০	২	৩০	৪০	৫০	৬	১৬	৪০	২০	২	৫২	০	৫০	৭	১০	০
২১	২	৩৮	১২	৫১	৬	২৪	১২	২১	৩	০	৩৬	৫১	৭	১৮	৩৬
২২	২	৪৫	৪৪	৫২	৬	৩১	৪৪	২২	৩	৯	১২	৫২	৭	২৭	১২
২৩	২	৫৩	১৬	৫৩	৬	৩৯	১৬	২৩	৩	১৭	৪৮	৫৩	৭	৩৫	৪৮
২৪	৩	০	৪৮	৫৪	৬	৪৬	৪৮	২৪	৩	২৬	২৪	৫৪	৭	৪৪	২৪
২৫	৩	৮	২০	৫৫	৬	৫৪	২০	২৫	৩	৩৫	০	৫৫	৭	৫৩	০
২৬	৩	১৫	৫২	৫৬	৭	১	৫২	২৬	৩	৪৩	৩৬	৫৬	৮	১	৩৬
২৭	৩	২৩	২৪	৫৭	৭	৯	২৪	২৭	৩	৫২	১২	৫৭	৮	১০	১২
২৮	৩	৩০	৫৬	৫৮	৭	১৬	৫৬	২৮	৪	০	৪৮	৫৮	৮	১৮	৪৮
২৯	৩	৩৮	২৮	৫৯	৭	২৪	২৮	২৯	৪	৯	২৪	৫৯	৮	২৭	২৪
৩০	৩	৪৬	০	৬০	৭	৩২	০	৩০	৪	১৮	০	৬০	৮	৩৬	০

২ নং টেবিল।

স্বদেশীয় লগ্নখণ্ডার কলা বিকলাদি হইতে বিপলাদি জ্ঞান।

	মিথুন ও মকর				মিথুন ও মকর				ক, সিং, বৃ, ধ				ক, সিং, বৃ, ধ		
ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ, প্র	অ প্র, অ অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ, প্র	অ প্র, অ অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ. প্র	অ প্র, অ অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ, প্র	অ প্র, অ অ, অ অ, প্র
১	০	১০	১২	৩১	৫	১৬	১২	১	০	১১	২০	৩১	৫	৫১	২০
২	০	২০	২৪	৩২	৫	২৬	২৪	২	০	২২	৪০	৩২	৬	২	৪০
৩	০	৩০	৩৬	৩৩	৫	৩৬	৩৬	৩	০	৩৪	০	৩৩	৬	১৪	০
৪	০	৪০	৪৮	৩৪	৫	৪৬	৪৮	৪	০	৪৫	২০	৩৪	৬	২৫	২০
৫	০	৫১	০	৩৫	৫	৫৭	০	৫	০	৫৬	৪০	৩৫	৬	৩৬	৪০
৬	১	১	১২	৩৬	৬	৭	১২	৬	১	৮	০	৩৬	৬	৪৮	০
৭	১	১১	২৪	৩৭	৬	১৭	২৪	৭	১	১৯	২০	৩৭	৬	৫৯	২০
৮	১	২১	৩৬	৩৮	৬	২৭	৩৬	৮	১	২০	৪০	৩৮	৭	১০	৪০
৯	১	৩১	৪৮	৩৯	৬	৩৭	৪৮	৯	১	৪২	০	৩৯	৭	২২	০
১০	১	৪২	০	৪০	৬	৪৮	০	১০	১	৫৩	২০	৪০	৭	৩৩	২০
১১	১	৫২	১২	৪১	৬	৫৮	১২	১১	২	৪	৪০	৪১	৭	৪৪	৪০
১২	২	২	২৪	৪২	৭	৮	২৪	১২	২	১৬	০	৪২	৭	৫৬	০
১৩	২	১২	৩৬	৪৩	৭	১৮	৩৬	১৩	২	২৭	২০	৪৩	৮	৭	২০
১৪	২	২২	৪৮	৪৪	৭	২৮	৪৮	১৪	২	৩৮	৪০	৪৪	৮	১৮	৪০
১৫	২	৩৩	০	৪৫	৭	৩৯	০	১৫	২	৫০	০	৪৫	৮	৩০	০
১৬	২	৪৩	১২	৪৬	৭	৪৯	১২	১৬	৩	১	২০	৪৬	৮	৪১	২০
১৭	২	৫৩	২৪	৪৭	৭	৫৯	২৪	১৭	৩	১২	৪০	৪৭	৮	৫২	৪০
১৮	৩	৩	৩৬	৪৮	৮	৯	৩৬	১৮	৩	২৪	০	৪৮	৯	৪	০
১৯	৩	১৩	৪৮	৪৯	৮	১৯	৪৮	১৯	৩	৩৫	২০	৪৯	৯	১৫	২০
২০	৩	২৪	০	৫০	৮	৩০	০	২০	৩	৪৬	৪০	৫০	৯	২৬	৪০
২১	৩	৩৪	১২	৫১	৮	৪০	১২	২১	৩	৫৮	০	৫১	৯	৩৮	০
২২	৩	৪৪	২৪	৫২	৮	৫০	২৪	২২	৪	৯	২০	৫২	৯	৪৯	২০
২৩	৩	৫৪	৩৬	৫৩	৯	০	৩৬	২৩	৪	২০	৪০	৫৩	১০	০	৪০
২৪	৪	৪	৪৮	৫৪	৯	১৪	৪৮	২৪	৪	৩২	০	৫৪	১০	১২	০
২৫	৪	১৫	০	৫৫	৯	২১	০	২৫	৪	৪৩	২০	৫৫	১০	২৩	২০
২৬	৪	২৫	১২	৫৬	৯	৩১	১২	২৬	৪	৫৪	৪০	৫৬	১০	৩৪	৪০
২৭	৪	৩৫	২৪	৫৭	৯	৪১	২৪	২৭	৫	৬	০	৫৭	১০	৩৬	০
২৮	৪	৪৫	৩৬	৫৮	৯	৫১	৩৬	২৮	৫	১৭	২০	৫৮	১০	৫৭	২০
২৯	৪	৫৫	৪৮	৫৯	১০	১	৪৮	২৯	৫	২৮	৪০	৫৯	১১	৮	৪০
৩০	৫	৬	০	৬০	১০	১২	০	৩০	৫	৪০	০	৬০	১১	২০	০

২ নং টেবিল।

স্বদেশীয় লগ্নখণ্ডার কলা বিকলাদি হইতে বিপলাদি জ্ঞান।

	কন্যা ও তুলা				কন্যা ও তুলা				কন্যা ও তুলা				কন্যা ও তুলা		
ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ,প্র	অ প্র,অ অ,অ অ,প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ,প্র	অ প্র,অ অ,অ অ,প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ,প্র	অ অ,প্র অ,অ অ,প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ,প্র	অ প্র,অ প্র,অ অ,প্র
১	০	১১	০	১৬	২	৫৬	০	৩১	৫	৪১	০	৪৬	৮	২৬	০
২	০	২২	০	১৭	৩	৭	০	৩২	৫	৫২	০	৪৭	৮	৩৭	০
৩	০	৩৩	০	১৮	৩	১৮	০	৩৩	৬	৩	০	৪৮	৮	৪৮	০
৪	০	৪৪	০	১৯	৩	২৯	০	৩৪	৬	১৪	০	৪৯	৮	৫৯	০
৫	০	৫৫	০	২০	৩	৪০	০	৩৫	৬	২৫	০	৫০	৯	১০	০
৬	১	৬	০	২১	৩	৫১	০	৩৬	৬	৩৬	০	৫১	৯	২১	০
৭	১	১৭	০	২২	৪	২	০	৩৭	৬	৪৭	০	৫২	৯	৩২	০
৮	১	২৮	০	২৩	৪	১৩	০	৩৮	৬	৫৮	০	৫৩	৯	৪৩	০
৯	১	৩৯	০	২৪	৪	২৪	০	৩৯	৭	৯	০	৫৪	৯	৫৪	০
১০	১	৫০	০	২৫	৪	৩৫	০	৪০	৭	২০	০	৫৫	১০	৫	০
১১	২	১	০	২৬	৪	৪৬	০	৪১	৭	৩১	০	৫৬	১০	১৬	০
১২	২	১২	০	২৭	৪	৫৭	০	৪২	৭	৪২	০	৫৭	১০	২৭	০
১৩	২	২৩	০	২৮	৫	৮	০	৪৩	৭	৫৩	০	৫৮	১০	৩৮	০
১৪	২	৩৪	০	২৯	৫	১৯	০	৪৪	৮	৪	০	৫৯	১০	৪৯	০
১৫	২	৪৫	০	৩০	৫	৩০	০	৪৫	৮	১৫	০	৬০	১১	০	০

১ এক হইতে ৬০ ষাইট কলাতে স্বদেশীয় কন্যা ও তুলালগ্নমানের পল করিবার জন্য উপরি উক্ত চারিভাগে বিভক্ত টেবিলটী প্রস্তুত হইয়াছে। ইহার প্রথম ভাগে ১ এক হইতে ১৫ পনর পর্য্যন্ত কলাতে ঐ লগ্নমানদ্বয়ের কত পল বিপল হয় তাহা, দ্বিতীয় ভাগে ১৬ হইতে ৩০ পর্য্যন্ত কলাতে ঐ লগ্নমানদ্বয়ের কত পলাদি হইবে তাহা, তৃতীয় ভাগে ৩১ হইতে ৪৫ কলাতে ঐ লগ্নমানদ্বয়ের কত পলাদি হইবে তাহা এবং চতুর্থ ভাগে ৪৬ কলা হইতে ৬০ কলা পর্য্যন্ত ঐ লগ্নমানদ্বয়ের কত পলাদি হইবে তাহা সন্নিবেশিত হইয়াছে।

মেষ ও মীন।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল	ক,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৭।	৫৭।	৫২।	৩৪
২	১৫।	৫৫।	৪৫।	৮
৩	২৩।	৫৩।	৩৭।	৪২
৪	৩১।	৫১।	৩০।	১৬
৫	৩৯।	৪৯।	২২।	৫০
৬	৪৭।	৪৭।	১৫।	২৪
৭	৫৫।	৪৫।	৭।	৫৮

বৃষ ও কুম্ভ।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল	ক,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৬।	৫৮।	৩৬।	১৭
২	৩৭।	৫৭।	১২।	৩৩
৩	২০।	৫৫।	৪৮।	৫০
৪	২৭।	৫৪।	২৫।	৭
৫	৩৪।	৫৩।	১।	২৪
৬	৪১।	৫১।	৩৭।	৪০
৭	৪৮।	৫০।	১৩।	৫৭
৮	৫৫।	৪৮।	৫০।	১৪
৯	৬২।	৪৭।	২৬।	৩১
১০	৬৯।	৪৬।	২।	৪৭

এই টেবিলের লিখিত ক-স্থানে কলা, বি, ক,-স্থানে বিকলা, অ, ক,-স্থানে অনুকলা, এবং প্র, ক,-স্থানে প্রত্যনুকলা বুঝিতে হইবে। যথা—১ পলে ৭ কলা, ৫৭ বিকলা, ৫২ অনুকলা এবং ৩৪ প্রত্যনুকলা।

কন্যা ও তুলা।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল	ক,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৫।	২৭।	১৬।	২২
২	১০।	৫৪।	৩২।	৪৪
৩	১৬।	২১।	৪৯।	৫
৪	২১।	৪৯।	৫।	২৭
৫	২৭।	১৬।	২১।	৪৯
৬	৩২।	৪৩।	৩৮।	১১
৭	৩৮।	১০।	৫৪।	৩৩
৮	৪৩।	৩৮।	১০।	৫৫
৯	৪৯।	৫।	২৭।	১৬
১০	৫৪।	৩২।	৪৩।	৩৮
১১	৬০।	০।	০।	০

উপরোক্ত টেবিলের লিখিত ক-কলা, বি, ক,-বিকলা, অ, ক,-অনুকলা এবং প্র, ক,-প্রত্যনুকলা বুঝিতে হইবে।

মিথুন ও মকর।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল,	কলা,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৫।	৫২।	৫৬।	২৮
২	১১।	৪৫।	৫২।	৫৬
৩	১৭।	৩৮।	৪৯।	২৫
৪	২৩।	৩১।	৪৫।	৫৩
৫	২৯।	২৪।	৪২।	২১
৬	৩৫।	১৭।	৩৮।	৪৯
৭	৪১।	১০।	৩৫।	১৮
৮	৪৭।	৩।	৩১।	৪৬
৯	৫২।	৫৬।	২৮।	১৪
১০	৫৮।	৪৯।	২৪।	৪২

কর্কট, সিংহ, বৃশ্চিক ও ধনু।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল,	কলা,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৫।	২৩।	১২।	৪
২	১০।	৪৬।	২৪।	৮
৩	১৬।	৯।	৩৬।	১৩
৪	২১।	৩২।	৪৮।	১৭
৫	২৬।	৫৬।	০।	২১
৬	৩২।	১৯।	১২।	২৫
৭	৩৭।	৪২।	২৭।	৩০
৮	৪৩।	৫।	৩৬।	৩৪
৯	৪৮।	২৮।	৪৮।	৩৮
১০	৫৩।	৫২।	০।	৬২

উপরোক্ত টেবিলের লিখিত প্রথম কলমে ১ এক হইতে ১০ দশ পর্য্যন্ত পলাঙ্ক বুঝিতে হইবে। আর বি, ক-বিকলা, অ, ক,-অনুকলা, প্র, ক,-প্রত্যনুকলা বুঝিতে হইবে। যথা—১ পলে ৫ কলা, ৫২ বিকলা, ৫৬ অনুকলা এবং ২৮ প্রত্যনুকলা।